



যুক্তরাষ্ট্র ভ্রমণে
জনপ্রিয় কণ্ঠশিল্পী
কমলা হ্যারিস
পৃষ্ঠা ২৩

প্রথম আলো

Prothom Alo North America
25 July 2024, Thursday, 8th Year, Issue 384, 40 Pages



গাজার দুর্ভোগ নিয়ে
চুপ থাকব না: কমলা
হ্যারিস পৃষ্ঠা ২৬

২৫ জুলাই ২০২৪, ১০ শ্রাবণ ১৪৩১, ১৯ মহররম ১৪৪৫, বৃহস্পতিবার, ৮ম বর্ষ, সংখ্যা ৩৮৪, পৃষ্ঠা: ৪০



কমলা, বাইডেন ও ওবামা

এবার ওবামার সমর্থন পেলেন কমলা হ্যারিস

উত্তর আমেরিকা ডেস্ক

সাবেক মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা আজ জানিয়েছেন, আসন্ন নির্বাচনে ডেমোক্র্যাটিক দলের প্রার্থী হিসেবে ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিসকে সমর্থন জানাবেন তিনি।

ওবামা সমর্থন দেওয়ার আগেই বাইডেনসহ ডেমোক্র্যাটিক পার্টির প্রায় সকল প্রভাবশালী নেতার সমর্থন পেয়েছেন কমলা হ্যারিস (৫৯)।

এরপর পৃষ্ঠা ১০ কলাম ১

হাসপাতালে কয়েক হাজার আহত সাংগঠনিক ব্যর্থতার কারণ খুঁজছে আওয়ামী লীগ

কোটা সংস্কার আন্দোলন

ছররা এবং বুলেট দুই ধরনের গুলিই ছিল আহতদের শরীরে। নিহত ব্যক্তিদের বড় অংশই ছিলেন বুলেটবিদ্ধ।

ঢাকা ডেস্ক

১৮ থেকে ২১ জুলাই- চার দিনে সংঘর্ষে হতাহত কয়েক হাজার ব্যক্তিকে নেওয়া হয়েছিল রাজধানীর বিভিন্ন হাসপাতালে। তাদের মধ্যে নারী, শিশুসহ সব বয়সী মানুষ ছিলেন। অধিকাংশ ছিলেন গুলিবিদ্ধ। ছররা এবং বুলেট দুই ধরনের গুলিই ছিল আহতদের শরীরে। নিহত ব্যক্তিদের বড় অংশই ছিলেন বুলেটবিদ্ধ। ১৯ এবং ২০ জুলাই চিকিৎসা নিতে আসা আহত বেশির ভাগ বুলেট বিদ্ধ। আগের দুই দিনের আহতরা ছিলেন ছররা গুলিবিদ্ধ।

গতকাল বৃহস্পতিবার পর্যন্ত হাজারের বেশি আহত ব্যক্তি চিকিৎসাধীন ছিলেন ঢাকার বিভিন্ন সরকারি-বেসরকারি হাসপাতালে। হাসপাতাল সূত্র জানিয়েছে, হতাহতদের তথ্য পেতে



চিকিৎসা না দেওয়ায় ভাঙচুরের শিকার বাড়ার ইবনে সিনা হাসপাতাল

■ রামপুরা-বাড়ার দুই হাসপাতালেই ১৮০০ আহত

■ ছররা এবং বুলেট দুই ধরনের গুলিই ছিল আহতদের শরীরে।

রোগী ভর্তি এবং মৃত্যুর নিবন্ধন খতিয়ে দেখছে বিভিন্ন সরকারি সংস্থা। এতে আতঙ্কিত চিকিৎসাধীন ব্যক্তি ও তাদের স্বজন। বামোলা এড়াতে বেসরকারি হাসপাতাল কর্তৃপক্ষ আহতদের ছাড়পত্র

দিয়ে 'বিদায় দিচ্ছে'। শিক্ষার্থীদের কোটা সংস্কার আন্দোলনের জেরে ১৮ জুলাই থেকে

এরপর পৃষ্ঠা ১০ কলাম ৩

কোটা সংস্কার আন্দোলন

গত কয়েক দিনের কর্মকাণ্ড নিয়ে আওয়ামী লীগ নিজেদের মধ্যে মূল্যায়ন শুরু করেছে।

ঢাকা ডেস্ক

এত বড় দল। এতগুলো সহযোগী ও আত্মপ্রতিম সংগঠন। কিন্তু কোটা আন্দোলনকে ঘিরে সৃষ্ট পরিস্থিতি রাজনৈতিকভাবে মোকাবিলায় ব্যর্থ সবাই। এখন সেই ব্যর্থতার কারণ খুঁজছে ক্ষমতাসীন দল আওয়ামী লীগ। চলছে চুলচেরা বিশ্লেষণ। কোটা সংস্কারের দাবিতে শিক্ষার্থীদের আন্দোলন যখন তুঙ্গে, তখন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছিলেন, 'এদের মোকাবিলায় ছাত্রলীগই যথেষ্ট'। কিন্তু বাস্তবে হলো উল্টো। ছাত্রলীগ শিক্ষার্থীদের আবেগ, মাঠের বাস্তব চিত্র

অনুধাবন করতে তো পারেইনি; উল্টো শক্তি প্রয়োগ করতে গিয়ে নিজেরাই ক্যাম্পাস-ছাড়া হয়েছে। এই পরিস্থিতিতে শিক্ষার্থীদের শান্ত করার কোনো উদ্যোগ নেননি দলের নেতারাও। শেষে আন্দোলন

এরপর পৃষ্ঠা ১০ কলাম ১

বিএনপির 'জাতীয় ঐক্যের' ডাক

ঢাকা ডেস্ক

ন্যূনতম একদফা সরকার পতনের দাবিতে 'জাতীয় ঐক্যের' ডাক দিয়েছে বিএনপি।

দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর শুক্রবার রাতে

এরপর পৃষ্ঠা ১১ কলাম ২

আপনি যদি অসুস্থ ও শারীরিকভাবে অক্ষম হয়ে থাকেন, তাহলে আপনি আপনার সেবার জন্য বাসায় সেবাদানকারী পেতে পারেন

আমরা CDPAP-এর নতুন গ্রাহক এবং এজেন্সি ট্রান্সফার সাদরে গ্রহণ করছি

এসেনসিয়াল হোম কেয়ার
ESSENTIAL HOME CARE
MOHAMMAD HOSSAIN ISTIAQUE, CEO

Jamaica Office
170-10 Hillside Ave
Jamaica, NY 11432
Tel : 917-300-8463, 516-744-7544
Fax : 517-744-7111
E-mail : support@essentialcareny.com

Jackson Heights Office
37-18, 73 Street, Suite # 202
Jackson Heights, NY 11373
Phone: 516-744-7544, 516-605-8123,
917-300-8463, Fax : 516-744-7111
E-mail : support@essentialcareny.com

Bronx Office
2165 Starling Ave
Bronx, NY 10462
Tel: 917-970-0066
Fax: 917-970-0058
E-mail : support@essentialcareny.com

CDPAP প্রোগ্রাম এর অধীনে সেবাদানকারী হিসেবে আপনি আপনার স্বাস্থ্য, জাতীয়ত্ব, বয়স, নাকচ, পড়া-প্রতিবেদনসহ আপনার পছন্দের যে কাজকে নিজেদের দিতে পারেন

- সার্টিফিকেটের প্রয়োজন নেই
- CDPAP প্রোগ্রাম আপনার ড্রাইভিংয়ের বেতনভর বহন করবে
- আপনার পছন্দের মানুষ নিয়ে সেবা গ্রহণ করুন

NOW HIRING!
HHA/PCA

Certified Home Health aides/ Patient care assistants

- Offering Competitive hourly rates.
- Medical Benefits, 401k, Unionized.
- Referral Bonuses and Weekly direct deposit

APPLY NOW

Newal.saki@humancareny.com
718-435-1100 ext 272

Employment Requirements
What's Needed In Order To Work?

- State Photo ID
- Shore's License, Passport, Green Card, Work Permit Card Or Visa
- Citizenship (Social Security Card Or naturalization record)
- Medical Forms (Physical exam completed, Signed and stamped by a doctor)
- Laboratory Documentation (Bloodwork, TB, HIV, Hepatitis and COVID-19 Calculations)
- Reference Letters (3 Professional & 1 Personal)

Presidential & National Healthcare Champion Awardee

Home Care Agency and run by CIP Muhammad A Kader Bhuiyan (Shishir)

ALL COUNTY HOME CARE

CDPAP HHA PCA

allcountyhc@gmail.com
www.allcountyhealthny.com

718-593-0932

QUEENS BRONX BROOKLYN SUFFOLK NASSAU MANHATTAN STATEN ISLAND

Muhammad A Kader Bhuiyan (Shishir)
President & CEO

CHISHTI CPA PC
GROW YOUR BUSINESS 9 TO 5

চিশতী একাউন্টিং অ্যান্ড ট্যাক্স সার্ভিসেস
Trusted Accounting and Tax Services.
Over 13 years of Accounting and Taxation Experience.

ইনকাম ট্যাক্স আমাদের সেবাসমূহ

- ব্যক্তিগত ট্যাক্স রিটার্ন
- কর্পোরেট ট্যাক্স রিটার্ন
- স্মল বিজনেস ট্যাক্স রিটার্ন
- সেফ-এম্পলয়েড ট্যাক্স রিটার্ন (উবার, লিফট, ক্যাব ড্রাইভারস)
- একাউন্টিং বুককিপিং, ইমিগ্রেশন ফরম পূরণ, বিজনেস গঠন

ইনকাম ট্যাক্স

- Individual Tax Return
- Corporate Tax Return
- Small Businesses Tax Return
- Self-employed (Uber/Lyft/Cab drivers)

একাউন্টিং ও বুককিপিং

- Payroll
- W2s, 1099s
- Financial Statements
- Sales Tax Quarterly and year end filings

Call/email/make appointment at www.chishtiaccounting.com T:917-832-7785 C: 347-515-3858 E: chishti@chishtiaccounting.com 73-19 Broadway, Jackson Heights NY11372

Mohammed K. Chishti, CPA, MBA



Queens Social Adult
Day Care Center Inc

কুইন্স সোশাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক



কুইন্স সোশাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক একটি ডে-কেয়ার সার্ভিস সেন্টার। আমরা লিঙ্গ, জাতি অথবা ধর্ম বৈষম্যহীনভাবে সবধরনের গ্রাহক সেবা প্রদান করি। আমরা দুরারোগে অসুস্থ এবং প্রতিবন্ধী গ্রাহকদের, প্রবীণ ব্যক্তিদের নিরাপদ এবং উপযুক্ত ডে-কেয়ার সার্ভিস প্রদান করে থাকি। আমরা নিশ্চিত করি যেন গ্রাহক মানসম্পন্ন সেবা আমাদের সেন্টার থেকে পেতে পারেন যাতে করে তাকে কোন নার্সিং হোমে যেতে না হয়। মেট্রোপলিটন এলাকায় আমাদের অভিজ্ঞ কর্মীরা সর্বাঙ্গিক ডে-কেয়ার সেবা প্রদান করে থাকেন।

ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- ▶ নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ▶ ফিউডট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ▶ ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- ▶ নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- ▶ চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ▶ ওজু ও নামাজের ব্যবস্থা
- ▶ টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ▶ ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- ▶ সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা
- ▶ শিক্ষা কার্যক্রম
- ▶ কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- ▶ গ্রন্থাগার
- ▶ শারিরীক স্বাস্থ্য কার্যক্রম
- ▶ ইয়োগা, তাইচি, ব্যায়াম ও জিমের ব্যবস্থা
- ▶ ফিজিক্যাল থেরাপী

মানসিক স্বাস্থ্য পরামর্শ

- ▶ রিলাক্সেশন কিল ট্রেনিং
- ▶ পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- ▶ মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

বিনোদনমূলক কার্যক্রম

- ▶ পিকনিক
- ▶ যাদুঘর ভ্রমণ
- ▶ সমুদ্র সৈকতে পার্টি
- ▶ নৌ-ভ্রমণ ও মৎস শিকার

আধ্যাত্মিক কার্যক্রম

- ▶ শান্ত সময়
- ▶ ধ্যান

অবসর কার্যক্রম

- ▶ কেরাম বোর্ড
- ▶ লুড্
- ▶ দাবা
- ▶ ধাঁধা
- ▶ অধ্যয়ন



For details information please contact

ENGINEER MAHFUZUL HAQUE

MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain

148-41 Hillside Ave, Jamaica, NY 11435

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com



Tribune Training Academy
SECURITY GUARD & OSHA TRAINING
সিকিউরিটি গার্ড ও
ওশা লাইসেন্স ট্রেনিং
Get Your License
Today!

Contact Us
Phone: 718-790-2664
Email: tribunest@gmail.com
40-38 75th Street, Elmhurst,
NY 11373
www.tribunest.com



The Paralegal Bootcamp Training Program
Registration open for 3rd
Paralegal Bootcamp
on U.S. Immigration Law

- Exclusive focus on U.S. Immigration Law
- Job Placement Opportunity in Leading U.S. Law Firms

Class Starts from August 10, 2024
Course Duration 50 Days (16 classes)
100% Refund for Top Performers

Deadline for Registration August 01, 2024

Registration Link
info@paralegalbootcamp.us
www.paralegalbootcamp.us
301-919-5050

জ্যামাইকার সার্টিফিন বুলেভার্ডে এই প্রথম বাংলাদেশি ডাক্তার

আমরা ইমিগ্রেশনের জন্য মেডিকেল করি



মোহাম্মদ এ. ওয়াহিদ, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

আমাদের সেবাসমূহ

- যন্ত্রসহকারে পূর্ণাঙ্গ স্বাস্থ্যসেবা দেওয়া হয়
- প্রাইমারি কেয়ার/ইন্টারনাল মেডিসিন
- রক্ত, প্রস্রাব, ইকোজি, সনোগ্রাম, এলার্জি পরীক্ষার ব্যবস্থা আছে
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য ফ্লু/ভ্যাকসিন
- জব, স্কুল, টিএলসি সম্পর্কিত শারীরিক পরীক্ষা (ফিজিক্যাল এক্সাম)
- হেলথ ইনসুরেন্স ছাড়া রোগীদের বিশেষভাবে চিকিৎসার ব্যবস্থা আছে
- ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস পরীক্ষার ব্যবস্থা আছে
- স্কুল ফর্ম পূরণ, WIC ফর্ম, PAP Smear পরীক্ষা, ড্রাগ টেস্ট করা হয়
- স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- অন্য সব ধরনের চিকিৎসা অত্যন্ত যত্নসহকারে করা হয় এবং পরামর্শ দেওয়া হয়।
- আমরা প্রায় সব ধরনের ইনসুরেন্স গ্রহণ করে থাকি।
- আমাদের অফিস প্রায় ৭ দিনই খোলা।



আপনি জানেন কি?

- বাংলাদেশি ও ভারতীয় অভিবাসীদের হৃদরোগের আশঙ্কা অন্যান্য আমেরিকানদের চেয়ে বেশি।
- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখ, থাইরয়েড, এডজমা (হাঁপানি), বাতের ব্যাথা, চর্মরোগ, এলার্জি, যৌন রোগসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারীরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের আশঙ্কা সম্পর্কে জেনে নিন।



রুবিনা আক্তার, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

WAHID MEDICAL PLLC

147-28, Hillside Avenue, Jamaica, NY-11435
Tel: 718-487-3671, Fax: 718-487-3715



Gehil Associates
ATTORNEYS AT LAW
www.gehilaw.com

Grand Opening
আমরা এখন Jackson Height

74-09 37th Ave, Suite 205, Jackson Heights, NY 11372
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432

TEL: 718-263-5999
TEL: 718-577-0711
TEL 718-764-6911

- ইমিগ্রেশন • ব্যাংকিং/সেভিং • ক্রেডিট কার্ড মেটর • ডিভোর্স • সিটিজেনশিপ • চাইল্ড ক্যাটডি
- চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন • সব ধরনের ভিসা ও ফিয়ারসি ভিসা প্রসেসিং

Do you want apply for a green card? Are you being deported?
Are you having credit card problems? Are you unable to pay your debts?
Has your bank account been sealed? Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTING TO THEIR CREDITORS, PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTVCOME

CALL: 718-263-5999

*হুলনামূলকভাবে কম ফি *সক্ষা এবং সাপ্তাহান্তে এপয়েন্টিমেন্টের সুযোগ

আমরা বাংলায় কথা বলি

সুরাইয়া রহমান

Registered Nurse Required (New Jersey)



Company:
Renowned Homecare Organization

Position: Registered Nurse (RN)
Experience: New or 1/2 Years
Place: Paterson, New Jersey

Please send your resume at
info@captorusacorp.com
or call us at +1 (973) 553-2690
Application Deadline: 07/25/2024

**WE HIRING
NURSE**

Change of Visa Status (CoS)

Stay long in the USA

FROM
B1/B2/A3/I/H4
TO
F1 (Study Visa)

PREMIUM SERVICES AVAILABLE

CoS Approval WITHIN 25 DAYS

Hot Line
+1 347 507 1209
+1 347 279 8366
+1 347 476 7522

Per Person \$1000 Only
(Principal applicant only. Dependents price will be negotiated)
Give us your file and be relaxed, CIVA Team will do everything for you
(Supporting documents need to be provided)

INADDITION

- * Non-Immigration Visa Extension (Up To 240 Days)
- * Asylum Filing Within 10 Days With All Supporting
- * Reentry permit / Travel documents (From In / Out side of the USA)
- * Canada / Mexico Visa With All Support (Within 30 days)
- * EB3 (Unskilled) Application Process (AoS / NVC), Within \$18K
- * F1 (Student) School Transfer within 02 business days

USA Office:
37122, Third Street, Suite # 100,
Jackson Heights, NY-11372
Mr. Riad +1 347 476 7522
Mr. Touhert +1 347 279 8366
Mr. Jaded +1 347 476 7522
Mr. Riad +1 347 476 7522
Mr. Riad +1 347 476 7522 (New York)

CIVA Bangladesh Chapter:
87 New Carousar Road (1st floor) Malibagh, Dhaka-1217
Office Coordinator: +88 01905 434 317
Mr. Zahid: +88 01662 447 745 (Dhaka)
Mr. Bello: +88 01911 062 285 (Chittagong)
Mr. Muzam: +88 01730 996 213 (Barisal)
Mr. Muzam: +88 01716 438 063 (Sylhet)

write2civa




**55+ বয়সী প্রাপ্তবয়স্কদের জন্য
অল-ইনক্লুসিভ কেয়ার কর্মসূচি**



Medicare ও Medicaid-এর কভার করা সব পরিষেবা ও প্রেসক্রিপশনের ওষুধের জন্য একটি পরিকল্পনা:

- চিকিৎসা সেবা
- ভিজিটিং নার্স
- দাঁত, দৃষ্টি, শ্রবণ
- প্রেসক্রিপশনের ওষুধ
- ওভার-দ্যা-কাউন্টার (OTC)
- শারীরিক ও অকুপেশনাল থেরাপি
- বাড়িতে স্বাস্থ্য সহায়তাকারী
- প্রাপ্তবয়স্কদের ডে সেন্টার
- বিনোদন ও আহাার
- পরিবহন এবং অন্যান্য!



সেইসাথে - প্রাত্যহিক জিনিসপত্র যেমন মুদি এবং প্রসাধন সামগ্রী ব্যবহারের জন্য আমাদের My Needs Card নিন**

আরো তথ্যের জন্য, ফোন করুন:

1-877-286-PACE (7223) | TTY 711 MON-FRI 8AM-8PM

centerlighthealthcare.org

*পরিষেবা, প্রেসক্রিপশনের ওষুধ এবং IDT দ্বারা নির্ধারিত OTC-এর জন্য চিকিৎসাগত আবশ্যকতা।

**My Needs Card, PACE স্ট্যান্ডার্ড বেনিফিট প্যাকেজের অধীনে প্রযোজনীয় বা ইতোমধ্যে সরবরাহ করা Medicare এবং/অথবা Medicaid-এর কভার করা পরিষেবাগুলির বিকল্প নয়।

H3329_KeepingPACE2022_Newspaper_Approved 10132022 Bengali

**বার্ধক্যের গতির সাথে
তাল মিলিয়ে চলা**

দেশের আনাচে-কানাচে খুঁজে অপরাধীদের বের করে বিচারের মুখোমুখি করুন: প্রধানমন্ত্রী

ঢাকা ডেস্ক

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিএনপি-জামায়াত ও শিবির দেশের উন্নয়নকে ক্ষতিগ্রস্ত করার পাশাপাশি বিদেশে দেশের ভাবমূর্তি ক্ষুণ্ণ করতে দেশব্যাপী তাগুব চালিয়েছে।

তিনি এই ধ্বংসাত্মক সঙ্কে জড়িত অপরাধীদের গ্রেপ্তার করে বিচারের আওতায় আনতে সহায়তা করার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন।

মেট্রোরেল, বিটিভিসহ বিভিন্ন স্থাপনা ধ্বংসের প্রসঙ্গ উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, ‘যারা এসবের সঙ্কে জড়িত, সারা বাংলাদেশের আনাচে-কানাচে যে যেখানে আছে তাদের খুঁজে বের করুন। তাদের শান্তির ব্যবস্থা করার জন্য সহযোগিতা করুন। আমি দেশবাসীর কাছে এই আহ্বান জানাচ্ছি।’

প্রধানমন্ত্রী আজ শুক্রবার সকালে গত ১৮ জুলাই কোটা বিরোধী আন্দোলনকে কেন্দ্র করে রামপুরায় বাংলাদেশ টেলিভিশন ভবনে চালানো ধ্বংসাত্মক পরিদর্শন শেষে এ কথা বলেন।

১৯৯৬ সালে ২১ বছর পর সরকারে এসে এবং দ্বিতীয় মেয়াদে ২০০৯ সালে সরকার গঠন করার পর থেকে তার সরকার বিটিভির উন্নয়ন ও আধুনিক যন্ত্রপাতি সজ্জিত করেছে উল্লেখ করে শেখ হাসিনা বলেন, ‘আজ এত বছর পর এসে দেখা গেল সেই ৭১ সালে পাকিস্তানি হানাদার বাহিনীর যে নারকীয় তাগুব তারই যেন একটা বীভৎস রূপ বাংলার মানুষ দেখছে।’

প্রধানমন্ত্রী ২০১৩ সালে বিভিন্ন যানবাহন ও সরকারি স্থাপনায় অগ্নিসংযোগের প্রসঙ্গ টেনে বলেন, ‘এবার কোটা সংস্কার আন্দোলনকে পুঁজি করে ব্যাপক ধ্বংসাত্মক চালানো হলো।’

তিনি বলেন, ‘তবে, এবারের আগুন লাগানোর ধরন আগেরগুলোর তুলনায় আলাদা। তারা এবার আগুন লাগাতে গান পাউডার ব্যবহার করেছে এবং কিছুক্ষণের মধ্যেই সবকিছু পুড়ে ছাই হয়ে গেছে।’

শেখ হাসিনা বলেন, পাকিস্তানি হানাদার বাহিনী কিন্তু টেলিভিশনের ওপর হাত দেয়নি বা কেউই কখনো দেয়নি। কিন্তু আজ এই টেলিভিশন সেন্টারকে যারা এভাবে পোড়ালো, একটা কিছু নেই যে তাদের হাত থেকে রক্ষা পেয়েছে।

রাষ্ট্রীয় সন্ত্রাস আড়াল করতে বিএনপিকর্মীদের গ্রেপ্তার: ফখরুল

ঢাকা ডেস্ক

রাষ্ট্রীয় সন্ত্রাস আড়াল করতে বিএনপির নেতাকর্মীদের গ্রেপ্তার করা হচ্ছে বলে অভিযোগ করেছেন বিএনপি মহাসচিব মিজা ফখরুল ইসলাম আলমগীর। বৃহস্পতিবার, গণমাধ্যমে পার্থানো এক বিবৃতিতে তিনি এ অভিযোগ করেন।

এ সময় সহিংসতার পুরো ঘটনা ও হত্যাকাণ্ডের আন্তর্জাতিক তদন্তের দাবি জানান বিএনপি মহাসচিব।

বিবৃতিতে মিজা ফখরুল বলেন, আন্দোলনে ভূমিকা রাখার মিথ্যা অভিযোগে ঢালাওভাবে বিএনপি ও বিরোধীদের নেতাকর্মীদের ওপর সরকার এবং আইনশৃঙ্খলা বাহিনীর কতিপয় সদস্য দোষারোপ করছে।

বিএনপি মহাসচিবের দাবি, দেশব্যাপী বিএনপিসহ বিরোধীদল ও মতের মানুষদের নির্বিচারে গ্রেপ্তার করা হচ্ছে। সারাদেশে গ্রেপ্তারের ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে সবার মুক্তির দাবি জানান ফখরুল।

বিবৃতিতে, বার্তার দায় নিয়ে অবিলম্বে সরকারের পদত্যাগ দাবিও করেন বিএনপি মহাসচিব মিজা ফখরুল ইসলাম আলমগীর।

সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে শিক্ষার্থীদের আন্দোলনে এক পর্যায়ে ব্যাপক সহিংসতা ছড়িয়ে পড়ে। এতে দেশের বিভিন্ন অঞ্চলে শতাধিক মানুষ নিহত হন। আহত হন অসংখ্য। শিক্ষার্থীদের এ আন্দোলনের শুরু থেকেই সমর্থন দেয় বিএনপি।

সরকারের দাবি, শিক্ষার্থীদের শান্তিপূর্ণ আন্দোলনে বিএনপি ও জামায়াত-শিবিরের নেতাকর্মীরা ছদ্মবেশে প্রবেশ করে সহিংসতা উসকে দেয়। ভাঙচুর ও অগ্নিসংযোগ করা হয় রাষ্ট্রীয় সম্প্রচার মাধ্যম বিটিভি, বনানীর সেতুভবন, মহাখালির দুর্যোগ ব্যবস্থাপনা ভবন, মেট্রোরেল স্টেশনসহ বিভিন্ন সরকারি স্থাপনায়।

চট্টগ্রামে সংঘর্ষ: প্রাইভেটকারে আসে অস্ত্র, নেতৃত্ব দেন যুবলীগ নেতা বাবর

ঢাকা ডেস্ক

চট্টগ্রামে মঙ্গলবার সংঘর্ষের সময় আন্দোলনকারী শিক্ষার্থীদের লক্ষ্য করে সংঘর্ষে গুলি বর্ষণের ঘটনা ঘটেছে। এতে তিনজন নিহত হয়েছেন। অস্ত্রধারীদের ছবি ও পরিচয় সংবাদমাধ্যমে এসেছে। কিন্তু এ বিষয়ে পুলিশ এখনো কোনো পদক্ষেপ নেয়নি।

যদিও সংঘর্ষের ঘটনায় পুলিশ বাদী হয়ে দুটি মামলা ও আহত পরিবারের পক্ষ আরও দুটি মামলা করা হয়েছে। এ মামলায় যাদের গ্রেপ্তার দেখানো হয়েছে, তাঁরা ছাত্রদল, যুবদল, বাম ছাত্রসংগঠনসহ কোটা সংস্কার আন্দোলনকারী শিক্ষার্থী বলে জানা গেছে।

এ বিষয়ে জানতে চাইলে চট্টগ্রাম মহানগর পুলিশের উপকমিশনার (ডিসি) মোখলেসুর রহমান আজকের বক্তব্যে বলেন, ‘এই সংঘর্ষের ঘটনায় চারটি মামলা হয়েছে। আর ঘটনার সময় অবৈধ অস্ত্র ব্যবহারের বিষয়ে জড়িতদের বিরুদ্ধে অবশ্যই আইনগত ব্যবস্থা নেওয়া হবে। ছাত্র দেওয়া হবে না। তবে এটা সময় লাগবে। আপনারা তো অবস্থা বুঝছেন। ঝামেলার মধ্যে আছি।’

চট্টগ্রামে শিক্ষার্থীদের ওপর গুলি, এই ৪ অস্ত্রধারীর পরিচয় কীচট্টগ্রামে শিক্ষার্থীদের ওপর গুলি, এই ৪ অস্ত্রধারীর পরিচয় কী

অনুসন্ধানে জানা গেছে, গতকাল মঙ্গলবারের সংঘর্ষে যেসব অস্ত্র দিয়ে গুলি করা হয়েছে, সেগুলোর কয়েকটি একটি প্রাইভেটকারে করে সরবরাহ করা হয়েছে। চট্ট মেট্রো-গ-১৪-৩২২১ নিবন্ধন নম্বরের প্রাইভেটকারটির মালিক যুবলীগ নেতা হেলাল আকবর চৌধুরী বাবরের ঘনিষ্ঠ জাফর উল্লাহ নামে এক ব্যক্তি। ঘটনার দিন ওই গাড়িতে করে এসে কেন্দ্রীয় যুবলীগের সাবেক নেতা ও সিআরবির ট্রিপল মার্ভার মামলার আসামি হেলাল আকবর চৌধুরী বাবর মিছিলে নেতৃত্ব দেন।

সামাজিক যোগাযোগ মাধ্যমসহ একাধিক সোর্স থেকে পাওয়া ছবিতে



দেখা গেছে, সংঘর্ষে পাঁচ যুবককে প্রকাশ্যে গুলি করতে দেখা গেছে। তাঁদের মধ্যে জাফর উল্লাহও রয়েছেন। তাঁদের হাতে ছিল দুটি এলজি, দুটি পিস্তল ও একটি শটগান।

পৃথক আরেকটি ছবিতে দেখা যায়, সংঘর্ষের সময় ওই প্রাইভেটকার যোলাশহর এলাকায় অবস্থান করছিল। যুবলীগের নেতা-কর্মীরা তখন গাড়ির পাশে দাঁড়িয়ে ছিলেন। এরপর সেই ব্যাগগুলো কাঁধে নেন বেশ কয়েকজন। এরপর গাড়িটি সেখান থেকে চলে যায়।

সরেজমিন ও সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, মঙ্গলবার দুপুরের দিকে নগরীর মুরাদপুর ও যোলাশহর রেলস্টেশনে অবস্থান নিতে শুরু করে ছাত্রলীগ, যুবলীগ ও স্বেচ্ছাসেবক লীগের নেতা-কর্মীরা।

বেলা আড়াইটার পর থেকে বিভিন্ন এলাকা থেকে কোটা সংস্কার আন্দোলনকারী শিক্ষার্থীরা মুরাদপুরসহ যোলাশহর স্টেশনে জড়ো হওয়ার চেষ্টা করে। এ সময় মুরাদপুরে অবস্থান করা ছাত্রলীগের নেতা-কর্মীরা সাধারণ শিক্ষার্থীদের ধাওয়া দেয়। পরে আন্দোলনকারীরা আবার মুরাদপুরে জড়ো হয়ে ছাত্রলীগ নেতা-কর্মীদের ধাওয়া দিলে তারা পিছু হটে যোলাশহর স্টেশনের দিকে চলে যায়। পরে আবার জড়ো হয়ে মুরাদপুরে অগ্রসর হয়ে আন্দোলনকারী শিক্ষার্থীদের ধাওয়া দিলে সংঘর্ষের সূত্রপাত হয়।

প্রত্যক্ষদর্শীদের তথ্য অনুসারে, ওই

সময় ছাত্রলীগ-যুবলীগের কয়েকজন গুলি ছুড়তে ছুড়তে আন্দোলনকারীদের ধাওয়া করে। পরে দ্বিতীয় দফা ধাওয়ার সময় একটি সাদা রঙের প্রাইভেটকার তাদের পেছনে ছিল। এর আগে সেই সাদা প্রাইভেটকার থেকে কয়েকটি ব্যাগ নামানো হয়। পরে অস্ত্রধারীরা হেলমেট পরে গুলি ছুড়তে ছুড়তে আন্দোলনকারীদের দিকে এগিয়ে যায়।

যোলাশহর দুই নম্বর গেট এলাকার এক সংবাদকর্মীর তথ্যমতে, সংঘর্ষের আগে যুবলীগ নেতা হেলাল আকবর চৌধুরী বাবর যোলাশহর দুই নম্বর গেট মোড়ে একটি সাদা প্রাইভেটকারে করে এসেছিলেন। পরে সেখানে তিনি নেমে নেতা-কর্মীদের নিয়ে যোলাশহরমুখী রাস্তায় একটি মিছিলে নেতৃত্ব দেন। কারও ইশারায় পরে তিনি সরে যান।

সংঘর্ষের সময় অস্ত্রধারীদের মধ্যে পাঁচজনের ছবি চিহ্নিত করা গেছে। এর মধ্যে চারজনের দলীয় পরিচয় জানা গেছে। তাঁরা হলেন-যুবলীগের ফিরোজ, জাফর, মিঠু ও স্বেচ্ছাসেবক লীগের দেলোয়ার। এরা যুবলীগের সাবেক নেতা হেলাল আকবর চৌধুরী ও সাবেক ছাত্রলীগ নেতা নুরুল আজিম রনির অনুসারী বলে পরিচিত। বাকি একজনের পরিচয় এখনো নিশ্চিত হওয়া যায়নি।

এ বিষয়ে জানতে হেলাল আকবর চৌধুরীর মোবাইল ফোনে কল করলে তিনি সাড়া দেননি। অভিযোগের বিষয়টি উল্লেখ করে এসএমএস পাঠালেও তাঁর সাড়া মেলেনি।

আমরা সর্বোচ্চ পেমেট করে থাকি

Contact with us
718-874-0047
Email:
info@yourdreamhomecare.com

নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ-এর (CDPAP) প্রোগ্রামের অধীনে কোনো HHA সার্টিফিকেশন ছাড়াই হোম কেয়ারের মাধ্যমে ঘরে বসেই আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ি, আত্মীয়-স্বজন, প্রতিবেশী ও প্রিয়জনদের সেবা দিয়ে আপনি প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন এবং সেবা প্রদানকারীকে নিরীক্ষণ করতে পারেন।

YOUR DREAM HOME CARE

Get paid to take care of your loved ones

আপনার বিশ্বস্ত হোম কেয়ার এজেন্সী

37-18, 73 Street, Suite # 402, Jackson Heights, NY 11372

718-874-0047
Email: info@yourdreamhomecare.com
www.yourdreamhomecare.com

প্রতি সোম, বুধ ও শুক্রবার বাসা ভাড়া, মেডিকেইড ও ফুড স্ট্যাম্পের আবেদনে আমরা সহায়তা করি।

পারিবারিক স্বাস্থ্যসেবা সম্পর্কে বিস্তারিত জানতে যোগাযোগ করুন

Head Office
37-18, 73 Street, Suite # 402
Jackson Heights, NY 11372
(718) 874-0047, 917-560-0129

M AZIZ
CEO & President
Your Dream Home Care
Ex-President & Chairman
Board of Trustee
Bangladesh Society Inc. USA

1088 Liberty Avenue,
Brooklyn NY 11208
(929) 283-8432

Mohammad Khair
97-01 Sutphin, Blvd
Jamaica NY 11435
718-755-0153, (718) 874-0047

Ozone Park Office
7721-101 Ave. Ozone Park
New York 11416
(718) 874-0047, 347-771-0115

এ কাজের জন্য প্রশিক্ষণের প্রয়োজন নাই।

আমরা কোনো ফি নেই না।

আপনার প্রিয়জনের সমস্ত খরচ মেডিকেইড বহন করবে এবং এটি সম্পূর্ণ আইনসম্মত।

কেইস ট্রান্সফারের মাধ্যমে বেশি অর্থ উপার্জন করুন।

Jamaica Office:
168-47 Hillside Ave, 2nd Floor
Jamaica, NY 11432
(929) 400-4785, (718) 874-0047

Ozone Park Office
720 Liberty Ave, Brooklyn NY 11208
(646) 500-1657, (718) 874-0047

Fulton Office:
584 Nostrand Ave. NY 11216
(646) 5001657

Bangladesh Plaza
3105 Bally Ave. Buffalo NY 14215
(347) 357-4252, (347) 520-9699

Bronx Office
2140 Starling Ave.
Bronx, NY 10462
917-391-4841, 718-874-0047 (Office)
Fax 718-874-0069

Buffalo Office:
1155 Broadway Buffalo, NY 14212
(347) 335-3617, (718) 874-0047

1299 Harlam Road
Buffalo, NY 14094
(716) 400 1446

Albany Office
114 Quail St,
Albany, NY 12206
518-379-5496, 518-243-9096,
718-864-2061

সম্পাদকীয়

কমলা হ্যারিস

আসন্ন মার্কিন নির্বাচন থেকে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন সরে দাঁড়িয়েছেন। এ বছরের নভেম্বরে হবে নির্বাচন। ফলে ডেমোক্রেটিক পার্টির জন্য এই অল্প সময়ের মধ্যে নতুন নেতা বাছাই করা কঠিন হয়ে পড়েছে। বাইডেন নিজেও অবশ্য ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিসকেই ডেমোক্রেটিক পার্টির উপযুক্ত প্রার্থী হিসেবে ভাবছেন। যেহেতু প্রাইমারিতে বাইডেনের সঙ্গে প্রতিযোগিতা করতে পারে—এমন কোনো নাম দেখা যায়নি, তাই সম্ভবত এবার ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিসই হচ্ছেন ডেমোক্র্যাট প্রার্থী। আগামী নির্বাচনে রিপাবলিকান পার্টির প্রার্থী ডোনাল্ড ট্রাম্পকে মোকাবিলা করার জন্য কমলা হ্যারিসই নির্বাচিত হচ্ছেন কি না, তা জানা যাবে আগামী মাসে ডেমোক্র্যাটদের সম্মেলনে। ইতিমধ্যে মার্কিন সংবাদমাধ্যমজুড়ে কমলা হ্যারিসকে নিয়ে আলোচনা শুরু হয়ে গেছে।

যুক্তরাষ্ট্রের রাজনীতিতে এ সময়টায় নানা নাটকীয়তার জন্ম হয়েছে। গত ২৭ জুন সরাসরি বিতর্কে অংশ নিয়েছিলেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ও রিপাবলিকান প্রার্থী এবং সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সেই বিতর্কে বিশাল ব্যবধানে জয়ী হন ট্রাম্প। ৮১ বছর বয়সী বাইডেনের পারফরম্যান্সে ডেমোক্র্যাটরা হতাশ হয়েছেন। অনেকে তাঁকে নির্বাচন থেকে সরে দাঁড়াতে বলেছেন; বিশেষ করে দাতাদের অনেকে ঈশিয়ারি দিয়েছেন, বাইডেনে প্রার্থী হলে তারা নির্বাচন পরিত্যাগনার জন্য অর্থ দেবেন না। কিন্তু জো বাইডেন নিজে মনে করেছেন, নির্বাচনী মাঠে ডেমোক্র্যাটদের পক্ষে তিনিই একমাত্র যোগ্য প্রার্থী। নির্বাচনী হিসাব-নিকাশ দ্রুত পরিবর্তিত হয়ে যায় ১৩ জুলাই পেনসিলভানিয়া রাজ্যে নির্বাচনী প্রচারে থাকার সময় ডোনাল্ড ট্রাম্পের ওপর গুলিবর্ষণ করা হলে। তিনি অল্পের জন্য রক্ষা পান।

১৫ জুলাই রিপাবলিকান পার্টির জাতীয় সম্মেলনে কানে ব্যান্ডেজ নিয়েই হাজির হন ট্রাম্প। তাঁকেই প্রেসিডেন্ট পদপ্রার্থী ঘোষণা করা হয়। রানিংমেট হিসেবে ট্রাম্প বেছে নেন ওহাইওর সিনেটর জে ডি ভাঙ্গাসকে।

বিভিন্ন দিক থেকে চাপ এলেও বাইডেন নির্বাচনে অংশ নেওয়ার ব্যাপারে দৃঢ়প্রতিজ্ঞ ছিলেন। তিনি যে খানিকটা ডিমেনশিয়ায় ভুগছেন, এ রকমও দেখা যায়। কিন্তু নিজ ভাবনায় অনড় থাকা বাইডেন আগামী কয়েক বছরের জন্য প্রেসিডেন্টের দায়িত্ব নিয়ে ক্ষমতা সামলাতে পারবেন কি না, তা নিয়ে প্রশ্ন ওঠে। তাঁকে নির্বাচন থেকে সরে দাঁড়ানোর দাবি উঠতে থাকে। অবশেষে বাইডেনের দেহে করোনা শনাক্ত হলে তিনি নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দেন।

মনে হচ্ছে, কমলা হ্যারিসই ডেমোক্র্যাটদের হয়ে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবেন। যুক্তরাষ্ট্র এখন পর্যন্ত কোনো নারী প্রেসিডেন্ট পায়নি। হিলারি ক্লিনটন খুবই প্রতিশ্রুতিশীল একজন প্রার্থী হয়েও নির্বাচনে ডোনাল্ড ট্রাম্পের কাছে পরাজিত হয়েছিলেন। তবে সে সময় মার্কিন দেশে আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ যে পরিস্থিতি ছিল, সেটাও তাঁর জয়ের বিরুদ্ধে প্রতিবন্ধক হয়ে দাঁড়িয়েছিল। কমলা হ্যারিসের পারিবারিক পরিচয়ে কৃষ্ণাঙ্গ, এশীয়, শ্রোতাঙ্গ—সব ধরনের প্রতিনিধিত্ব আছে বলে অনেকে মনে করছেন, তিনি একজন শক্ত প্রার্থীই হবেন।

ট্রাম্প নাকি কমলা হ্যারিস—কে হচ্ছেন পরবর্তী মার্কিন প্রেসিডেন্ট—নভেম্বরই বলে দেবে।

স্বাভাবিক হয়ে আসছে জনজীবন অর্থনীতিতে স্বস্তি ফেরানো জরুরি

কোটা সংস্কার আন্দোলন ঘিরে ব্যাপক নাশকতা ও তাণ্ডবের মধ্যে সারা দেশে কারফিউ জারির পর ধীরে ধীরে স্বাভাবিক হয়ে আসছে জনজীবন। মানুষের চলাচল ও কাজে অংশগ্রহণ বেড়েছে। স্বাভাবিক অবস্থা ফিরে আসার মধ্যে কোথাও কোথাও কারফিউ শিথিলের সময় বাড়ানো হচ্ছে। বিভিন্ন গন্ত্যে দূরপাল্লার বাস ছাড়তে শুরু করেছে। বাজারহাট, দোকানপাট ও অফিস-আদালতে স্বাভাবিক কাজকর্ম চলছে।

ব্যাপক নাশকতা ও সহিংসতার মধ্যে গত শুক্রবার মাঝরাত থেকে কারফিউ জারি করে সেনা মোতায়েন করা হয়। ঘোষণা করা হয় সাধারণ ছুটি। অবশ্য কারফিউ জারির একদিন পর থেকেই কিছু সময় করে শিথিল করা হয়। বুধবার থেকে খুলে দেওয়া হয় সরকারি-বেসরকারি অফিস-আদালত। বৃহস্পতিবার সময়ের আলো থেকে জানা যায়, দেশের সার্বিক পরিস্থিতি ক্রমেই স্বাভাবিক হয়ে আসছে। চলমান কারফিউ আরও শিথিল করেছে সরকার। চালু হয়েছে সব সরকারি-বেসরকারি অফিস। বুধবার বেলা ১১টা থেকে ওটা পর্যন্ত অফিসগুলোর সার্বিক কার্যক্রম চলে। এদিন সকাল থেকে রাজধানীর কোথাও কোনো সংঘাত-সহিংসতা ছিল না। সার্বিক পরিস্থিতি স্বাভাবিক দেখা গেছে। সড়কে যানবাহন আগের চেয়ে বেড়েছে। সেনাবাহিনী ও পুলিশের টহল আগের মতোই আছে রাজধানীর বিভিন্ন পর্যাটে। মহাসড়কগুলোতে দূরপাল্লার যানবাহন চলাচল শুরু হয়েছে।

বৃহস্পতিবার রাজধানী ঢাকার পথেঘাটে তীব্র যানজটও দেখা গেছে। যানজটের কারণে অনেক এলাকার সড়ক অনেকটা স্থবির হয়ে পড়ে। সীমিত পরিসরে বিপণিবিতান ও দোকানপাট খুলেছে। পোশাক কারখানা চালু হওয়ায় কর্মচাঞ্চল্য ফিরেছে। শ্রোত্রবাজারসহ বাণিজ্যিক ব্যাকক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর কিছু শাখায় লেনদেন হয়েছে। তবে পে-অর্ডার, ঋণপত্র (এলসি) খুলতে না পেরে ভোগান্তিতে পড়েন অনেক গ্রাহক। বাজারে অলস সময় পার করছেন ব্যবসায়ীরা। ট্রেন চলাচল পুরোপুরি বন্ধ থাকলেও বৃহস্পতিবার থেকে চালু হওয়ার কথা রয়েছে। জানা গেছে, কারফিউ শিথিল অবস্থায় বৃহস্পতিবার থেকে স্বল্প দূরত্বে কিছু যাত্রীবাহী ট্রেন চলবে। এদিকে কিছু কিছু এলাকায় মঙ্গলবার থেকেই পরীক্ষামূলকভাবে ব্রডব্যন্ড ইন্টারনেট চালু হলেও বুধবার থেকে সারা দেশে বাসাবাড়িতে ইন্টারনেট চালু হয়েছে। রবি-সোমবার মোবাইল ইন্টারনেট চালু হবে বলে জানিয়েছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক।

আন্দোলনের সামনে রেখে দুকৃত্তকারীরা রাষ্ট্রীয় সম্পদের ব্যাপক ক্ষয়ক্ষতি করেছে। এ অবস্থায় দীর্ঘদিন থেকে চলমান উচ্চ মূল্যাক্ষীত, ডলার সংকট, রিজার্ভ পতন প্রভৃতি সমস্যা আরও ব্যাপক আকারে দেখা দেবে বলে অর্থনীতিবিদদের আশঙ্কা। আমরা মনে করি, কোটা সংস্কার আন্দোলনকে ঘিরে যে অস্থিতিশীল ও অনিশ্চয়তার পরিবেশ সৃষ্টি করা হয়েছিল, তার অনেকটাই কেটে গেছে। স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান জানিয়েছেন, চলমান কারফিউ দ্রুত তুলে নেওয়া হবে এবং এ নিয়ে সরকার কাজ করছে। আমরা প্রত্যাশা করি, দেশ ও অর্থনীতিতে স্বস্তি ফেরাতে দ্রুতই এসব সমস্যার সমাধানে সংশ্লিষ্ট সংস্থা ও প্রতিষ্ঠানগুলো কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে।

তাৎক্ষণিক উত্তর, ‘জানের’। অর্থাৎ তাদের কাছে নিজের জানের মূল্য বেশি, কিন্তু অন্যদের ক্ষেত্রে জানের চেয়ে মালের। বুঝতে পারেনি তার প্রশ্নের উত্তর তার বিরুদ্ধেই যাচ্ছে।

এক ছজুর, ইহকালের সব অর্থীন। এসব আন্দোলনের চেয়ে ধর্মের দিকে মনযোগ বেশি দেয়ার কথা বলছিলেন। রিকশার জন্য দাঁড়িয়ে আছি। বাস নেই। পাশে ছজুরের বকর-বকর। তাকে প্রশ্ন করলাম, ইসলামের একটি অর্থ হলো ‘শান্তি’, তো আরবে কিসের শান্তি আনার জন্য ইসলামের সৃষ্টি হয়েছিলো? আইয়ামে জাহেলিয়াত, অর্থাৎ অত্যাচার-অবিচারের অবসানের জন্যই তো ইসলাম মানে ‘শান্তি’র সৃষ্টি। ইসলামে তাহলে প্রাধান্যের প্রথম পাঠটা কী? ছজুর নিরুত্তর। আমি বললাম, জুলুমের বিরুদ্ধে, মজলুমের পাশে দাঁড়ানো। ছজুর খাখীতি নিরুত্তর।

এক টেলিভিশনে আলুর বাম্পার ফলন বিষয়ক প্রতিবেদন দেখাচ্ছে। মনে পড়ে গেলো দুই ‘ডাবল ভদ্রলোক’ এর কথা, মঈন ইউ আহমেদ আর ফখরুদ্দিন। যারা সুদিনের কথা বলে ক্ষমতা দখল করেছিলেন। মঈন ইউ আহমেদ তখন সেনা প্রধান,

জাফর ইকবাল। ধুং, বাদ দিই। ভাই হুমায়ুন আহমেদই তো তার গর্তবাসের কথা বলে গেছেন। হুমায়ুন আহমেদের সন্তানরা দাঁড়িয়েছেন শিক্ষার্থীদের পাশে।

চালের দাম বেড়েছে। তিনি যেখানেই যান বলেন, ‘বেশি করে আলু খান, ভাতের উপর চাপ কমান’, এমন কথা। ‘ডাবল ভদ্রলোক’দ্বয়কে পেলে প্রশ্ন করতাম, দেশি আলুর দাম এখন আশি টাকা, মোটা চাল পয়ষটি, এখন কী খেয়ে কীসের উপর চাপ কমাবে? আর সেই টেলিভিশনের বার্তা প্রধানকে জিজ্ঞেস করতে ইচ্ছে করে, আলুর বাম্পার ফলনেও দাম কমে না কেন, এমন অনুসন্ধান করার মতন কোনো প্রতিবেদক তার কাছে আছে কিনা? নাকি তার মতন ‘ডাবল ভদ্রলোক’ দিয়ে ভরা পুরো বার্তাজগত! ‘ডাবল ভদ্রলোক’ বিয়টি বলি নিই। রাস্তার পাশে মলম বেচার মজায় ক্যানভাসা’র

ট্রাম্পকে কীভাবে রুখবেন কমলা জায়েদ উল এহসান

এ সপ্তাহের বিশ্বে সবচেয়ে আলোচিত খবরটি হচ্ছে, যুক্তরাষ্ট্রে নির্বাচনি দৌড় থেকে সরে দাঁড়িয়েছেন প্রেসিডেন্ট জো বাইডেন। তার জায়গায় ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিসকে প্রেসিডেন্ট পদপ্রার্থী হিসেবে সমর্থন দিয়েছেন তিনি।

বয়সের ভারে দুর্বল হয়ে পড়া প্রেসিডেন্ট বাইডেনের ওপর সম্প্রতি নিজ ডেমোক্র্যাট দল থেকেই নভেম্বরের আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনি দৌড় থেকে সরে দাঁড়ানোর জন্য চাপ জোরদার হচ্ছিল।

প্রতিপক্ষ প্রেসিডেন্ট প্রার্থী রিপাবলিকান ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে গত জুনে মুখোমুখি বিতর্কে খারাপ ফল করার পর থেকেই তার ওপর সরে যাওয়ার নিয়ে চাপ সৃষ্টি হয়। এর মধ্যে গত সপ্তাহে বাইডেন নতুন করে কোভিড আক্রান্ত হওয়ার পর সে চাপ আরও জোরদার হয়। ক্রমাগত চাপের মুখে বাইডেন রোববার সরে দাঁড়ানোর ঘোষণা দিয়ে বলেছেন, দল ও দেশের স্বার্থেই তিনি এ সিদ্ধান্ত নিয়েছেন।

বাইডেন সরে যাওয়ায় এখন নির্বাচনে প্রেসিডেন্ট পদে সবচেয়ে বয়স্ক প্রার্থী হিসেবে রইলেন সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এদিকে তার প্রতিপক্ষ প্রেসিডেন্ট প্রার্থী হিসেবে বেশিরভাগ ডেমোক্র্যাটেরই সমর্থন পাচ্ছেন কমলা হ্যারিস। সাবেক মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিনটন এবং হিলারি ক্লিনটনও সমর্থন দিয়েছেন কমলা হ্যারিসকে। হ্যারিস এতদিন বাইডেনকেই প্রেসিডেন্ট হয়ে প্রার্থী হিসেবে সমর্থন দিয়ে এসেছেন। তবে তাকে অনুরোধ জানানো হলে তিনি প্রেসিডেন্ট পদে অভিষিক্ত হতে প্রস্তুত আছেন।

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনের মনোনয়ন দৌড় থেকে সরে দাঁড়িয়ে তার স্থানে ডেমোক্রেটিক পার্টির প্রার্থী হিসেবে বুড়ো বাইডেন সমর্থন দিয়েছেন কমলা হ্যারিসকে, যিনি আগামী নভেম্বরে অনুষ্ঠেয় ভোটে রিপাবলিকান পার্টির প্রার্থী ডোনাল্ড ট্রাম্পকে মোকাবিলা করতে যাচ্ছেন। প্রেসিডেন্ট পদে ডেমোক্র্যাট প্রার্থী হওয়ার দৌড়ে কমলা উঠে আসায় নভেম্বরের ভোটে ঘিরে যুক্তরাষ্ট্রের রাজনীতিতে নতুন মাত্রা যুক্ত হয়েছে। তবে ট্রাম্পের চেয়ে জনপ্রিয়তা কিছুটা পিছিয়ে থাকা কমলা কীভাবে পার হবেন নির্বাচনের বৈতরণী? কীভাবে ‘ট্রাম্প জোয়ার’ রুখে দেবেন? পারবেন কি যুক্তরাষ্ট্রের ইতিহাসে প্রথম নারী প্রেসিডেন্ট হতে? এসব প্রশ্ন সামনে এনে শুরু হয়েছে পর্যালোচনা। মনোনায়ন না হয় পেলেন কিন্তু ভোটে জেতার জন্য কী পাচ্ছেন কমলা হ্যারিস?

যুক্তরাষ্ট্রের স্থানীয় সময় রোববার বাইডেন এক বিবৃতিতে ঘোষণা দেন, প্রেসিডেন্ট পদের দৌড় থেকে সরে দাঁড়াচ্ছেন তিনি। বিবৃতিতে তিনি বলেন, সেবা করা সবচেয়ে বেশি সম্মানের কিন্তু সরে দাঁড়ানোর সিদ্ধান্ত তার দল ও দেশের সর্বোত্তম স্বার্থে। বাইডেন তার প্রথম বিবৃতিতে প্রেসিডেন্ট প্রার্থিতায় উত্তরসূরি হিসেবে কমলার নাম বলেননি। তবে কিছু সময় পর সেটি পরিষ্কার করেন। আরেকটি বিবৃতি দিয়ে কমলাকে সমর্থনের কথা জানান বাইডেন। বলেন, তার নাম প্রস্তাব করতে পেরে নিজেকে সম্মানিত বোধ করছেন তিনি।

কমলাকে বাইডেন বলেন, তার মনোনয়ন চূড়ান্ত হবে, তিনি ভোটে প্রার্থী হবেন এবং ট্রাম্পের বিরুদ্ধে তিনিই জিতবেন। শুধু তাই নয়, ট্রাম্পের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রকে একাবদ্ধও করবেন কমলা। এত দিন প্রার্থী হওয়ার দৌড়ে থাকা বাইডেন হঠাৎ সরে দাঁড়ানায় কমলা সুযোগ পাচ্ছেন ঠিকই, তবে সেটি ট্রাম্পকে পরাজিত করার জন্য যথেষ্ট নয় বলে মনে করছে অনেকে।

বাইডেন যেদিন সরে দাঁড়ানোর ঘোষণা দেন, সেদিনও প্রেসিডেন্ট পদে প্রার্থী হিসেবে ট্রাম্পের চেয়ে সামান্য ব্যবধানে পিছিয়ে ছিলেন কমলা। প্রেসিডেন্ট পদে প্রার্থিতার চূড়ান্ত টিকেট পাওয়ার পর্বটি সহজে পার হওয়ার সুযোগ পাবেন কমলা কিন্তু সবচেয়ে বড় প্রশ্ন নভেম্বরে ট্রাম্পকে কীভাবে মোকাবিলা করবেন, সেই চ্যালেঞ্জ এখন তার সামনে, লিখেছে বিবিসি। কমলার মনোনয়ন ডেমোক্র্যাটদের শক্তি বাড়াবে, এটা ঠিক কিন্তু বাইডেনকে ঘিরে দলটির দুর্বলতাও তো প্রকাশ্যে এসেছে।

এও কিছুর পর প্রকৃতপক্ষে একটি প্রতিদ্বন্দ্বিতামূলক লড়াইয়ের পথ তৈরি হয়েছে, যেখানে ডেমোক্র্যাটদের চালা হওয়ার মতো অনেক উপাদান রয়েছে। প্রেসিডেন্ট পদে কমলার প্রার্থিতায় উঠে আসা গত তিন সপ্তাহ ধরে ৮১ বছর বয়সি বাইডেনকে ঘিরে ডেমোক্র্যাট শিবিরে যে উদ্বেগ-উৎকর্ষা ছিল, সেটি কেটে গেছে এবং তাদের মধ্যে নতুন শক্তির সঞ্চার হয়েছে। কমলা প্রার্থী চূড়ান্ত হলে ডানপন্থিদের ভোটাঁদের মনোযোগ আকর্ষণ করতে পারবেন



তিনি। এ ছাড়া দৌদ্যমান ভোটের রাজ্যগুলোতেও ভিত শক্ত হবে ডেমোক্র্যাটদের।

ডেমোক্র্যাটদের প্রেসিডেন্ট পদের লড়াইয়ে নতুন আশার সঞ্চার হয়েছে ডলার যোগের মধ্য দিয়েই। কমলার প্রচারশিবিরের তথ্য অনুযায়ী, বাইডেন সরে দাঁড়ানোর ঘোষণা দেওয়ার মুহূর্ত থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় নির্বাচনে ব্যয়ের জন্য কমলা ৮ কোটি ডলার তহবিল জোগাড় করেন, যা যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে যেকোনো প্রার্থীর এক দিনে সংগ্রহ করা তহবিলের চেয়ে বেশি। এই পরিমাণ অর্থ নির্বাচনি প্রচার জোরদার করতে বিশাল ভূমিকা রাখবে। কমলা চূড়ান্ত প্রার্থী হলে বাইডেনের বয়সকে যেভাবে নির্বাচনি প্রচারের অস্ত্র বানিয়েছিল রিপাবলিকানরা ঠিক উল্টো হবে ট্রাম্পের বয়স নিয়ে। ট্রাম্পের বয়সকে প্রচারের অস্ত্র বানাতে পারবেন ডেমোক্র্যাটরা। ৭৮ বছর বয়সি ট্রাম্প প্রেসিডেন্ট হয়ে পূর্ণ মেয়াদে দায়িত্ব পালন করলে প্রেসিডেন্ট হিসেবে বয়সের দিক থেকে তিনি বাইডেনকেও ছাড়িয়ে যুক্তরাষ্ট্রের ইতিহাসে সবচেয়ে বুড়ো প্রেসিডেন্ট হবেন।

নির্বাচিত হয়ে ৪ বছর মেয়াদের পুরোটা ক্ষমতা থাকলে ২০২৮ সালে ট্রাম্পের বয়স দাঁড়াবে ৮২ বছর। আর বাইডেন আছেন ৮১ বছরে। ২০২০ সালের প্রেসিডেন্ট নির্বাচনের সময় ট্রাম্পের শারীরিক ও মানসিক সক্ষমতা নিয়ে প্রশ্ন উঠেছিল। যে কারণে মেডিকেল পরীক্ষা করিয়ে সেসব রিপোর্ট প্রকাশ করতে বাধ্য হয়েছিলেন তিনি। কমলার বয়স এখন ৫৯ বছর। সে হিসেবে ট্রাম্পের চেয়ে তিনি যোগ্য বলেই বিবেচিত হবেন। এরপরই বুধবার উইসকনসিন রাজ্যে প্রথম নির্বাচনি সমাবেশে হাজির হয়েছেন কমলা হ্যারিস।

সমাবেশে উপস্থিত প্রায় ৩ হাজার দর্শক-শ্রোতার উদ্দেশে ভাষণে বাক্যবাণে প্রতিপক্ষ ডোনাল্ড ট্রাম্পকে তুলে ধরুনো করেছেন তিনি। নভেম্বরের আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনকে সাবেক একজন কৌসূলি এবং দোষী সাব্যস্ত এক আসামির মধ্যে একজনকে বেছে নেওয়ার ভোট বলে অভিহিত করেছেন হ্যারিস। রিপাবলিকান প্রতিপক্ষ ট্রাম্পকে প্রতারকদের সঙ্গে তুলনা করেন তিনি।

ডেমোক্র্যাটদের পক্ষে জেরাল্ডো প্রচারাভিযানে নেমেই ট্রাম্পকে এভাবে ধরাশায়ী করার চেষ্টা করেছেন কমলা হ্যারিস। তবে হ্যারিসের এমন মন্তব্যের আগে ট্রাম্পও ভাইস প্রেসিডেন্টকে আক্রমণ করে সামাজিক যোগাযোগমাধ্যমে লিখেছিলেন, ‘কমলা যাই স্পর্শ করেন, তাই ধ্বংস হয়ে যায়।’ কমলা হ্যারিসের পক্ষে বাইডেনের সমর্থনের পরই ট্রাম্প এবং হ্যারিস একে অপরকে লক্ষ্য করে রাজনৈতিক মন্তব্য করে যাচ্ছেন। উইসকনসিনের মিলাওয়াকি শহরের একটি হাই স্কুলে বক্তৃতায় হারিস বলেন, ডোনাল্ড ট্রাম্প আমাদের দেশকে পেছনের দিকে নিয়ে যেতে চায়।

এ সময় তিনি উপস্থিত দর্শকদের সামনে প্রশ্ন রেখে বলেন, তারা স্বাধীন, আইনের শাসন আছে এমন দেশে থাকতে চায় নাকি ঘৃণা, ভয়, বিশৃঙ্খলাপূর্ণ দেশে থাকতে চায়। তিনি ইতিমধ্যেই প্রয়োজনীয় ডেলিগেটদের সমর্থন পেয়ে গেছেন। আত্মবিশ্বাস প্রকাশ করে হ্যারিস বলেছেন, আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনে প্রতিপক্ষ ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে তারই জয় হবে। হ্যারিসের প্রচার শিবির রোববার থেকে দুই দিনের মধ্যে ১০ কোটি ডলার অর্থ সংগ্রহ করেছে। রোববার থেকে হ্যারিস শিবিরকে অনুদান দিয়েছেন ১১ লাখ টাকা। আর দাতাদের ৬২ শতাংশই প্রথমবারের মতো অনুদান দিয়েছেন। হ্যারিস এরই মধ্যে উইসকনসিনের মিলাওয়াকিতে প্রথম নির্বাচনি প্রচার সমাবেশ করেছেন। ডেলিগেটদের সমর্থন জোগাড়ে তিনি প্রচার শিবিরের সদর দফতরও পরিদর্শন করেন। সেখানেই দর্শক-শ্রোতাদের উদ্দেশে বক্তব্যে তিনি বলেন, ‘আমরাই জিতব।’

ওদিকে, প্রচার শিবিরের সবাইকে হ্যারিসকে স্বাগত জানানোর আহ্বান জানিয়েছেন প্রেসিডেন্ট জো বাইডেন। প্রচার শিবিরে এক ভাষণে তিনি বলেন, ‘দলের টিকেটের



শীর্ষ নামটি বদলে গেছে। কিন্তু দলের লক্ষ্য আদৌ পরিবর্তন হয়নি। আর আমিও কোথাও যাচ্ছি না। আমি তার (হারিস) সঙ্গে নির্বাচনি প্রচারেই আছি।’ বয়সের ভারে দুর্বল হয়ে পড়া প্রেসিডেন্ট বাইডেনের ওপর সম্প্রতি নিজ প্রচারশিবিরের তথ্য অনুযায়ী, বাইডেন সরে দাঁড়ানোর নির্বাচনি দৌড় থেকে সরে দাঁড়ানোর জন্য চাপ জোরদার হচ্ছিল। প্রতিপক্ষ প্রেসিডেন্ট প্রার্থী রিপাবলিকান ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে গত জুনে মুখোমুখি বিতর্কে খারাপ ফল করার পর থেকেই বাইডেনের ওপর সরে যাওয়া নিয়ে চাপ সৃষ্টি হয়। এর মধ্যে গত সপ্তাহে বাইডেন নতুন করে কোভিড আক্রান্ত হওয়ার পর সে চাপ আরও জোরদার হয়।

ক্রমাগত চাপের মুখে বাইডেন গত রোববার সরে দাঁড়ানোর ঘোষণা দিয়ে বলেন, দল ও দেশের স্বার্থেই তিনি এ সিদ্ধান্ত নিয়েছেন। ট্রাম্প এরই মধ্যে বলেছেন, বাইডেনের তুলনায় কমলা হ্যারিসকে নির্বাচনে হারানো তার জন্য বেশি সহজ হবে। তবে কমলা হ্যারিস একজন ভারতীয় বংশোদ্ভূত নারী, কৃষ্ণাঙ্গ এবং প্রথম একজন এশীয় হিসেবে যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট পদে নির্বাচিত হয়ে ইতিহাস গড়েছিলেন। এবারও যদি হ্যারিস নির্বাচনে জয় পান তা হলে নতুন আরেক ইতিহাস গড়বেন তিনি।

এদিকে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে রিপাবলিকান পার্টির প্রার্থী ডোনাল্ড ট্রাম্পকে হত্যাচেষ্টার ঘটনায় ব্যর্থতার দায় নিয়ে পদত্যাগ করেছেন দেশটির সিক্রেট সার্ভিসের প্রধান কিম শিয়েটল। যুক্তরাষ্ট্রের স্থানীয় সময় সোমবার সিক্রেট সার্ভিস বরাবর পাঠানো পদত্যাগপত্রে কর্মকর্তাদের উদ্দেশে শিয়েটল লিখেছেন, ‘আপনাদের পরিচালক হিসেবে নিরাপত্তা ঘাটতির পুরো দায় নিচ্ছি আমি।’ বিবিসি লিখেছে, ট্রাম্পকে হত্যাচেষ্টার ঘটনা নিয়ে সোমবার যুক্তরাষ্ট্রের পার্লামেন্টের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদের ‘হাউস ওভারসাইট কমিটি’তে ছয় ঘণ্টা শুনানি হয়। এরপর রিপাবলিকান ও ডেমোক্র্যাট উভয় পক্ষ থেকে শিয়েটলের পদত্যাগের দাবি ওঠে। ১৩ জুলাই যুক্তরাষ্ট্রের পেনসিলভানিয়ার বাটলরে নির্বাচনি প্রচারের সময় মঞ্চের কিছু দূরের একটি ভবনের ছাদ থেকে ট্রাম্পের ওপর গুলি চালায় অস্ত্রধারী। গুলি ট্রাম্পের কান ফুঁড়ে বেরিয়ে যায়। এ ঘটনায় সমাবেশে অংশগ্রহণকারী একজন নিহত হন এবং কয়েকজন আহত হন।

ট্রাম্পের ওপর হামলার বিষয়ে হাউস কমিটির শুনানিতে আইনপ্রণেতাদের প্রশ্নের জবাব দিতে অস্বীকৃতি জানান শিয়েটল। এতে আইনপ্রণেতারা তার ওপর হত্যাশ হয়ে পড়েন বলে জানা গেছে। পদত্যাগের সিদ্ধান্ত সম্পর্কে শিয়েটল চিঠিতে লিখেছেন, সত্কার প্রয়োজনকে তিনি সবসময় সর্বোচ্চ সাহসিকতা দিয়ে গুরুত্ব দিয়েছেন। ২০০১ সালের ১১ সেপ্টেম্বর হামলার দিন হোয়াইট হাউস থেকে তৎকালীন ভাইস প্রেসিডেন্ট ডিক চেনিকে উদ্ধারে নেতৃত্ব দিয়েছিলেন তখন সংস্থাটিতে গ্যোয়েন্সা হিসেবে কাজ করা শিয়েটল। দীর্ঘদিন জনগণকে সেবা দেওয়ায় শিয়েটলকে ধন্যবাদ জানিয়ে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন বলেছেন, তিনি শিগিরি একজন নতুন পরিচালক অর্থাৎ সংস্থারটির প্রধান নিয়োগ দেবেন।

এদিকে যুক্তরাষ্ট্রের স্বরাষ্ট্র মন্ত্রণালয় সিক্রেট সার্ভিসের ভরপ্রাপ্ত প্রধান হিসেবে আলেকজান্দ্রো মেরয়কাসকে নিয়োগ দিয়েছেন। ২৪ বছর ধরে এই সংস্থার জন্য কাজ করা মেরয়কাস ২০২৩ সাল থেকে এর উপপ্রধান হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন। ১৩ জুলাই ট্রাম্পের ওপর গুলি চালান থমাস ম্যাথিউ ক্রুকস নামে এক তরুণ, যিনি রিপাবলিকান পার্টির নির্বন্ধিত সদস্য ছিলেন। ঘটনার পরপরই নিরাপত্তা বাহিনীর সদস্যদের গুলিতে নিহত হয় ক্রুকস। তবে কেন ট্রাম্পের ওপর এরই হামলা, তার উত্তর মেলেনি এখনও। শেষ পর্যন্ত হ্যারিসের জন্য চ্যালেঞ্জ হচ্ছে—নির্বাচনপূর্ব জরিপগুলোতে তার প্রতি জনসমর্থন বাইডেনের চেয়েও অনেক কম দেখা গেছে। সেদিক থেকে তিনি ট্রাম্পকে হারানোর মতো যথেষ্ট সমর্থন পাবেন কি না সেটি একটি প্রশ্ন।

কিছু প্রশ্ন কিছু উত্তর এবং তফাতের শিরদাঁড়া

কাকন রেজা

শুরু করি একটি ঘটনা দিয়ে। প্রয়োজনীয় জিনিস কিনতে গেছি একটা দোকানে। গলির দোকান। এমনিতেই কার্ফু চলছে, সন্ধ্যার পর দোকানপাট বন্ধ। গলির দোকানটার একটা ঝাঁপ খোলা। কিনতে গিয়ে শুনি, দোকানি খুব আক্ষসোস করছেন সাম্প্রতিক আন্দোলনে সম্পদের ক্ষতি নিয়ে। কিছুটা অবাক হলেও এমন আক্ষসোস অপ্রত্যাশিত কিছু নয়। মনে হলো, এই দোকানটিই তো বছর দশেক আগে পুড়ে গিয়েছিলো। প্রশ্ন করলাম দোকানিকে, সে সময় দোকানটা না পুড়ে আপনি পুড়ে গেলে কী হতো? উত্তর, ‘ভাই, আমার পরিবার না খেয়ে মরতো’। বললাম, বৈচে আছেন বলেই তো দোকানটা আবার দাঁড় করাতে পেরেছেন, তাই তো? তিনি বললেন, ‘উপরআলার ইচ্ছা’। বললাম, জানের মূল্য বেশি, না মালের? আমাদের দেশের তথাকথিত মাথামোটা, যাদের বুদ্ধিজীবী বলা হয়, তাদের মতন না বুঝেই

তাৎক্ষণিক উত্তর, ‘জানের’। অর্থাৎ তাদের কাছে নিজের জানের মূল্য বেশি, কিন্তু অন্যদের ক্ষেত্রে জানের চেয়ে মালের। বুঝতে পারেনি তার প্রশ্নের উত্তর তার বিরুদ্ধেই যাচ্ছে।

এক ছজুর, ইহকালের সব অর্থীন। এসব আন্দোলনের চেয়ে ধর্মের দিকে মনযোগ বেশি দেয়ার কথা বলছিলেন। রিকশার জন্য দাঁড়িয়ে আছি। বাস নেই। পাশে ছজুরের বকর-বকর। তাকে প্রশ্ন করলাম, ইসলামের একটি অর্থ হলো ‘শান্তি’, তো আরবে কিসের শান্তি আনার জন্য ইসলামের সৃষ্টি হয়েছিলো? আইয়ামে জাহেলিয়াত, অর্থাৎ অত্যাচার-অবিচারের অবসানের জন্যই তো ইসলাম মানে ‘শান্তি’র সৃষ্টি। ইসলামে তাহলে প্রাধান্যের প্রথম পাঠটা কী? ছজুর নিরুত্তর। আমি বললাম, জুলুমের বিরুদ্ধে, মজলুমের পাশে দাঁড়ানো। ছজুর খাখীতি নিরুত্তর।

এক টেলিভিশনে আলুর বাম্পার ফলন বিষয়ক প্রতিবেদন দেখাচ্ছে। মনে পড়ে গেলো দুই ‘ডাবল ভদ্রলোক’ এর কথা, মঈন ইউ আহমেদ আর ফখরুদ্দিন। যারা সুদিনের কথা বলে ক্ষমতা দখল করেছিলেন। মঈন ইউ আহমেদ তখন সেনা প্রধান,

জাফর ইকবাল। ধুং, বাদ দিই। ভাই হুমায়ুন আহমেদই তো তার গর্তবাসের কথা বলে গেছেন। হুমায়ুন আহমেদের সন্তানরা দাঁড়িয়েছেন শিক্ষার্থীদের পাশে।

চালের দাম বেড়েছে। তিনি যেখানেই যান বলেন, ‘বেশি করে আলু খান, ভাতের উপর চাপ কমান’, এমন কথা। ‘ডাবল ভদ্রলোক’দ্বয়কে পেলে প্রশ্ন করতাম, দেশি আলুর দাম এখন আশি টাকা, মোটা চাল পয়ষটি, এখন কী খেয়ে কীসের উপর চাপ কমাবে? আর সেই টেলিভিশনের বার্তা প্রধানকে জিজ্ঞেস করতে ইচ্ছে করে, আলুর বাম্পার ফলনেও দাম কমে না কেন, এমন অনুসন্ধান করার মতন কোনো প্রতিবেদক তার কাছে আছে কিনা? নাকি তার মতন ‘ডাবল ভদ্রলোক’ দিয়ে ভরা পুরো বার্তাজগত! ‘ডাবল ভদ্রলোক’ বিয়টি বলি নিই। রাস্তার পাশে মলম বেচার মজায় ক্যানভাসা’র

জড়ো হওয়া লোকদের সতর্ক করছেন, ‘ভাই সাহেবরা ডাবল ভদ্রলোকের হাত হইতে নিজেদের পকেট সাবধান রাখিবেন’। বুঝলেন তো, নাকি?

বিশ্ববিদ্যালয়ে পড়ুয়ারা দেখি শিক্ষকদের দিকে প্রশ্ন ঝুঁড়ে দিচ্ছে, আমাদের দিকে চোখ তুলে কীভাবে ক্লাশ নিবেন, লজ্জা করবে না? লজ্জা তো তসলিমা নাসরিনের ভাগে। তার বই পড়ে এসব শিক্ষকরা লজ্জাহীন হওয়ার ছবক নিয়েছেন। এদের কাছে ভিসি, প্রস্টর, ডিন হওয়াটাই বড় কথা। এসব হলে, সেকেন্ড হোমের স্বপ্ন বাস্তবায়ন করা সম্ভব হলেও হতে পারে। এদের কাছে লজ্জা আশা করা, ঘোড়ার কাছে ডিম আশা করার সমান। তবে এক শিক্ষকের চিঠি টকশো’র বক্তব্য শুনে মনে হলো, ঘোড়াও ডিম পাড়তে পারে, অসম্ভব কিছু না। যে দেশে এমন শিক্ষক আছেন, সে দেশে সকল অসম্ভাব অপকর্মই সম্ভব। তবে আশার কথা, সংখ্যায় কম হলেও কিছু মেরুদণ্ডওয়ালা শিক্ষক আছেন। ‘তফাৎ শুধু শিরদাঁড়ায়’ আর কী।

একজন সাংবাদিক সামাজিকমাধ্যমে লিখলেন, ‘আমাদের হাত-পা বাঁধা আমাদের প্রতি ক্ষুব্ধ হবেন না’, এমন কথা। কথাটা অমোঘ নয়। তবে

সাংবাদিকতার নতুন পাঠ শুরু করেছেন গণমাধ্যমের কেউ কেউ। প্রকৃত সাংবাদিকতার প্রথম পাঠ হলো অ্যান্টার্লিশমেন্টকে চ্যালেঞ্জ করা। জবাবদিহিতার ক্ষেত্রে তৈরি করা। যে কারণে গণমাধ্যমকে রাষ্ট্রের চতুর্থ স্তম্ভ বলা হয়। না, এই দেশে তার উল্টো পাঠ চলে। অ্যান্টার্লিশমেন্টকে সহায়তা করাই সেই পাঠের প্রথম কথা। বিনা চ্যালেঞ্জে সবকিছু উতরে দেয়াই সে সাংবাদিকতার পাঠ্যক্রম। জবাবদিহিতাকে ভাড়ামোর পর্যায়ে টেনে নামানোই তাদের সাংবাদিকতা। যে সাংবাদিকতাকে বলা হয় ‘বাতাবি লেবুর বাম্পার ফলন’ সাংবাদিকতা। যাকে তুলনা করতে পারেন, বাতাবি লেবুর মতন মোসাহেব শ্রেণির বাম্পার ফলনের সাথে।

জাফর ইকবাল। ধুং, বাদ দিই। ভাই হুমায়ুন আহমেদই তো তার গর্তবাসের কথা বলে গেছেন। হুমায়ুন আহমেদের সন্তানরা দাঁড়িয়েছেন শিক্ষার্থীদের পাশে। বরং সঙ্গত এবং বিষাদময় এক প্রশ্ন দিয়ে শেষ করি। যা এক মা করেছেন, ‘ছেলেকে চাকরি দিবি না ভালো কথা, মেরে ফেললি কেন?’ — এর জবাব আমাদের কাছে নেই, ভাড়দের কাছে থাকলেও থাকতে পারে।



KARNAFULLY HOME CARE

[কর্ণফুলী ট্যাক্স সার্ভিসের আরেকটি বিশ্বস্ত প্রতিষ্ঠান]



WE CARE
YOUR FAMILY
LIKE OURS

সততা এবং
বিশ্বস্ততাই
আমাদের
বৈশিষ্ট্য

NYS
Department of
Health CDPAP



Mohammed Hasem, MBA
President and CEO

মেডিকেইড অনুমোদিত
CDPAP - এর আওতায়
আপনার পছন্দসই প্রিয়জনকে
সর্বোচ্চ স্বাস্থ্যসেবা
প্রদানের মাধ্যমে
অর্থ উপার্জন করুন

হোম কেয়ার সার্ভিস
নিলে আপনিও পেতে পারেন
প্রতি মাসে বাড়ি ভাড়া বাবদ
সর্বোচ্চ \$৮০০ | আজই আসুন

Main Office

167-18 Hillside Avenue, 2nd Fl
Jamaica, NY, 11432

Jackson Heights Branch

37-20 74th Street, 2nd Fl
Jackson Heights, NY, 11372

Buffalo Branch

1114 Walden Avenue
Buffalo, NY, 14211

📞 **347-621-6640**

📠 Fax: 347-338-6799

✉ karnafullyhc@gmail.com

✉ hasem@lovetocarehhc.com

✉ info@lovetocarehhc.com

www.lovetocarehhc.com

Law Offices এক্সিডেন্ট কেইসেস

মেডিক্যাল ম্যালপ্র্যাকটিস ও হাসপাতালের ত্রুটিপূর্ণ শিশুর জন্ম

917-282-9256

(To schedule appointment only)

বিনামূল্যে পরামর্শ, প্রয়োজনে এটর্নী আপনার বাসায় অথবা হাসপাতালে আসবেন



Moin Choudhury, Esq.
Attorney at Law
এটর্নী মইন চৌধুরী

আমরা অতীতে
আমাদের ক্লায়েন্টদের
জন্য মিলিয়ন মিলিয়ন
ডলার আদায়
করে দিয়েছি।

নিউইয়র্ক, নিউজার্সি, মিসিসিপ্পি
পেনসিলভেনিয়া, কানেকটিকাট, ফ্লোরিডা
জর্জিয়া ও ভার্জিনিয়াতে
আমাদের সহযোগী - লাইসেন্স প্রাপ্ত এটর্নীরা
আপনাদের সেবায় নিয়োজিত



Timothy Bompert, Esq.
Attorney at Law



গাড়ী দুর্ঘটনা
বিল্ডিং এ দুর্ঘটনা,
কাজের জায়গায় দুর্ঘটনা
ট্রিপ এন্ড ফল
বিকলাঙ্গ শিশুর জন্ম

এপয়েন্টমেন্টের
জন্য কল করুন

৯১৭-২৮২-৯২৫৬

কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
ট্রিপ এন্ড ফল
হাসপাতালে ভুল চিকিৎসা
লেড পয়জনিং

IMMIGRATION

- স্টুডেন্ট ভিসা
- ইনভেস্টমেন্ট ভিসা
- বৈবাহিক সূত্রে গ্রীন কার্ড
- ডিপোর্টেশন কেইসেস
- ভিজিট ভিসা - এক্সটেনশন সহ
- সকল প্রকার ইমিগ্রেশন

সকল প্রকার ইমিগ্রেশন বিষয়ে কনসালটেশন ফি ন্যূনতম ৫০ ডলার

Law offices of Timothy Bompert

37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Moin Choudhury Law Firm, P.C 292000 Southfield Road, Suite # 108, Southfield, MI 48076

Immigration Petitions & Adjustment of Status.

Timothy Bompert is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court. Prior result do not guarantee the outcome of any future cases.

আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যবসায়ী ও কর্পোরেট প্রকেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise জন্মের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্ত পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

Captor USA, Inc.

Franchise & Business Consulting Firm

37-16, 73rd Street, Suite #402, Jackson Heights, NY 11372

Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590

Cell: (201) 456-3103, (646) 707 9067; Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

New address 37-16, 73 street, Suite # 402, Jackson Heights, NY 11372



Member



H1B

L1A VISA

EB5

E2 VISA

POLITICAL ASYLUM

হটলাইন : +1 ২০১ ৪৫৬ ৩১০৩

সপ্তাহে ৭ দিনই খোলা

এবার ওবামার সমর্থন

প্রথম পৃষ্ঠার পর

শুক্রবার এই তথ্য জানিয়েছে এএফপি।

সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে (সাবেক টুইটার) ওবামা বলেন, 'এ সপ্তাহের শুরুতে মিশেল (ওবামা) ও আমি আমাদের বন্ধু কমলা হ্যারিসকে ফোন করেছি। আমরা তাকে জানিয়েছি, তিনি যুক্তরাষ্ট্রের জন্য একজন চমৎকার প্রেসিডেন্ট হতে পারেন এবং এ ক্ষেত্রে তার প্রতি আমাদের পূর্ণ সমর্থন রয়েছে।'

সাবেক প্রেসিডেন্ট ওবামা ও তার স্ত্রী মিশেল উভয়ই ডেমোক্র্যাটিক পার্টিতে প্রভাবশালী ব্যক্তিত্ব হিসেবে বিবেচিত।

এর আগে বুধবার বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেন জাতির উদ্দেশে দেওয়া ভাষণে কমলা হ্যারিসকে তার পছন্দের প্রার্থী হিসেবে সমর্থন জানানোর কথা ঘোষণা করেন।

বাইডেন বলেন, 'আমি কমলা হ্যারিসকে ধন্যবাদ জানাতে চাই। তিনি অভিজ্ঞ, দক্ষ ও কড়া ধাঁচের মানুষ।'

সাংগঠনিক ব্যর্থতার

প্রথম পৃষ্ঠার পর

যখন সহিংস রূপ নেয়, তখনো সাংগঠনিকভাবে মাঠে থাকেনি কোনো সংগঠন। এই যে বড় ধরনের সাংগঠনিক ব্যর্থতা, তা নিয়ে আওয়ামী লীগের অভ্যন্তরে চলছে নানা আলোচনা-সমালোচনা। নেতারা বলছেন, ঢাকা মহানগর আওয়ামী লীগের থানা ও ওয়ার্ড কমিটি না থাকা, দীর্ঘদিন ক্ষমতায় থাকায় দলে সুবিধাবাদী শ্রেণি গড়ে উঠলেও প্রয়োজনের সময় তাদের মাঠে পাওয়া যায়নি। একই সঙ্গে রাজধানীর বেশির ভাগ সংসদীয় আসনের এমপি, জনপ্রতিনিধিদের অনুপস্থিতি ছিল লক্ষণীয়। আন্দোলনের শুরুতে ছাত্রলীগের তর্জন-গর্জন দেখা গেলেও শেষে তাদের অন্তঃসারশূন্য সাংগঠনিক

দুর্বলতা আওয়ামী লীগকে ভাবাচ্ছে

গত কয়েক দিনের কর্মকাণ্ড নিয়ে আওয়ামী লীগ নিজেদের মধ্যে মূল্যায়ন শুরু করেছে। মঙ্গলবার এ নিয়ে যৌথ সভা করা হয়। সেখানে কেন্দ্রীয়, সহযোগী ও ভাতৃপ্রতিম সংগঠনের নেতাদের ব্রিফ করেন দলের সাধারণ সম্পাদক ওয়ায়দুল কাদের।

আওয়ামী লীগের সম্পাদকমণ্ডলীর একজন সদস্য নাম প্রকাশ না করার শর্তে জানান, ওয়ায়দুল কাদের তাঁদের বলেছেন, সহিংসতা মোকাবিলায় নেতা-কর্মীদের মাঠে রাখতে না পারাটাই দলীয় সাংগঠনিক ব্যর্থতা। কোটা আন্দোলনে ছাত্রলীগের সাংগঠনিক ব্যর্থতাও সামনে এসেছে বলে জানান কাদের।

আওয়ামী লীগের নেতা এবং কাউন্সিলরদের নিয়ে তেজগাঁওয়ে মতবিনিময় সভা করেন কেন্দ্রীয় নেতারা। সেখানে থানা পর্যায়ের নেতারা পরস্পরের বিরুদ্ধে অসহযোগিতার অভিযোগ জািলে, আবার একাধিক নেতা নিজেদের তহবিল করেন। ঢাকা মহানগর উত্তর স্বেচ্ছাসেবক লীগের এক নেতা বড় গলায় বলেন, তিনি নিজে মাঠে ছিলেন এবং তাঁর কর্মকাণ্ড নিয়ে ২০ মিনিটের মতো কথা বলেন। উত্তরা এলাকার একটি ওয়ার্ড কাউন্সিলর হলেও আন্দোলনের সময় তিনি ধানমন্ডির ২৭ নম্বর পুরোনো সড়কে ছিলেন বলেও বক্তব্যে উল্লেখ করেন। এ সময় আওয়ামী লীগের এক কেন্দ্রীয় নেতা তাঁকে থামিয়ে দেন। নেতারা পরস্পরকে দোষারোপ করলে দলটির এক যুগ্ম সাধারণ সম্পাদক থামিয়ে দিয়ে বলেন, এখন পরস্পরের বিরুদ্ধে কাদা ছোড়াছুড়ি করে, দলাদলি করে কোনো লাভ হবে না। ভবিষ্যতে দলকে ঐক্যবদ্ধ করে সব ধরনের পরিস্থিতি মোকাবিলা করতে হবে।

আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য শাজাহান খান বলেন, ‘আমাদের সাংগঠনিক ভিত যথেষ্ট আছে। এটাকে সংগঠিত করার ক্ষেত্রে আমাদের কিছু দুর্বলতা আছেই। সেই দুর্বলতাকে মেরামত করতে হবে। দুর্বলতা দূর করে সবাইকে সংগঠিত করতে হবে।’

গত কয়েক দিনের কর্মকাণ্ড নিয়ে ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণের থানা পর্যায়ের কমপক্ষে ১০ নেতার সঙ্গে কথা হয় আজকের পত্রিকা। তারা সংগঠনের ব্যর্থতা নিয়ে নানান মন্তব্য করেন। তবে প্রকাশ্য এ নিয়ে কথা বলতে চাননি কেউই।

এক নেতা বলেন, মূল ব্যর্থতা হলো গত ১৫ বছরে থানা ও ওয়ার্ড পর্যায়ের পূর্ণাঙ্গ আওয়ামী লীগের কোনো কমিটি নেই। একই সঙ্গে আওয়ামী লীগের অন্যতম ভ্যানগার্ড হিসেবে পরিচিত যুবলীগের ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ দীর্ঘদিন ধরে চলছে ভারপ্রাপ্তের দিয়ে। ক্ষমতার কেন্দ্রবিন্দুতে থাকা অনেক নেতার কাছ থেকে নিজস্ব লোকেরা সুযোগ-সুবিধা নিয়ে আর্থিকভাবে

'কমলা আমার সহযোগী হিসেবে অসাধারণ ছিলেন এবং তিনি আমাদের দেশের একজন যোগ্য নেতা', যোগ করেন বাইডেন।

জো বাইডেনের জায়গায় তাদের প্রার্থী কে হবেন, তা ঠিক করতে ১ আগস্ট থেকে অনলাইন ভোট দেবেন ডেমোক্র্যাট সদস্যরা।

বিশ্লেষকদের মতে, ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিসই প্রেসিডেন্ট পদে ডেমোক্র্যাট প্রার্থী হতে চলেছেন। কারণ, তার বিরুদ্ধে উল্লেখযোগ্য কোনো নেতা দাঁড়াননি। দলের বেশ কয়েকজন শক্তিশালী নেতা ইতোমধ্যে কমলাকে সমর্থনের কথা ঘোষণা করেছেন।

ওবামা সমর্থন দেওয়ার আগেই বাইডেনসহ ডেমোক্র্যাটিক পার্টির প্রায় সকল প্রভাবশালী নেতার সমর্থন পেয়েছেন কমলা হ্যারিস (৫৯)।

এক্সে প্রকাশিত বার্তায় ওবামা আরও জানান, ‘দেশের এই ক্রান্তিলগ্নে কমলা যাতে নভেম্বরের নির্বাচনে জিততে পারে, তা নিশ্চিতে সর্বাঙ্গক সহায়তা করব।’

লাভভান হয়েছেন। সেসব সুবিধাবাদীরা গত কয়েক দিনের বিশেষ পরিস্থিতিতে মাঠে ছিল না। সাবেক ছাত্রনেতাদের অনেকেই মাঠে থেকে সাংগঠনিক তৎপরতা চালিয়েছেন।

থানা পর্যায়ের নেতাদের অভিযোগ, আন্দোলন মোকাবিলায় নেতা-কর্মীরা মাঠে থাকলেও প্রয়োজনের সময় বেশির ভাগ স্থানীয় এমপি, মেয়র, কাউন্সিলরদের সহযোগিতা পাওয়া যায়নি। তাঁরা আর্থিক সংকটে থাকলেও তেমন সাহায্য করা হয়নি।

ঢাকা দক্ষিণের থানা আওয়ামী লীগের এক নেতা বলেন, আন্দোলনে নেতা-কর্মীদের খোঁজ নেননি এমপিরা। নেতা-কর্মীদের চাড়া রাখতে কোনো ধরনের সহযোগিতা করেনি। বৃহস্পতি-শুক্রবার সহিংসতা নেতা-কর্মীদের আয়ত্তের বাইরে গেলেও এর আগে হাতে গোনা দুজন এমপি ছাড়া কাউকে মাঠে দেখা যায়নি।

ঢাকা জেলায় সংসদীয় আসন ২০টি। এর মধ্যে সিটি করপোরেশন এলাকায় ১৬টির অবস্থান। তিনজন আওয়ামী লীগদলীয় স্বতন্ত্র এমপি। বাকি ১৩ জন নৌকা প্রতীকেই এমপি হয়েছেন। ঢাকা উত্তর সিটি করপোরেশনে সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর ৫৪ এবং দক্ষিণে ৭৪ জন। চলমান ছাত্র আন্দোলনের শুরুতে হাতে গোনা দু-একজন এমপি ও কয়েকজন কাউন্সিলর মাঠে ছিলেন।

গত বৃহস্পতি ও শুক্রবার রাজধানীতে ব্যাপক সহিংসতায় জনপ্রতিনিধি ও তাঁদের নেতা-কর্মীদের মেরন মাঠে দেখা যায়নি। আবার উত্তরা, যাত্রাবাড়ী, ডেমরা, বাড্ডা, রামপুরা এলাকায় আওয়ামী লীগের নেতা-কর্মীরা মাঠে নামার চেষ্টা করলেও সহিংসতাকারীদের তোপের মুখে মাঠ ছাড়েন তাঁরা। পল্টনসহ কিছু এলাকায় পুলিশের পেছনে আওয়ামী লীগের নেতা-কর্মীদের দেখা যায়। বৃহস্পতিবার আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার রাজনৈতিক কার্যালয়ে শতাধিক নেতা-কর্মী ছিলেন। তবে শুক্রবার সেখানে হাজারের বেশি নেতা-কর্মীর অবস্থান দেখা যায়।

গত বৃহস্পতিবার থেকে রাজধানীর যাত্রাবাড়ী, ডেমরা, কদমতলী, উত্তরা, মোহাম্মদপুর, বাড্ডা, রামপুরাসহ কয়েকটি এলাকায় টানা তিন-চার দিন সংঘর্ষ হয়। এসব এলাকার মধ্যে যাত্রাবাড়ী, ডেমরা, কদমতলী ও উত্তরার এমপি স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচিত হয়েছেন। যদিও তাঁদের আওয়ামী লীগের পদবি রয়েছে। নাম প্রকাশে অনিচ্ছুক আওয়ামী লীগের সম্পাদকমণ্ডলীর এক নেতা বলেন, জাতীয় নির্বাচন উন্মুক্ত রাখায় নেতা-কর্মীদের মধ্যে দলাদলি তৈরি হয়েছে। স্বতন্ত্র এমপিরা দলে বেকায়দায় আছেন। এ আন্দোলনে তাঁদের কর্মকাণ্ডকে কে কোন দিক দিয়ে ব্যবহার করলে, এমন দুর্ভাবনা অনেকের মধ্যে ছিল। এতে অনেকেই মাঠে ছিলেন না।

সার্বিক বিষয়ে জানতে চাইলে আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য আব্দুর রাজ্জাক আজকের পত্রিকাকে বলেন, ‘দলের সাংগঠনিক ব্যর্থতা তেমন কিছু নেই। ছাত্রদের আন্দোলনকে কেন্দ্র করে অনেক রাজনৈতিক দল, বিশেষ করে স্বাধীনতারিরোধী শক্তি জামায়াত-বিএনপি সম্পৃক্ত হয়ে ধ্বংসলীলা করেছে। অনেক তাণ্ডব করেছে। রাস্ত্রীয় সম্পদ ও প্রতিষ্ঠান ধ্বংস করেছে। ভবিষ্যতে আমরা কীভাবে রাজনৈতিকভাবে মোকাবিলা করতে পারি, সেগুলো নিয়ে আমরা আলোচনা করছি। নিজেদের আরও সুসংগঠিত করা এবং সমন্বয় আরও বৃদ্ধির জন্য কাজ শুরু করছি।’

সৌজন্যে: আজকের পত্রিকা

প্রথম পৃষ্ঠার পর

পরের তিন দিন ব্যাপক সহিংসতা হয় রাজধানীর যাত্রাবাড়ী-শনির আখড়া, উত্তরা-আবদুল্লাহপুর, রামপুরা-বাড্ডা এবং মোহাম্মদপুর-বছিলা এলাকায়। এসব এলাকার আশপাশের সরকারি-বেসরকারি হাসপাতাল ও ক্লিনিকে খোঁজ নিয়ে জানা গেছে, ওই তিন দিনে প্রায় ৪ হাজার ব্যক্তি চিকিৎসা নিয়েছিলেন। চিকিৎসার জন্য নেওয়া হয়েছিল পুলিশ ও আনসার সদস্যকেও। তবে তাদের কেউ গুলিবিদ্ধ ছিলেন না।

ময়নাতদন্ত ছাড়া মরদেহ নিহতের সংখ্যা অজানা
রাজধানীতে সংঘর্ষে কতজনের প্রাণ গেছে, তা গতকাল পর্যন্ত নিশ্চিত হওয়া যায়নি। সর্বোচ্চ ৮৯ লাশের ময়নাতদন্ত করা হয়েছে ঢাকা মেডিকেল কলেজে। বাড্ডার এএমজেড হাসপাতালে ২৩, রামপুরার ফরাজী হাসপাতালে ১৫, সোহরাওয়ার্দীতে ১৩, কুয়েত মৈত্রীতে ছয়, উত্তরার আধুনিক হাসপাতালে ছয় ও নিউরোসায়েন্সেসে তিনজনের মৃত্যুর তথ্য পেয়েছে সমকাল। সোহরাওয়ার্দীর ১৩ জনের লাশ ময়নাতদন্ত ছাড়াই স্বজনের কাছে হস্তান্তর করা হয়েছে বলে সমকালকে জানিয়েছেন হাসপাতালটির পরিচালক ডা. শফিউর রহমান। তিনি বলেছেন, উপায় না থাকায় ময়নাতদন্ত করা যায়নি।

অন্য হাসপাতালে নিহতদের ময়নাতদন্ত করতে সরকারি হাসপাতালে নেওয়া হয়েছিল কিনা তা নিশ্চিত নয়। ঘটনাস্থলে নিহত কয়েকজনের মরদেহ হাসপাতালে না নেওয়ার তথ্য জানা গেছে বিভিন্ন সূত্র থেকে। ফলে নিহতের প্রকৃত সংখ্যা অজানা। স্বরাষ্ট্র মন্ত্রণালয় নিহতের তালিকা করছে বলে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ গত বুধবার কূটনীতিকদের জানিয়েছিলেন।

সরকারি হাসপাতালে হাজারের বেশি আহত
সরকারি হাসপাতালের মধ্যে ঢাকা মেডিকলে ১৮ জুলাই থেকে পরের ছয় দিনে ১ হাজার ৭৩ আহত ব্যক্তি আসে। ভর্তি রয়েছেন ২০৮ জন। পশ্চু হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে, ১৭ থেকে ২১ জুলাই পর্যন্ত পাঁচ দিনে হাসপাতালটিতে সংঘর্ষে আহত ১ হাজার ২৬৯ জন চিকিৎসা নিয়েছেন। তাদের মধ্যে ২৪১ জন গুলিবিদ্ধ। সরকারি শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে সংঘর্ষে আহত ৫১৮ জন চিকিৎসা নেন। কুয়েত মৈত্রীতে চার শতাধিক আহত চিকিৎসা নেন। আরেক সরকারি হাসপাতাল মিটফোর্ডে আহত ৫১ জন চিকিৎসা নেন। অন্য দুই সরকারি হাসপাতাল মুগদা এবং কুর্মিটোলার তথ্য পাওয়া যায়নি।

রাজধানীর আগারগাঁওয়ের জাতীয় চক্ষুবিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতালে ১৭ থেকে ২২ জুলাই ছয় দিনে চিকিৎসা নিয়েছেন ৪২৪ জন। এর মধ্যে চোখে অস্ত্রোপচার করতে হয়েছে ২৭৮ জনের। তাদের চোখে ছররা গুলির আঘাত ছিল বলে জানিয়েছে হাসপাতাল কর্তৃপক্ষ।

রামপুরা-বাড্ডার দুই হাসপাতালে ১৮০০ আহত
সংঘর্ষের তিন দিনে সংঘর্ষপ্রবণ রামপুরার ফরাজী হাসপাতাল এবং বাড্ডার এএমজেড হাসপাতালে আসেন ১ হাজার ৮০০ ব্যক্তি। তাদের ৯০ শতাংশই ছিলেন গুলিবিদ্ধ। রামপুরা, বাড্ডা, বনশ্রী এলাকায় আহতদের অন্য হাসপাতালেও নেওয়া হয়েছিল। সেগুলোর তথ্য পায়নি সমকাল। আন্দোলনে আহতদের চিকিৎসা



দেওয়া ফরাজী হাসপাতালের এক চিকিৎসক নাম প্রকাশ না করার শর্তে জানান, ১৮ জুলাই দুপুর সাড়ে ১২টায় সময় গুলিবিদ্ধ এক মাইক্রোবাস চালককে মৃত অবস্থায় আনা হয়। এরপর শুরু হয় আহতদের চল। ওই সময় হাসপাতালে চিকিৎসক ছিলেন একজন। ছিলেন দুইজন স্বাস্থ্যকর্মী। পরিস্থিতি সামাল দিতে চিকিৎসক এবং স্বাস্থ্যকর্মীর ৩০ জনের একটি টিম করা হয়। ফরাজী হাসপাতালে শুধু দেওয়া হয় প্রাথমিক চিকিৎসা। গুরুতর আহতদের সরকারি হাসপাতালে পাঠানো হয়। কারও পায়ে, কারও হাতে বা কারও বুকে গুলির আঘাত ছিল। আহত ২২ পুলিশ সদস্যের কেউ গুলিবিদ্ধ ছিলেন না।

ফরাজী হাসপাতালের উপমহাব্যবস্থাপক রুবেল হোসাইন বলেন, ১৮ জুলাই থেকে তিন দিনে ৯৫০ জনের চিকিৎসা দেওয়া হয়েছে। যাদের ৯০ শতাংশ ছিলেন গুলিবিদ্ধ। শিশু থেকে সব বয়সী আহতরা এসেছিল। ওই তিন দিনে ফরাজী হাসপাতালে ১৫ জনের মৃত্যু হয়েছে।

উত্তর বাড্ডায় এএমজেড হাসপাতালে ১৯ এবং ২০ জুলাই প্রায় ৮৫০ আহত ব্যক্তি চিকিৎসা নিয়েছেন। এখানে ২৩ জনের মৃত্যু হয়েছে। গতকাল সরেজমিন হাসপাতালে গিয়ে আহতদের দেখা মেলেনি। জরুরি বিভাগের রোগী নিবন্ধন খাতা দেখতে চাইলে দেখাতে রাজি হয়নি হাসপাতাল কর্তৃপক্ষ।

এএমজেড হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক আরমান সমকালকে বলেন, গুলিবিদ্ধ হয়ে ১৮ ও ১৯ জুলাই আসা আহতদের প্রাথমিক চিকিৎসা দিয়ে ছেড়ে দেওয়া হয়। এত আহত ব্যক্তির ব্যবস্থাপনার সক্ষমতা আমাদের নেই। আহত অনেকের হাতে, কারও বুকে আবার কারও গায়ে গুলি লেগেছিল। অনেককে মৃত অবস্থায় আনা হয়েছিল।

এএমজেড হাসপাতালের ব্যবস্থাপক ইমরান হোসেন বলেন, কে কোন এলাকা থেকে আহত হয়ে এসেছেন কিংবা মৃতদের তথ্য আলাদা করে রাখা হয়নি। তথ্য সংগ্রহে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরাও এসেছিলেন। তাদের এ কথাই বলছি।

এএমজেড হাসপাতালের উল্টো পাশে বাড্ডা জেনারেল হাসপাতাল। আগের দু’দিন বন্ধ রাখলেও গত ২০ জুলাই শিক্ষার্থীদের চাপে আহতদের জরুরি বিভাগে চিকিৎসা দিয়েছিল হাসপাতাল কর্তৃপক্ষ। ব্যবস্থাপক (প্রশাসন) অরিনাশ মুখা সমকালকে বলেন, ওই দিন আহত হয়ে ৫০ থেকে ৬০ ব্যক্তি এসেছিলেন।

পাশের ইবনে সিনা ডায়াগনস্টিক ও কনসাল্টেশন সেন্টারের জরুরি বিভাগ নেই। আহতদের চিকিৎসা না দেওয়ায় ভাঙচুর করা হয় হাসপাতালটি। পরে একটি জরুরি টিম করে শতাধিক আহতকে চিকিৎসা দেওয়ার কথা জানিয়েছেন

আহত হন তিনি। মোহাম্মদপুর ও বছিলায় চারজন মারা গেছেন বলে শুনেছেন।

১৯ জুলাই মোহাম্মদপুরের চান মিয়া হাউজিং এলাকায় গুলিবিদ্ধ হয়ে দিনমজুর মো. হাবিব সোহরাওয়ার্দী হাসপাতালে চিকিৎসা নিচ্ছেন। হাবিব বলেন, পেটে ও পিঠে ২১২টি ছররা গুলি লেগেছে।

আহতদের পরিচয় প্রকাশে ভয়
গুলিবিদ্ধ হয়ে হাসপাতালে ভর্তি অনেকেই পরিচয় প্রকাশে রাজি হননি। তাদের শঙ্কা, এতে ঝামেলায় পড়তে পারেন। নাম প্রকাশে অনিচ্ছুক এক আহত ব্যক্তি জানান, পুলিশের কারণে নদীপথে সিকদার মেডিকলে গেছেন। আবার কাউকে কাউকে কেরানীগঞ্জের বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে।

যাত্রাবাড়ী-শনির আখড়া এলাকায় গুলিতে আহত অনেকেই আশপাশের হাসপাতালে চিকিৎসা নিয়েছেন। তবে নিরাপত্তার শঙ্কায় তারা এখন পরিচয় প্রকাশ করে কথা বলতে চান না। ওই দুই এলাকার পাঁচটি বেসরকারি হাসপাতাল ঘুরে দেখা গেছে, এখন আর কেউ চিকিৎসাধীন নেই। হাসপাতাল কর্তৃপক্ষও সংবাদমাধ্যমের সঙ্গে কথা বলতে চায় না।

ঝামেলা এড়াতে ছাড়প্রত্ন
কদমতলী থানার পাশেই ইসলামিয়া হাসপাতালের দুটি শাখা রয়েছে। একটির মেসেঞ্জার অপারেটর রুবেল বলেন, সংঘর্ষের দিন কয়েকজন আহত ব্যক্তি এসেছিলেন। কাউকে ভর্তি করা হয়নি।

অপর শাখাটির পাশেই পুলিশের থানা। এক কর্মকর্তা জানান, পুলিশ ঝামেলা হতে পারে, সে শঙ্কায় প্রাথমিক চিকিৎসা দিয়ে আহতদের অন্য হাসপাতালে যেতে অনুরোধ করা হয়।

বেসরকারি স্পেশলাইজড সালমান হাসপাতালের ম্যানেজার গোলাম রাব্বী জানান, প্রায় ৩০০ রোগী এসেছিলেন। প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছিল। দু-একজনকে ভর্তি করা হয়। অনেকেকে ঢাকা, মুদুলা ও মিটফোর্ড হাসপাতালে স্থানান্তর করা হয়। এখন কেউ হাসপাতালে ভর্তি নেই।

কাজলা ফুট ওভারব্রিজের পাশে থাকা অনাবিল হাসপাতালের সহকারী ব্যবস্থাপক সাগর জানান, কিছু রোগী এসেছিলেন। তাদের প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। সেই সংখ্যা ওই কদিনে ৫০ থেকে ৬০ জন হতে পারে। এখন চিকিৎসাধীন কেউ তাদের হাসপাতালে নেই।

উত্তরায় হাজারের বেশি আহত
১৮ থেকে ২০ জুলাই— এই তিন দিনে উত্তরার কুয়েত মৈত্রী, আধুনিক এবং ক্রিসেন্ট হাসপাতালে হাজারের বেশি আহত ব্যক্তি চিকিৎসা নেন। মৈত্রী হাসপাতালে গতকাল গিয়ে ভর্তি এবং নিহতের তথ্য পাওয়া যায়নি। এক চিকিৎসক জানান, সরকারি সংস্থা তথ্য নিয়েছে। গণমাধ্যমকে তথ্য দিতে বারণ রয়েছে।

মৈত্রী হাসপাতালে এখনও কয়েকজন আহত ব্যক্তি রয়েছেন। গত ১৯ জুলাই গুলিবিদ্ধ এক ব্যক্তি জানান, কোনো বেসরকারি হাসপাতাল ভর্তি নিচ্ছিল না। পিঠে এবং ঘাড়ে ছররা গুলি লেগেছে। সাদা পোশাকের কয়েকজন এসে জানতে চেয়েছিল, মিছিলে গিয়েছিলাম কিনা।

আধুনিক মেডিকেল কলেজ হাসপাতালের চিকিৎসকরা জানিয়েছেন, দুই শতাধিক আহত ব্যক্তি চিকিৎসা নেন। ছয়জন মারা গেছেন। তারা বুলেটবিদ্ধ হন। এখন চিকিৎসাধীন একজন।

সৌজন্যে : সমকাল

শিক্ষার্থীদের হত্যা করে দায় চাপানো হয়েছে সরকারের ওপর: কাদের

ঢাকা অফিস

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন,



ওবায়দুল কাদের

আন্দোলনের নামে শিক্ষার্থীদের হত্যা করে সরকারের ওপর দায় চাপানো হয়েছে। নজিরবিহীন তাগুব চালানো হয়েছে। যারা এমনটা করেছে, তাদের লক্ষ্য ছিল শেখ হাসিনার সরকারকে ক্ষমতা থেকে নামানো।

ধানমন্ডিতে অবস্থিত আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনার রাজনৈতিক কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে দলের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের এসব কথা বলেন। তিনি বলেন, ‘প্রতিটি হত্যাকাণ্ডের বিচার বিভাগীয় তদন্ত ও বিচার হবে। যারা সহিংসতা চালিয়েছে, তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে।’

ওবায়দুল কাদের বলেন, ‘আন্দোলনের নামে শিক্ষার্থীদের হত্যা করে সরকারের ওপর দায় চাপানো হয়েছে। আমাদের কয়েক হাজার নেতা-কর্মী ও পুলিশের ওপর হামলা চালিয়ে আহত করেছে। নজিরবিহীন তাগুব চালিয়েছে। তাদের উদ্দেশ্য ছিল শেখ হাসিনার সরকারকে ক্ষমতা থেকে নামানো।’

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আরও বলেন, ‘৭১-এ যারা বেইমানি করেছে, হত্যাকাণ্ড চালিয়েছে, তারা এখনো বেইমান। এখানে ‘৭১-এর খুনি, ‘৭৫-এর খুনি, ২১ আগস্টের খুনি এবং ২৪ সালেও একই খুনি ও বিশ্বাসঘাতক। আর তারা হচ্ছে বিএনপি-জামায়াত।’

কতজন মারা গেছে সেই সংখ্যা সরকারের কাছে আছে কি না—এমন প্রশ্নের জবাবে ওবায়দুল কাদের বলেন, ‘আমরা খোঁজখবর নিচ্ছি। উত্তরায় জাহাঙ্গীরের (গাজীপুরের সাবেক মেয়র) সঙ্গে থাকে জুয়েল; তাঁকে মেরে লটকে রাখা হয়েছে। কী বর্বরতা! এ ছাড়া আরও হত্যাকাণ্ড হয়েছে। সবগুলোই বিএনপি-জামায়াতের সন্ত্রাসীরা করেছে।’ তিনি বলেন, ‘শিক্ষার্থীদের সব দাবি মেনে নিয়ে প্রজ্ঞাপন জারি করেছে। আমরা বরাবরই শিক্ষার্থীদের দাবি সমর্থন করে আসছি।’

বিএনপির ‘জাতীয় ঐক্যের’ ডাক

প্রথম পৃষ্ঠার পর

গণমাধ্যমে পাঠানো এক বিবৃতি এ তথ্য নিশ্চিত করেছেন।

ফখরুল বলেন, ‘জাতির এই ক্রান্তিলগ্নে জাতীয় বৃহত্তর স্বার্থে, লুপ্তিত গণতন্ত্র ও ভোটাধিকার পুনরুদ্ধার, অধিকারহীন জনগণের ও জাতির মুক্তির লক্ষ্যে আমরা উপরোক্ত ন্যূনতম একদফার ভিত্তিতে এবং দাবিতে দেশের সব গণতান্ত্রিক রাজনৈতিক দল, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন, ব্যক্তি ও শক্তিকে ঐক্যবদ্ধ হয়ে একটি জাতীয় ঐক্য গঠনের আহ্বান জানাচ্ছি।’

তিনি আরও বলেন, ‘আমরা বিএনপির নেতৃত্বে যুগপৎ আন্দোলনের সব শরিক দল ও জোট, বাম-ডান সব রাজনৈতিক দল, বাংলাদেশ জামায়াতে ইসলামীসহ অন্যান্য ধর্মভিত্তিক ও সব ইসলামী রাজনৈতিক দল এবং সংগঠনের প্রতি জাতীয় ঐক্যের আহ্বান জানাচ্ছি। ‘সময় ও যোগাযোগের প্রতিবন্ধকতার কারণে বিবৃতির মাধ্যমে সম্মতি প্রদান করা যেতে পারে,’ উল্লেখ করেন বিএনপি মহাসচিব।

বিএনপি নেতাদের গ্রেপ্তার ও গুম করে নির্যাতন করা হচ্ছে

কোটা আন্দোলনকে কেন্দ্র করে দলের নেতা-কর্মীদের গ্রেপ্তারের পাশাপাশি তাদের গুম করে নির্যাতনের অভিযোগ করেছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। এ ঘটনাকে ‘আইন ও মানবাধিকারের চরম লঙ্ঘন’ উল্লেখ করে সরকারকে এই কর্মকাণ্ড পরিহারের আহ্বান জানিয়েছেন তিনি।

গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে

তিনি এই আহ্বান জানান।

বিবৃতিতে বিএনপি মহাসচিব বলেন, ‘গ্রেপ্তারকৃত নেতৃবৃন্দকে গুম করে রেখে নির্যাতন চালিয়ে তিন-চার কিংবা পাঁচ দিন পর আদালতে হাজির করা হচ্ছে— যা আইন ও মানবাধিকারের চরম লঙ্ঘন। দেশের নাগরিকদের গুম করার ভয়াবহ সংস্কৃতি চালু রেখে মানুষের মনে ভীতি সঞ্চার করা হচ্ছে। সরকারকে এ ধরনের লোমহর্ষক কর্মকাণ্ড পরিহারের আহ্বান জানাচ্ছি।’

মির্জা ফখরুল বলেন, শিক্ষার্থীদের ওপর সরকারদলীয় সন্ত্রাসী ও আইনশৃঙ্খলা বাহিনী যৌথভাবে হামলা চালিয়ে ইতিহাসে হতাহতের যে বর্বরোচিত নজির স্থাপন করেছে তা দেশ-বিদেশের সব স্বৈরাচারের নির্মম নিষ্ঠুরতাকেও হার মানিয়েছে। অবৈধ সরকার নিজেদের সন্ত্রাসী কর্মকাণ্ড ও ব্যর্থতা আড়াল করতে বিএনপিসহ বিরোধী দলগুলোর নেতা-

সরকারকে পদত্যাগের আহ্বান জানিয়ে বিএনপি মহাসচিব বলেন, ‘যে সরকার ক্ষমতায় থাকার জন্য নির্মমভাবে নিরীহ মানুষকে হত্যা করতে পারে এবং রাষ্ট্রীয় সম্পদ ও স্থাপনার নিরাপত্তা দিতে পারে না, সেই সরকারের ক্ষমতায় থাকার কোনো নৈতিক অধিকার নেই।

কর্মী এবং সাধারণ মানুষকে নির্বিচারে গ্রেপ্তার করে যাচ্ছে।

বিবৃতিতে সাদ্য আইন প্রত্যাহারসহ সেনাবাহিনীকে ব্যারাকে ফিরিয়ে নেওয়ার দাবি জানান বিএনপি মহাসচিব। তিনি বলেন, ‘ছাত্র-জনতার ন্যায়সংগত আন্দোলনকে দমন করতে সেনাবাহিনীকে ব্যবহার কখনোই গ্রহণযোগ্য নয়। অবিলম্বে সাদ্য আইন প্রত্যাহার এবং সেনাবাহিনীকে ব্যারাকে ফিরিয়ে নেওয়ার দাবি জানাচ্ছি।’

সরকারকে ঈশিয়ার করে দিয়ে তিনি বলেন, ‘গত কয়েক দিন যে পরিমাণে নিরীহ ছাত্র-জনতাকে গুলি চালিয়ে পাখির মতো হত্যা করা হয়েছে, গণহত্যা চালানো হয়েছে—তা পাকিস্তানি হানাদার বাহিনীর কথাই মনে করিয়ে দেয়। কতজন নিরীহ মানুষকে হত্যা ও পঙ্কু করা হয়েছে জনগণ তার সঠিক পরিসংখ্যান জানতে চায়। এ ছাড়া জনগণের টাকায় কেনা কী পরিমাণ গোলাবারুদ, টিয়ার শেল, সাউন্ড গ্রেনেড শিক্ষার্থীদের ওপর ব্যবহার করা হয়েছে তার হিসাবও জনগণ জানতে চায়। রাষ্ট্রের টাকায় কেনা হেলিকপ্টার দিয়ে মানুষ হত্যার জবাব জনগণ একদিন কড়ায়-গুণ্ডায় আদায় করে নেবে।’

বিবৃতিতে সরকারকে পদত্যাগের আহ্বান জানিয়ে বিএনপি মহাসচিব বলেন, ‘যে সরকার ক্ষমতায় থাকার জন্য নির্মমভাবে নিরীহ মানুষকে হত্যা করতে পারে এবং রাষ্ট্রীয় সম্পদ ও স্থাপনার নিরাপত্তা দিতে পারে না, সেই সরকারের ক্ষমতায় থাকার কোনো নৈতিক অধিকার নেই। তাই এই অবৈধ সরকারকে বলব, অবিলম্বে পদত্যাগ করে জনগণের জানমালের নিরাপত্তা বিধান করার লক্ষ্যে নির্দলীয় নিরপেক্ষ সরকারের কাছে ক্ষমতা হস্তান্তর করে নিরপেক্ষ নির্বাচনের ব্যবস্থা নিন।’



GOLDEN AGE HOME CARE

Licensed Home Health Care Agency

সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী

হোম কেয়ার

HHA/PCA & CDPAP SERVICE



যারা হোম কেয়ার সার্ভিস পাচ্ছেন
বাকী ভাড়া বাবদ সরকার থেকে
প্রতিমাসে ৮০০ ডলার পেতে পারেন
আজই যোগাযোগ করুন

প্রশিক্ষণ ছাড়াই
ঘরে বসে আপনজনকে
সেবা দিয়ে অর্থ
উপার্জন করুন

এজি আনলিমিটেড ইন্টারনেটসহ
স্যাংসাম গ্যালাক্সী ট্যাব
সম্পূর্ণ ফ্রি

সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা

CALL: (718) 775-7852

SHAH NAWAZ ^{MBA}
President & CEO
Cell: 646-591-8396

Email: info@goldenagehomecare.com

Jackson Hts Office 71-24 35th Avenue Jackson Hts, NY 11372 Ph: 718-775-7852 Fax: 917-396-4115	Bronx Office 831 Burke Avenue Bronx, NY 10467 Ph: 347-449-5983 Fax: 347-275-9834	Yonkers Office 558 E Kimball Ave Yonkers, NY 10704 Ph: 718-844-4092 Fax: 917-396-4115	Jamaica Ave. Office 180-15 Jamaica Ave Jamaica, NY 11432 Ph: 718-785-6883 Fax: 917-396-4115
---	--	---	---

www.goldenagehomecare.com

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী



এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়। বিনামূল্যে ব্লাড সুগার মনিটর ২৫% ছাড় কুপন সহ যে কোন পন্য ক্রয়ে প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়। ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই



- প্রতিদিন সর্বোচ্ছ কম মূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়
- সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ কেয়ার, প্রসাধনী সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ এন্ড বিউটি কেয়ার
- ফটোকপি ৫ সেন্ট, ■ ফ্যাক্স সার্ভিস ■ ৯৯ সেন্ট এ উপহার কার্ড ■ ফিল্ম প্রসেসিং

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহন করে থাকি।

আমাদের অন্য কোন শাখা নেই আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

PARKCHESTER FAMILY PHARMACY (347) 851-2688

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড ব্রুকস, নিউইয়র্ক - ১০৪৬২



রিমান্ড শেষে কারাগারে ডাকসুর সাবেক ভিপি নুর

ঢাকা ডেস্ক

গত ১৮ জুলাই ঢাকার সেতু ভবনে অগ্নিসংযোগের ঘটনায় দায়ের করা মামলায় ডাকসুর সাবেক সহ-সভাপতি নুরুল হক নুরকে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত।

মামলার তদন্ত কর্মকর্তা ডিবির পরিদর্শক আবু সাঈদ মিয়া নুরকে পাঁচ দিনের রিমান্ড শেষে আদালতে হাজির করলে ঢাকা মহানগর হাকিম শাকিল আহমেদ এ আদেশ দেন। ফরোয়ার্ডিং প্রতিবেদনে মামলার তদন্ত কর্মকর্তা বলেন, রিমান্ডে নুর ঘটনা সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য দিয়েছেন। তদন্ত শেষ না হওয়া পর্যন্ত তাকে কারাগারে আটক রাখার আবেদনও করেন ডিবির পরিদর্শক।

তবে, আসামিপক্ষের আইনজীবী এই ঘটনার সঙ্গে তার মক্কেল জড়িত নয় বলে তার পক্ষে জামিন আবেদন জমা দেন।

উভয়পক্ষের শুনানি নিয়ে ম্যাজিস্ট্রেট আসামিপক্ষের আবেদন নামঞ্জুর করে নুরকে ঢাকা কেন্দ্রীয় কারাগারে পাঠান।

পুলিশ গ্রেপ্তার করার পর গত ২১ জুলাই ঢাকার আরেকটি আদালত নুরের পাঁচ দিনের রিমান্ড মঞ্জুর করেন।

গতকাল একই মামলায় বাংলাদেশ জাতীয় পার্টির (মঞ্জু) চেয়ারম্যান আন্দালিব রহমান পার্শ্ব ও ব্যবসায়ী কে এম রেজাউল হাসানাত ডেভিডকে গ্রেপ্তার করে পুলিশ। পরে ঢাকার আদালত তাদের পাঁচ দিনের রিমান্ড মঞ্জুর করেন।

১৮ জুলাই প্রায় ২৫০-৩০০ অজ্ঞাত ব্যক্তি সেতু ভবনে হামলা চালায়, অনেক যানবাহন ভাঙচুর করে এবং বিভিন্ন শেড ও কক্ষেও ভাঙচুর চালায়। পরে সেগুলোতে আগুন ধরিয়ে দেয় তারা।

জাতীয় পার্টির কে কী করেছে, সব বের করব

রংপুরে স্বরাষ্ট্রমন্ত্রী

ঢাকা ডেস্ক

কোটা সংস্কার আন্দোলন সহিংস রূপ নেওয়ার পর জাতীয় পার্টির (জাপা) নেতারা কে কী করেছেন তা খুঁজে বের করার ঊর্শিয়ারি দিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল।

বৃহস্পতিবার রংপুর জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে আওয়ামী লীগ নেতা-কর্মীদের সঙ্গে মতবিনিময় সভায় এমন ঊর্শিয়ারি দেন মন্ত্রী। সভায় নেতা-কর্মীরা নাশকতার সঙ্গে রংপুর সিটি করপোরেশনের মেয়র মো. মোস্তাফিজার রহমান মোস্তফার সংশ্লিষ্টতার অভিযোগ করেন। মোস্তাফিজার রহমান জাতীয় পার্টির কো-চেয়ারম্যান।

অভিযোগের পরিপ্রেক্ষিতে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান আওয়ামী লীগ নেতা-কর্মীদের উদ্দেশে বলেন, ‘জাতীয় পার্টির কে কী করেছে, আমরা সব বের করব। আপনারা শুধু ধৈর্য ধরেন। আপনাদের কাজটা আপনারা করেন। আপনারা যে যেখানে পারেন, আমাদের ইনফরমেশন (তথ্য) দেন। এটা প্রশাসনের কাজ। প্রশাসনের কাজ প্রশাসন করবে।’

নেতা-কর্মীদের আইন নিজের হাতে তুলে না নেওয়ার আহ্বান জানিয়ে মন্ত্রী বলেন, ‘আপনাদের কাছে রিকোর্য়েস্ট (অনুরোধ), আপনারা যাঁর নাম আজকে বলছেন, তাঁর নামে যদি আপনাদের কাছে কোনো প্রমাণ থাকে, সেগুলো আমাদের প্রশাসনকে জানাবেন। আমাদের টিপু (সাবেক বাণিজ্যমন্ত্রী ও বর্তমান এমপি) ভাই আছেন, নেতারা আছেন, তাঁদের সঙ্গে কথা বলবেন।’

সভায় আরো বক্তব্য দেন সাবেক বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি এমপি, নাছিমা জামান ববি এমপি ও মহানগর পুলিশ কমিশনার মো. মনিরুজ্জামান। এ সময় রংপুরে সংঘর্ষ ও ভাঙচুরের প্রামাণ্যচিত্র উপস্থাপন করেন ডিসি মোহাম্মদ মোবাস্শের হাসান।

এর আগে দুপুরে ঢাকা থেকে

হেলিকপ্টারযোগে নগরীর সিও বাজার এলাকায় বিজিবির সদরদপ্তরে পৌঁছান স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। পরে সার্কিট হাউসে গার্ড অব অনার নিয়ে তিনি পরিদর্শন করেন দুর্ভৃতদের আগুনে পুড়ে যাওয়া তাজহাট থানা, রোকেয়া বিশ্ববিদ্যালয় ভিসির বাংলো, মহানগর ডিবি অপরাধ কার্যালয়, নবাবগঞ্জ পুলিশ ফাঁড়ি, জেলা ও মহানগর আওয়ামী লীগ কার্যালয় ও পরিবার পরিকল্পনা ভবন।

এ সময় সঙ্গে ছিলেন আইজিপি চৌধুরী আব্দুল্লাহ আল মামুন, স্থানীয় জনপ্রতিনিধি এবং আইনশৃঙ্খলা বাহিনীর উর্ধ্বতন কর্মকর্তারা। পরে শিল্পকলা একাডেমি মিলনায়তনে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য দেন মন্ত্রী।

খুব শিগগির স্বাভাবিক জীবনে ফিরতে পারব

বগুড়ায় স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান বলেন, ‘কোটা সংস্কার আন্দোলনের নামে ধ্বংসযজ্ঞ মোকাবিলায় প্রধানমন্ত্রীর নির্দেশে পুলিশ, র‍্যাব, বিজিবিকে সহযোগিতা করার জন্য সেনাবাহিনীকেও মাঠে নামানো হয়েছে। সাক্ষ্য আইন (কারফিউ) জারি করা হয়েছে। ধীরে ধীরে দেশ নরমালাইজড (স্বাভাবিক) হচ্ছে। খুব শিগগির আমরা নরমাল লাইফে (স্বাভাবিক জীবনে) ফিরতে পারব।’

বৃহস্পতিবার সন্ধ্যা ছয়টায় বগুড়া জেলা প্রশাসকের কার্যালয়ে এক সংবাদ ব্রিফিংয়ে আসাদুজ্জামান খান এ কথা বলেন। এর আগে তিনি বগুড়া জেলা আওয়ামী লীগ কার্যালয়সহ সহিসেতায় ক্ষতিগ্রস্ত স্থাপনা পরিদর্শন করেন এবং বগুড়া জেলা প্রশাসন ও জনপ্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় করেন।

আসাদুজ্জামান খান বলেন, রায়ের পর কোটা আন্দোলনকারীরা প্রধান বিচারপতি ও সরকারকে ধন্যবাদ দেওয়ার কথা। কিন্তু ইতিমধ্যে অনেক জল গড়িয়েছে। এই কোটা আন্দোলনের ওপর ভর করে যারা বাংলাদেশ চায়নি, যারা জঙ্গির উত্থান ঘটিয়েছিল, যারা সব সময়ই বাংলাদেশকে একটি অকার্যকর দেশে পরিচিত করতে চেয়েছিল—সেসব দল একত্র হয়ে ধ্বংসলীলা চালিয়েছে। সেই ধ্বংসলীলা থেকে বগুড়াও বাদ যায়নি। বগুড়ায় মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ধ্বংস করে দেওয়ার চেষ্টা করা হয়েছে। অথচ এখানে বীর মুক্তিযোদ্ধারা এই ইস্যুতে মাঠেই নামেননি।

Tax & Immigration Services



MOHAMMED PIER
Lic. Realestate Asso, Broker
EA, IRS, RTRP & notary Public
Cell: 917-678-8532



Tax
Immigration
Real Estate
Mortgage
Notary

INCOME TAX

Income Tax Serice & Direct Deposit
quick Refund & Electronic Filling

IMMIGRATION SERVICES

Citizenship & Family Application
Affidavit of Support & all forms
available

REAL ESTATE

For Buying & Selling houses
mortgage services

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোথ্রাম, ইকেজি, ফু, হজ্জ ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সুরেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:

30-04, 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500

JAMAICA OFFICE:

170-12 Highland Avenue
Jamaica Estates, NY- 11432
www.drmrahman.com

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

- **Represent Taxpayers for I.R.S./ State Audit**
- **Tax Preparation:**
Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- **Accounting:**
Payroll, Sales Tax, etc.
- **Business Licenses**

■ ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

Wasi Choudhury, EA

Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক

Member:

Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে
ও পেমেণ্ট করতে পারেন

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে
বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন
করা এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার
অনুরোধ হইল।

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

বাড়ি বিক্রয়!

ব্রুকলিন এলাকায় দুই ক্যামেরা
বাড়ি বিক্রয় করা হবে।

মোহাম্মদ

ক্যাসেল হিল এভিনিউ, জেরোগা এভিনিউ, মরিস পার্ক এবং পেলাম পার্কওয়ে। যা বাংলাদেশি কমিউনিটির প্রাণকেন্দ্রে। বাংলাদেশী সুপার মার্কেট, মসজিদ, ট্রেন, স্কুল খুব নিকটে।



আগ্রহীরা যোগাযোগ করুন :

আলি: 917-442-8648

জব জবহেল্প জব

JOB HELP & APPLICATION PROCESSING SERVICES

সরকারি জব	বেসরকারি জব	এপ্রিকেশন প্রসেসিং
১. পোস্টাল জব	১. কাস্টমার সার্ভিস	১. নিউ পাসপোর্ট/নবায়ন
২. সিটি জব	২. অফিস অ্যাডমিন	২. ডুয়েল সিটিজেনশিপ
৩. সিভিল সার্ভিস জব	৩. ম্যানুফ্যাকচারিং জব	৩. পাসপোর্ট কারেকশন
৪. ইউ.এস.এ জব	৪. ডেলিভারি জব	৪. ফুড স্ট্যাম্প
৫. এম.টি.এ জব	৫. রেস্টুরেন্ট জব	৫. NYC হাউজিং/এফোর্ডেবল
৬. আই.টি ইঞ্জিনিয়ার	৬. ট্রান্সপোর্টেশন জব	৬. মেইক রেজুমি/কভার লেটার



ট্রেনিং প্রোগ্রাম:

১. পোস্টাল জব (USPS) - (শনিবার-বৃহস্পতিবার)	(সে: ১০টা - বি: ৬টা)
২. ট্রাফিক এন.এজেন্ট	রবিবার (বি: ২টা - বি: ৪টা)
৩. স্কুল সেফটি এজেন্ট	মঙ্গলবার (সু: ১২টা - বি: ২টা)
৪. বেসিক কম্পিউটার	শনিবার (বি: ৩টা - বি: ৫টা)
৫. ৬ ঘন্টা ডি.ডি.সি (ডিফেন্ডিভ ড্রাইভিং কোর্স)	(সে: ১০টা - বি: ৬টা)
৬. ট্যুরস এন্ড ট্রাভেলস - (ন্যাশনাল/PA/নিউ ইয়র্ক এর ২০ টি স্থানে 1/2/3/5 দিনের ভ্রমণ।	

POSTAL JOB : (করণীয়):

- ১। একবার পাশ করলে ৫০টি স্টেটের যেকোনো স্টেটে জব নেয়া সম্ভব।
- ২। সব স্টেটে বেতন আউটডোর পজিশন 19.33/ঘন্টা, ইনডোর পজিশন 20.05/ঘন্টা।
- পেনশন, প্রমোশন, ওভারটাইম, ছুটি, ইন্সুরেন্স, ইত্যাদি সকল সুবিধা বিদ্যমান।
- ৩। পরীক্ষায় খুব ভাল স্কোর নিয়ে পাশ করতে হয়।
- ৪। গ্রীন কার্ড/সিটিজেন (৫ বৎসরের রেসিডেন্স) বয়স কমপক্ষে ১৮ বৎসর, উচ্চসীমা নাই।
- ৫। এব্যাপারে এক্সাম এর জন্য জব হেল্প সেন্টারের সহযোগিতা নিতে পারেন।
- ৬। নিয়মিত জব সার্চ এর ব্যাপারে "জব হেল্প" থেকে প্রশিক্ষণ দেয়া হয়।
- ৭। একবার ফেল করলে বা ইমপ্রুভমেন্ট দিতে হলে ২ বৎসর অপেক্ষা করতে হয়।
- ৮। আবেদন দাখিলের পর নিয়মিত ই-মেইল চেক করতে হয়। ইন্টারভিউ, ড্রাগটেস্ট, এক্সপের্ট/ডিক্রাইন, ব্যাকগ্রাউন্ড চেক ও ফিঙ্গারপ্রিন্ট এর ব্যাপারে অত্র প্রতিষ্ঠান জব পাওয়ার পূর্ব পর্যন্ত সার্বিক সহযোগিতা দিয়ে থাকে।

Job Help - Mob: 917-500-3937 Off: PH/FAX: 917-300-6160

148-45, Hillside Ave (2nd FL), Suite 203(A), Jamaica, NY 11435 By 'F' Train or Bus Q40, Q43, Q44, Q20A, Q20B to Sutphin Blvd.

জান্নাত ফার্মেসি

(জ্যাকসন হাইটসে সম্পূর্ণ বাংলাদেশী মালিকানাধীন প্রতিষ্ঠান)

GRAND RE-OPENING SALES



আপনার সেবায় আমরা নিয়োজিত

Now We Accept EBT, FOOD STAMP & OTC CARD

Bill Pay & Flexiload

Sim Activation

বাংলাদেশের ফোনে ফ্রিলোড

72-03 35th Ave, (Corner of 72nd St.) Jackson Heights, NY 11372

Tel: 718-732-4288, 718-835-2041, Fax: 718-732-4287,

Email: jannatpharmacy@gmail.com

ঔষধ সেবনের নির্দেশনা বাংলায় দেই

Free Delivery!

10% SENIOR DISCOUNT

Halal Vitamin & Supplements

5¢ Copy & \$1 Fax

Phone Cards & Flexiload

Huge 99¢ Sections

Open: Monday - Saturday

10:00 am to 8:00 pm

উডসাইডে আপনাদের পাশে

Bismillah Pharmacy

6409 Broadway woodside

NY 11377

Phone 718-685-2017

জামাইকার সার্টিফিন ব্রুয়ার্ডে বাংলাদেশীদের সেবায় নিয়োজিত

আস-সালাম ফার্মেসি



(সার্টিফিন ব্রুয়ার্ড, এফ ট্রেনের
সাবওয়ে এবং তাইমহল
রেস্টুরেন্টের নিকটে)

১৪৭-২৬, হিলসাইড এভিনিউ,
জামাইকা, নিউইয়র্ক ১১৪৩৫



ফোন: ৭১৮-২৯১-০৭১৭



Akash
Medical Care

আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD

Internal & Geriatric Medicine

হাটের ডাক্তার

Sudhesh Srivastava MD

Cardiologist

পায়ের ডাক্তার

Dr. M Nayeem

Podiatric Surgeon



Complete Physical & Follow up



DMV/TLC, School Physical



Flu Shots, Hajj & Umrah Vaccine



Blood, Urine Test, EKG



Immigration Physical



Podiatric Surgery



COVID Test & COVID Vaccine



All Types of Vaccine

FOR APPOINTMENT

718-431-0009

Hours:

Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

এ্যানি পার্থসহ ২৪ ঘণ্টায় গ্রেফতার আরও ১৩০০

কোটা সংস্কার আন্দোলন

ঢাকা অফিস

বিএনপির কেন্দ্রীয় যুগ্ম মহাসচিব শহীদউদ্দিন চৌধুরী এ্যানি, স্বাস্থ্যবিষয়ক সম্পাদক ডা. রফিকুল ইসলাম, যুববিষয়ক সহসম্পাদক মীর নেওয়াজ আলী, স্বেচ্ছাসেবক দলের সাদ মোর্শেদ হোসেন পাশ্চা সিকদারকে আটক করেছে পুলিশ।

আর বিএনপির ভাইস চেয়ারম্যান বরকত উল্লাহ বুলুকে না পেয়ে আটক করা হয়েছে তার ছেলে সানিয়াদকে। কোটা সংস্কার আন্দোলন ঘিরে নাশকতা, অগ্নিসংযোগ, পুলিশের ওপর হামলা, স্থাপনা ভাঙচুর, সরকারি কাজে বাধাসহ নানা অভিযোগে বৃহস্পতিবার রাজধানীর বিভিন্ন এলাকা থেকে তাদের আটক করা হয় বলে বিএনপির মিডিয়া সেকলের সদস্য শায়রুল কবির খান জানিয়েছেন।

এদিকে নাশকতাসহ অন্যান্য অভিযোগে এর আগে গ্রেফতার বিএনপি-জামায়াতের নেতাকর্মীসহ আরও ২৩৩ জনকে বৃহস্পতিবার কারাগারে পাঠিয়েছেন ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটের আদালত। এছাড়া সেতুভবনে হামলা ও অগ্নিসংযোগের ঘটনায় বনানী থানার মামলায় বাংলাদেশ জাতীয় পার্টির (বিজেপি) চেয়ারম্যান ও সাবেক সংসদ-সদস্য ব্যারিস্টার আন্দালিব রহমান পার্থ ৫ দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত।

এদিকে সহিংসতার অভিযোগে সারা দেশে পুলিশের অব্যাহত গ্রেফতার অভিযানে বুধবার রাত থেকে বৃহস্পতিবার পর্যন্ত বিএনপি-জামায়াতের আরও ১৩০০ নেতাকর্মীকে গ্রেফতার করা হয়েছে। যুগান্তর প্রতিবেদক, ব্যুরো ও প্রতিনিধিদের পাঠানো খবর-

ঢাকা : ব্যারিস্টার আন্দালিব রহমান পার্থ ও রেজাউল হাসনাত ডেভিডকে বৃহস্পতিবার বিকালে আদালতে হাজির করে ১০ দিনের রিমান্ডের আবেদন করেন মামলার তদন্ত কর্মকর্তা ডিবি পরিদর্শক আবু সাইদ মিয়া। পার্থর পক্ষে অ্যাডভোকেট আলী বাবর ও ডেভিডের পক্ষে অ্যাডভোকেট ফারুক আহম্মদ



আন্দালিব রহমান পার্থ

রিমান্ড বাতিল ও জামিন চেয়ে শুনানি করেন। পার্থর আইনজীবী আদালতকে জানান, তিনি (পার্থ) আদালতে কিছু বলতে চান। তখন আদালত অনুমতি দেন। এরপর পার্থ বলেন, আলহামদুলিল্লাহ, রাজনৈতিক জীবনে অল্প সময়ে আল্লাহর রহমতে অনেক মানুষের বিশ্বাসের জায়গায় যেতে পেরেছি। আমাদের মতো যারা পজিটিভ রাজনীতি করে, তাদের দেখে যেন আরও ১০টা ছেলে বাংলাদেশের রাজনীতিতে আসে। আমরাও চাই, আইনের শাসন হোক। রাজনীতি বাচলেই বাচবে দেশ। তিনি বলেন, রাতরাতি কোনো কিছু পরিবর্তন হয় না।

চলমান রাজনীতির কারণে একটা জেনারেশন রাজনীতি থেকে মুখ ফিরিয়ে নিয়েছে। সবকিছু আল্লাহতায়ালার হাতে, তিনিই সবচেয়ে বড় বিচারক। এরপর ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. সুলতান সোহাগ উদ্দিনের আদালত প্রত্যেকের পাঁচ দিনের রিমান্ড মঞ্জুর করেন। ডিএমপি মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের অতিরিক্ত উপকমিশনার (এডিসি) কেএন রায় নিয়তি বলেন, সহিংসত-নাশকতার ঘটনায় গোয়েন্দা তথ্য ও সিসিটিভি ফুটেজ বিশ্লেষণ করে জড়িতদের শনাক্ত ও গ্রেফতার করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় বৃহস্পতিবার ১২৮ মামলায় ৪৫১ জনকে গ্রেফতার দেখানো হয়েছে। এর মধ্যে ডিবি পুলিশ ২০১ জনকে গ্রেফতার করেছে।

ঢাকা রেঞ্জের ডিআইজি সৈয়দ নুরুল ইসলাম বলেন, কোটা সংস্কার আন্দোলন ঘিরে নাশকতার ঘটনায় কোনো শিক্ষার্থীর অংশগ্রহণের অস্তিত্ব



শহীদউদ্দিন চৌধুরী এ্যানি

এখনো পাওয়া যায়নি। বৃহস্পতিবার সাভারে ক্ষতিগ্রস্ত পুলিশ বস্তু, পুড়িয়ে দেওয়া সরকারি পশু হাসপাতাল, যানবাহন, মার্কেট ও গোয়েন্দা কার্যালয় পরিদর্শন শেষে সাভার মডেল থানায় এক প্রেস ব্রিফিংয়ে তিনি বলেন, এখন পর্যন্ত সহিংস ঘটনায় ঢাকা জেলার আশপাশের ৫ থানায় ১৯ মামলায় আড়াই শতাধিক ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছে।

চট্টগ্রামে হত্যা, সংঘর্ষ অগ্নিসংযোগ ও নাশকতার ঘটনায় নগরীতে ১৭টি মামলা করা হয়েছে। এসব মামলায় ২৪ ঘণ্টায় গ্রেফতার করা হয়েছে ৩৫ জনকে। সিএমপির এডিসি (গণমাধ্যম) কাজী মো. তারেক আজিজ এ তথ্য জানিয়েছেন। সিএমপি সূত্র জানায়, ১৭ মামলায় অজ্ঞাতনামা ৩৭ হাজার জনকে আসামি করা হয়েছে। এর মধ্যে ৪০৮ জনকে গ্রেফতার করা হয়েছে।

খুলনা মহানগর জামায়াতে ইসলামী উত্তর শাখার প্রযুক্তিবিষয়ক সম্পাদক এমজি সরোয়ারসহ ১৪ নেতাকর্মীকে গ্রেফতার করেছে পুলিশ। বৃহস্পতিবার নগরীর বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়েছে বলে জানান অতিরিক্ত পুলিশ কমিশনার (মিডিয়া) আহসান হাবীব।

রংপুর জেলার ৮ থানা ও রংপুর মহানগরের ৬টি থানার বিভিন্ন এলাকা থেকে ২৪ ঘণ্টায় ২১ জনকে গ্রেফতার করা হয়েছে। তাদের মধ্যে ১৫ জন বিএনপি ও ৬ জন জামায়াতের নেতাকর্মী। তাদের মধ্যে রংপুর মহানগরের বিভিন্ন থানা এলাকার ১১ জন এবং বাকিরা জেলার বিভিন্ন থানা এলাকার।

সৌজন্য: যুগান্তর

নিউজার্সিতে দক্ষিণ এশীয় নাট্য উৎসবে 'বাংলাদেশ থিয়াটার অফ আমেরিকা'

বিশেষ প্রতিনিধি

বহুজাতির দেশ আমেরিকায় বাংলা মঞ্চ নাটক ক্রমশ স্থান পাচ্ছে। বাংলাদেশি জনসমাজের অভিবাসন বৃদ্ধি পাওয়ার সাথে সাথে দক্ষিণ এশীয় সাংস্কৃতিক পরিমণ্ডলে বাঙ্গালীরাও ক্রমশ সাংস্কৃতিক তৎপরতায় বেশি করে জড়িত হচ্ছেন। উত্তর প্রজন্মের মাধ্যমে বহু জাতীয় এ দেশটিতে নিজেদের অস্তিত্বের পরিচয় ছড়িয়ে দেয়াই যেন লক্ষ্য।

গত ১৩ ও ১৮ জুলাই নিউজার্সিতে হয়ে গেল ১৯ তম সাউথ এশিয়ান থিয়েটার ফেস্টিভ্যাল। নিউজার্সির নিউ ব্রাসউইক পারফর্মিং আর্ট সেন্টার সরগরম হয়ে উঠেছিল বাঙ্গালীদের পদভারে। এই উৎসবের মূল হোতা ফার্মাসিস্ট ডঃ দীপন রায়। তিনি এপিক এক্টর্স ওয়ার্কশপ নাট্য দল থেকে এই উৎসব চালু করেন ২০০৫ সাল থেকে। তখন সব ছিল বাংলা নাটক। ক্রমশ এর পরিধি বাড়িয়ে দক্ষিণ ভারত এবং এশীয় দলগুলোকে সংযুক্ত করে এই উৎসব কে একটি আন্তর্জাতিক মানে দাঁড় করানো হয়েছে।

SATF সংগঠনে আছেন দুইজন বাংলাদেশি, স্বনামধন্য অভিনেতা গোলাম সরওয়ার হারুন এবং অভিনেতা , বাচিক শিল্পী ডাঃ ফারুক আজম। ইতিপূর্বে বাংলাদেশি দল SATF এ অংশগ্রহণ করেছে। তৌকির আহমেদ নির্দেশিত 'ইচ্ছা মৃত্যু' বিটিএর প্রযোজনায়। জামালউদ্দিন হোসেন নির্দেশিত 'বিবি সাব' এবং আইরিন পারভিন লোপা নির্দেশিত 'সেনাপতি' নাটক নিয়ে যুক্ত হয়েছিল ডাঃ ফারুক আজম সংগঠিত নিউজার্সির 'আস্থা' নাট্যদল।

বগুড়ায় ১৩ মামলায় আসামি ১ হাজার ৮৯

ঢাকা অফিস

বগুড়ায় কোটাবিরোধী আন্দোলনে সহিংসতায় ১৩টি মামলা হয়েছে। এসব মামলায় বৃহস্পতিবার পর্যন্ত ১ হাজার ৮৯ জনকে আসামি করা হয়েছে। এদের অধিকাংশই জামায়াত-বিএনপির।

জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আলী আজগর তালুকদার হেনোসহ ৮২ জনকে গ্রেফতার করেছে পুলিশ। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর



এবার একমাত্র বাংলাদেশি দল, বাংলাদেশ থিয়াটার অফ আমেরিকা অংশ গ্রহণ করেছে ১৯ তম দক্ষিণ এশিয় নাট্য উৎসবে। মূল নাটকটি নাট্যকার দারিও ফো 'এর ' দ্যা ভারচুয়াস বারগ্লার'। আনিকা মাহিন একা এর রূপান্তর করেছেন এবং রোকেয়া রাফিক বেবী নির্দেশিত 'একটি চুরির গল্পে' নাটক সমসাময়িকতাকে ধারণ করে চমৎকারভাবে মঞ্চায়িত হয়েছে।

হাস্য রসপূর্ণ ব্যঙ্গাত্মক এই একাঙ্কিকায় দর্শক আমোদিত হয়েছে। অভিনয়ে ছিলেন ফারুক আজম, মিতালি দাস, শরমিন রেজা ইভা ,জেফ হোসেন, ফজলুল কবির ও স্বপ্না কাওসার। টেকনিকাল পরিচালক ছিলেন জিয়াউল হক , সঙ্গীত সংযোজনায় শামিম মামুন লিটন এবং সুপার টাইটেল চালনায় আবু সুফিয়ান বিপ্লব। নাটকটিরইংরেজি সুপার টাইটেল লিখেছেন ডাঃ ফারুক আজম।

প্রবাসের নানা সীমাবদ্ধতায় চমৎকার

অভিনয় করেছেন বাংলাদেশ থিয়েটার অফ আমেরিকার নাট্যজনেরা।

বীর মুক্তিযোদ্ধা, লেখক, একুশে পদক প্রাপ্ত ব্যক্তিত্ব,প্লেইনসবোরো কাউন্সিলম্যান ড. নুরুন নবীকে বিশেষ মর্যাদায় পরিচয় করিয়ে দেন উৎসবের অধিকর্তা ডঃ দীপন রায়। ডঃ নুরুন নবী “ Didi IAS” এর নির্দেশক পিনাকী দত্তর হাতে প্লাক তুলে দেন।

দুইদিন ব্যাপী এই উৎসবে মোট আটটি নাটক ছিল। চারটি করে প্রতিদিন মঞ্চস্থ হয়েছে। দক্ষিণ এশীয় যুব প্রজন্মের লোকজনকে নিজেদের সাংস্কৃতির উৎসের সন্ধানে নাটকে দেখতে আগ্রহী দেখা গেছে। নতুন প্রজন্মের অনেকেই এসব নাটকের মঞ্চায়নে জড়িত বলে দেখা গেছে। মঞ্চ নাটকের চেতনাকে ধারণ করাকে উত্তর আমেরিকায় বাংলা নাটক এসব নতুন প্রজন্মের মাধ্যমেই বস্তুতি লাভ করবে বলে অনেকেই মন্তব্য করেছেন।

সদস্যরা পলাতক আসামিদের গ্রেফতারে অভিযান চালাচ্ছেন।

পুলিশের একটি সূত্র জানায়, সহিংসতায় শেরপুর থানার ওসি রেজাউল করিম রেজাসহ ৩৭ জন পুলিশ সদস্য আহত হয়েছেন। গুরুতর নয়জনকে বগুড়া পুলিশ হাসপাতালে ভর্তি করা হয়েছে। হামলাকারীদের ককটেল ও ইট-পাটকেল দিয়ে আঘাত করা হয়েছে।

সূত্রটি আরও জানায়, কোটা আন্দোলনে সহিংসতার ঘটনায়

বৃহস্পতিবার পর্যন্ত সদর থানায় ১৩টি মামলা হয়েছে। গত ১৬ জুন বিকালে শহরের সাতমাথায় জেলা আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা সম্পাদক সুলতান মাহমুদ খান রনির ব্যক্তিগত দুটি কার্যালয়ে (খান এন্টারপ্রাইজ) হামলা চালিয়ে ভাংচুর, তিন লক্ষাধিক টাকা ও মালামাল লুট ও অগ্নিসংযোগের ঘটনায়ও মামলা হয়েছে।

রনি নিজে বাদী হয়ে সদর থানায় এ মামলা করেন।

LEGAL NETWORK INTERNATIONAL, LLC

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির
সবচেয়ে আলোচিত, পরিচিত এবং
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

ইমিগ্রেশন/ এসাইল্যান্ট সেন্টার:
গ্রিন কার্ড ও নাগরিকত্ব

অর্ধ শতাব্দিক ATTORNEY এবং
CPA দের সমন্বয়ে গড়া

ALL SERVICE PROVIDED BY ATTORNEYS ADMITTED IN STATE & FEDERAL COURT, CPA, P.E ARCHITECT AND LICENSED PROFESSIONALS.

৩৭-৪৮-৭২ স্ট্রিট ২ তালা জ্যাকসন হাইটস নিউ ইয়র্ক ১১৩৭২
ফোন: ৯১৭-৭২২-১৪০৫, ৯১৭-৭২২-১৪৮
www.legalnetworkusa.com

MUNA CONVENTION

AUGUST 9TH - 11TH, 2024

ISLAM

PEACE & JUSTICE FOR HUMANITY

Join us this Summer

with families & friends

25,000+ Attendees from across the country

40+ World-Renowned Scholars

SCAN ME TO REGISTER

INQUIRIES? EMAIL US
CON.INFO@MUNA.US

DR. YASIR QADHI

DR. OMAR SULEIMAN

IMAM SIRAJ WAHHAJ

HARUN O RASHID

SHAUN KING

SHAYKH ABDUL NASIR JANGDA

DR. ABUL KALAM AZAD BASHAR

MUFTI HUSSAIN KAMANI

USTADHA TAIMIYYAH ZUBAIR

DR. ALTAF HUSAIN

CONVENTION HIGHLIGHTS

Separate Youth Conferences

Children's Learn & Fun

Lecture Series

Parallel Sessions

Young Sisters Programs

Separate women's cultural event

Sisters Programs

Matrimonial Services

Health Clinic

Cultural Events

Bazaar and Expo

Halal Food Counter

Discounted Hotels

PENNSYLVANIA CONVENTION CENTER

119 North Broad Street, Philadelphia, PA 19107

FOR BAZAAR BOOKING

MUNACONVENTION.COM

BAZAAR@MUNA.US

+1 (888) 824-MUNA

যুক্তরাষ্ট্রে মারা গেলেন সংগীতশিল্পী শাফিন আহমেদ

ইমা এলিস

ব্যান্ড তারকা ও সংগীতশিল্পী শাফিন আহমেদ আর নেই। যুক্তরাষ্ট্রের উত্তর ভার্জিনিয়ার সেন্টার মেডিকেল সেন্টারে স্থানীয় সময় সন্ধ্যা ৮টা ৫০ মিনিটে মারা গেছেন। মৃত্যুর বিষয়টি গণমাধ্যমকে নিশ্চিত করেছেন তার ভাই হামিন আহমেদ এবং নিউ ইয়র্কের শো টাইম মিউজিকের কর্ণধার আলমগীর খান আলম। শাফিনের ম্যাসিভ হার্ট অ্যাটাক হয়েছিল।

হামিন বলেন, ২০ জুলাই শাফিনের একটা কনসার্ট ছিল ভার্জিনিয়াতে। শোয়ের আগে অসুস্থ হয়ে পড়েন শাফিন। শোটা ক্যানসেল করেন তিনি। সেদিনই তাকে হাসপাতালে ভর্তি করা হয়। এরপর তার নানা অর্গান অকার্যকর হতে থাকলে তাকে লাইফ সাপোর্টে নেওয়া হয়। এরপর তাকে আর ফেরানো গেল না।

হামিন জানান, যুক্তরাষ্ট্র তাদের দুই কাজিন আছেন। তারা আপাতত শাফিনের কাছে আছেন। দ্রুতই ঢাকা থেকে যুক্তরাষ্ট্রে রওনা হবেন হামিন। এরপর বাংলা ব্যান্ডের এই কিংবদন্তি গায়কের মরদেহ দেশে ফেরানো হবে।



তার মৃত্যুর সংবাদ দ্রুত ছড়িয়ে পড়লে যুক্তরাষ্ট্র প্রবাসীদের মাঝে শোকের ছায়া নেমে আসে।

শাফিন আহমেদের জন্ম ১৯৬১ সালের ১৪ ফেব্রুয়ারি। মা কিংবদন্তি কণ্ঠশিল্পী ফিরোজা বেগম এবং বাবা সংগীতজ্ঞ কমল দাশগুপ্ত। এই পরিবারে জন্ম নেওয়ার কারণে ছোটবেলা থেকেই শাফিন আহমেদ গানের ভেতরেই বড় হন। শৈশবে বাবার

কাছে উচ্চাঙ্গসংগীত শিখেছেন আর মায়ের কাছে শিখেছেন নজরুলসংগীত।

এরপর বড় ভাই হামিন আহমেদসহ যুক্তরাজ্যে পড়াশোনার সুবাদে পাশ্চাত্য সংগীতের সংস্পর্শে এসে ব্যান্ডসংগীত শুরু করেন। দেশে ফিরে গড়ে তোলেন মাইলস। যা দেশের শীর্ষ ব্যান্ডের একটি এখনো। এই ব্যান্ডের ৯০ ভাগ গান শাফিন আহমেদের কণ্ঠে সৃষ্টি হয়েছে।

প্রেম ফিরে চেয়ে আর গাইবেন না শাফিন

ঢাকা অফিস

‘ফিরিয়ে দাও’, ‘জ্বালা জ্বালা’, ‘চাঁদ-তারা-সূর্যের’ মতো জনপ্রিয় সব গান সরাসরি আর শোনা যাবে না শাফিন আহমেদের কণ্ঠে। তার কণ্ঠে আর শোনা যাবে না ‘নীলা’, ‘প্রথম প্রেমের মতো’, ‘পিয়াসী মন’, ‘পাথুরে নদী জলে’ ‘আজ জন্মদিন তোমার’। গতকাল বৃহস্পতিবার সকালে যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়ার একটি হাসপাতালে মারা গেলেন ব্যান্ড মাইলসের অন্যতম এই প্রতিষ্ঠাতা।

শাফিন আহমেদের বড় ভাই হামিন আহমেদ তার মৃত্যুর খবর নিশ্চিত করেছেন। তাঁর বয়স হয়েছিল ৬৩ বছর। পারিবারিক সূত্র বলছে, তাঁর হার্ট অ্যাটাক হয়েছিল। যুক্তরাষ্ট্রের হাসপাতালে তাঁর হৃৎপিণ্ডে স্টেন্ট বসানো হয়। কিন্তু অক্সিজেন স্যাচুরেশন কমে এলে শাফিনকে লাইফ সাপোর্টে নিয়ে যাওয়া হয়। পরে বাংলাদেশ সময় গতকাল সকাল সাড়ে ৬টায়ে চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন। যুক্তরাষ্ট্রের কয়েকটি অঙ্গরাজ্যে গান গাইতে ৯ জুলাই ঢাকা ছাড়েন শাফিন। ২০ জুলাই যুক্তরাষ্ট্রের



ভার্জিনিয়ায় তাঁর দ্বিতীয় কনসার্টে অংশ নেওয়ার কথা ছিল। শো শুরু হওয়ার কিছুক্ষণ আগেই তিনি অসুস্থ হয়ে পড়েন। সঙ্গে সঙ্গে তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়। সেখান থেকে তিনি আর ফেরেননি। বাংলাদেশে ব্যান্ড সংগীতে শাফিন আহমেদ এক জনপ্রিয় নাম। মূলত মাইলস ব্যান্ডের মধ্য দিয়ে তাঁর জনপ্রিয়তা তৈরি হয়। প্রথম দিকে ইংরেজি গান করলেও পরে বাংলা গানেও অসাধারণ অবদান রাখেন ব্যান্ডটি।

১৯৬১ সালের ১৪ ফেব্রুয়ারি সংগীত পরিবারে জন্ম শাফিন আহমেদের। মা বিখ্যাত কণ্ঠশিল্পী ফিরোজা বেগম এবং বাবা প্রখ্যাত সুরকার কমল দাশগুপ্ত। সংগীতের আবেশ বেড়ে ওঠায় ছোট থেকেই সংগীতের

তালিম পেয়েছেন শাফিন। মায়ের কাছে শিখেছেন নজরুলসংগীত, বাবার কাছে ধ্রুপদি। এরপরে যুক্তরাজ্যে পড়ালেখার জন্য পাড়ি জমান। বিদেশেই মূলত ব্যান্ড সংগীতের প্রতি তাঁর আগ্রহ জন্মে। যুক্তরাজ্য থেকে ফিরে গড়ে তোলেন ব্যান্ড মাইলস।

১৯৭৯ সালে মাইলসের জন্ম। ২০১৯ সালে বছরব্যাপী প্রতিষ্ঠার ৪০ বছর পূর্তি উদ্‌যাপন করে ব্যান্ডটি। শুরুর দিকে শাফিন আহমেদ ঢাকার ইন্টারকন্টিনেন্টাল হোটেল (ঢাকা শেরাটন) নিয়মিত পারফর্ম করতেন। শুরুতে শুধু ইংরেজি গানই গাইতেন তাঁরা। তাঁদের প্রথম অ্যালবামটিও ছিল ইংরেজি। পরে ১৯৮২ সাল থেকে বাংলা গানের অ্যালবাম প্রকাশ করতে শুরু করেন।

শাফিন আহমেদ জী, এক ছেলে ও এক মেয়ে রেখে গেছেন। তাঁর জী নাইন আহমেদ এই মুহূর্তে যুক্তরাষ্ট্রে আছেন। পারিবারিক সূত্র বলছে, শাফিন আহমেদের মরদেহ বাংলাদেশে আনতে তাঁর পরিবারের সদস্যরা যুক্তরাষ্ট্রের উদ্দেশে রওনা হয়েছেন। সেখানে সব প্রক্রিয়া সম্পন্ন করে তাঁকে দেশে আনা হবে।

Foot Specialist
ALAM PODIATRY

পায়ের রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

70-17 37 Ave, Jackson Heights, NY 11372
166-05 Highland Ave, Suite L1, Jamaica, NY 11432

OUR SERVICES

Diabetic Foot Exam

Heel Injection

Ingrown Toenail

Fungal Toenails

Fracture Management

Diabetic Shoes

Foot Surgery

Vascular and nerve Testing

On-site X-ray Availabe

We Accept all Major insurance Plan

Dr. Sadi Alam, DPM

নিউ ইয়র্কে বাংলাদেশি চিকিৎসকের পরামর্শ নিন





CONTACT US
347-509-4470
www.alampodiatry.com

Accepting New Patients

AGRA PALACE RESTAURANT & PARTY HALL

আগ্রা প্যালেস রেষ্টুরেন্ট এণ্ড পার্টি হল

বিয়ে, জন্মদিন, বেবী শাওয়ার, গ্রাজুয়েশন, অভিষেক, সভা-সেমিনারসহ সকল ধরনের অনুষ্ঠানের জন্য একটি অভিজাত রেষ্টুরেন্ট ও পার্টি হল।



- সুন্দর ও মানোরম পরিবেশ।
- সু-সজ্জিত বিশাল পার্টি হল।
- অভিজ্ঞ ও দক্ষ শেফ এর তত্ত্বাবধানে তৈরী হালকা খাবার পরিবেশনা।
- ছোট বড় সকল ধরনের অনুষ্ঠানের জন্য আসন সংখ্যা ৫০ থেকে ৪৫০।

INDOOR & OUTDOOR CATERING AVAILABLE

বুকিং ও বিস্তারিত জানতে যোগাযোগ করুন

Agra Palace

Restaurant & Party Hall






ADDRESS: 116-33 Queens Blvd, Forest Hills, New York, NY 11375

Contact : (917) 362-1336, 929-521-2019 , 718-261-8880



A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005



EARN 100K TO 200K PER YEAR

- Selenium Automation Testing
- SQL Server Database Administration
- Business Analyst

PROVIDED JOBS TO 7000+ STUDENTS. 100% JOB PLACEMENT RECORD FOR THE LAST 17 YEARS.

Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu

Authorized Employment Agency by:



Certified Training Institute by:



If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:

info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস

অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবী দ্বারা পরিচালিত আইনী প্রতিষ্ঠান

LAW OFFICES OF SURDEZ & PEREZ, P.C.



We Specialize in Personal Injury and Negligence Cases

Call us:
718-482-7766, 917-562-1368

প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে

Free Consultation

কেবলমাত্র কেইসে সাক্ষ্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি

আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রেসমূহ:

- গাড়ী দুর্ঘটনা
- বাস, ট্রেন অথবা মোটর সাইকেল
- প্রাইভেট ইনজুরি
- এপার্টমেন্ট একসিডেন্ট
- ভুল দ্রব্যাদি বিক্রি
- খেলার মাঠে দুর্ঘটনা
- বার্ষিক ইনজুরি
- নির্মাণ কাজে দুর্ঘটনা
- নিম্নলিখিত পড়ে গেলে
- লেভে পড়ানি
- ভুল কামড়ালে
- জাহাজের ভুল চিকিৎসা

আমাদের বৈশিষ্ট্যসমূহ:

অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্নী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সত্যতা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে ব্যয়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা

যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন



Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com

32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103

www.surdezperetzlaw.com



Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে অর্থ উপার্জন করুন

\$২১ প্রতি ঘন্টা

নিউইয়র্ক স্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিডিপেপ/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা স্বশুভ-স্বাস্থ্য, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।

কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।

আজই যোগাযোগ করুন:

গিয়াস আহমেদ, চেয়ারম্যান / সিইও / ৯১৭-৭৪৪-৭৩০৮

Corporate Office 37-05 74st, 2nd Fl Jackson Heights, NY 11372 917-744-7308, 718-457-0813	Long Island Office 1 Blacksmith Lane Dix Hill, NY 11731 718-406-5549	Bronx Office 2148 Starling Ave. Bronx, NY 10462 917-744-7308, 718-457-0813	Ozone Park Office 175 B Forbell Street Brooklyn, NY 11208 Tel: 917-744-7308	Buffalo Office 642 Walden Avenue Buffalo, NY 14211 Tel: 347-837-1162
--	--	--	---	--



বারী সুপার মার্কেট

WE CARE FOR YOUR NEEDS



বারী হোম কেয়ার

Your Health Our Care



পার্টি হলে বুকিং নেওয়া হচ্ছে




BARI SUPERMARKET

WE ACCEPT EBT

আমরা ইথিটি ও ফুড ট্যাক্স গ্রহণ করি



Munmun Hasina Bari
Chairman
Bari Supermarket



আপনজনদের সেবা করে আয়ের সুবর্ণ সুযোগ নিন

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের সিডিপেপ একটি নতুন সেবায় এর আওতায় আপনি ঘরে বসে আপনার পরিবারের সদস্য বা প্রিয়জনের সেবা করে প্রতি সপ্তাহে আয়ের সুবর্ণ সুযোগ নিতে পারেন। এটি একটি সহজ পদ্ধতি। আমরা আপনার হয়ে সমস্ত কাজ করে আয়ের সুযোগ করে দিব।

আপনার প্রিয়জনের সেবার সময় ঘরত মেডিকেইড বহন করবে। এটি সম্পূর্ণ আইনসম্মত।

আপনজনদের আর একা থাকতে হবে না, আমরা আছি আপনারদের সেবায়।

হোম কেয়ার সুবিধা পেতে আমরা কোন চার্জ করি না।

কোয়ার্টারের আবকাশ ও অনুমতিসহ অন্য শেইড লিফ পেয়ে থাকেন।

আমরা মেডিকেইড/প্রাণ/ফুড স্ট্যাম্প নতুন করে আবেদন এবং নবায়নের জন্য সাহায্য করে থাকি।

CALL US TODAY:
718-898-7100, 631-428-1901
Fax: 646-630-9581








গত ফেব্রুয়ারি মাসে জাম্বাদাকে মার্কিন কৌশলিরা হেরোইনের চেয়েও শক্তিশালী মাদক ফেন্টানাইল তৈরি ও



বিতরণের অভিযোগে অভিযুক্ত করেছিলেন। এই মাদকটিকে আমেরিকায় ওপিওড সংকটের জন্য দায়ী করা হয়। এর আগে মার্কিন কর্তৃপক্ষ জানিয়েছিল, ১৮ থেকে ৪৫ বছর বয়সী আমেরিকানদের মৃত্যুর প্রধান কারণ ফেন্টানাইল।

জাম্বাদা ও জোয়াকিন গুজমান লোপেজ একটি ফ্লাইট থেকে টেক্সাসের এল পাসো বিমানবন্দরে অবতরণের পরপরই তাদের গ্রেপ্তার করা হয়।

মেক্সিকান ও মার্কিন কর্মকর্তাদের বরাত দিয়ে ওয়াল স্ট্রিট জার্নাল জানায়,

জাম্বাদাকে কয়েক মাস ধরে হোমল্যান্ড সিকিউরিটি ইনভেস্টিগেশন এবং এফবিআই নজরে রেখেছিল।

বৃহস্পতিবার সন্ধ্যায় একটি লিখিত বিবৃতিতে মার্কিন অ্যাটর্নি জেনারেল মেরিক গারল্যান্ড জানান, এই দুই ব্যক্তি বিশ্বের অন্যতম সহিংস ও শক্তিশালী মাদক পাচারকারী সংগঠনের নেতৃত্ব দেন।

মার্কিন অ্যাটর্নি জেনারেল বলেন, ‘ফেন্টানাইল হলো আমাদের দেশে সবচেয়ে মরণঘাতী মাদক যা দেশের জন্য মারাত্মক হুমকির কারণ। প্রত্যেক কার্টেল নেতা ও তাদের সহযোগীকে ধরে শান্তির আওয়াজ না আনা পর্যন্ত আমাদের বিচার বিভাগ থামবে না।’

আমেরিকান কৌশলিদের দাবি, সিনালোয়া কার্টেল মার্কিন যুক্তরাষ্ট্রে মাদকের সবচেয়ে বড় সরবরাহকারী প্রতিষ্ঠান।

SECURITY CAMERA

আপনার বাসা, ব্যবসা প্রতিষ্ঠান ও কর্মস্থলে সিকিউরিটি ক্যামেরা লাগিয়ে, দেশ-বিদেশে যেখানেই থাকুন বাসায় বসে আপনার মোবাইল ফোনে লাইভ ভিডিও দেখুন



কোন মাসিক ফি ও হিডেন চার্জ নেই।

আমরা সবসময় ফোন রিসিভ করি

কম্পিউটার রিপায়ার, সাউন্ড সিস্টেম ও অফিস নেটওয়ার্কিং এর কাজ করি।

PH-929-257-2015

JOY SECURITY SYSTEM INC
170-05 Hillside Ave Jamaica, NY-11432

মনজিলুর রহমান

সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে বাংলাদেশে আন্দোলনরত শিক্ষার্থীদের উপর নিপীড়ন ও হত্যার প্রতিবাদে প্রতিবাদ সমাবেশসহ নানা কর্মসূচি পালন করেছে যুক্তরাষ্ট্রের জর্জিয়া অঙ্গরাজ্যের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত প্রবাসী বাংলাদেশি শিক্ষার্থী ও তাঁদের অভিভাবকরা।

১৯ জুলাই শুক্রবার স্থানীয় মার্শার ইউনিভার্সিটি , জর্জিয়া ও স্টেট ইউনিভার্সিটি অব জর্জিয়ায় যথাক্রমে বিকেল ৩ টা ও সন্ধ্যা ৬টায় এসব কর্মসূচি পালন করা হয়।

এ সময় তারা বাংলাদেশের জাতীয় পতাকাসহ নিজেদের দাবি সংবলিত বিভিন্ন প্ল্যাকার্ড বহন করেন। সমাবেশ থেকে কোটার যৌক্তিক সংস্কার এবং আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর হামলার সুষ্ঠু তদন্ত ও বিচার দাবি করা হয়।

প্রতিবাদ সমাবেশে সংক্ষিপ্ত রাখেন ড. নাসির উদ্দিন ও ড. রাফি হাসান। তারা বলেন স্কুল - কলেজের ছাত্র-



ছাত্রীদের উপর এই ধরনের নৃশংস হামলা, হত্যা অত্যন্ত ন্যাকারজনক। অবিলম্বে এই নিপীড়ন বন্ধ করতে হবে। সমাবেশে বেশ কয়েক জন মার্কিনী ছাত্র-ছাত্রীও বাংলাদেশের এই আন্দোলনের প্রতি সংহতি প্রকাশ করেন।

স্টেট ইউনিভার্সিটি অব জর্জিয়ার সমাবেশেও একই ধরনের মানববন্ধন ও সমাবেশ করা হয় , সেখানে বাংলাদেশি

কম্যুনিটির মধ্য থেকে মোহাম্মদ রহমান আজাদ, শহিদুল ইসলাম ঠান্ডু, মোহাম্মদ আলি সজল, নাহিদুল খান সাহেলসহ আরো অনেক জর্জিয়া প্রবাসী বাংলাদেশি মানববন্ধন ও সমাবেশে অংশ গ্রহণ করেন।

১৮ জুলাই বৃহস্পতিবার সন্ধ্যা ৭ টায় স্থানীয় গ্লোবাল মল প্রাঙ্গণেও অনুরূপ একটি মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

জব জব জব

আপনি কি আমেরিকাতে একটি সরকারী জব খুজছেন? আপনার কি হাইস্কুল ডিপ্লোমা, ব্যাচেলর অথবা মাস্টার ডিগ্রী আছে? বাংলাদেশি অথবা ইউএস থেকে যদি থাকে তাহলে আর দেরী না করে আমাদের টিমে যোগ দিন এবং আপনার পছন্দমত ফিল্ডে একটি প্রফেশনাল জবের জন্য চেষ্টা করুন।

সিভিল সার্ভিস পরীক্ষায় (সিটি, স্টেট এবং ফেডারেল জবের) আপনারদের সর্বোচ্চ স্কোর পাওয়ার জন্য আমাদের সর্বোত্তম প্রচেষ্টা থাকে এবং সেজন্যই আমরা প্রার্থীকে প্রস্তুত করে নেই। (মাধ্যম, ইংরেজী এবং অন্যান্য ট্রিক প্রশ্নাবলী সমূহ আমাদের নিজস্ব প্রিপারেশন গাইড ব্যাংক)। আমেরিকার অন্য স্টেট থেকেও আমাদের টিমে যোগ দিতে পারেন।

তাত্ক্ষাঙ্ক প্রফেশনাল রিজুমি, কভার লেটার এবং ফেইস টু ফেইস ইন্টারভিউ-এর জন্য তৈরী করা হয়। যাদের একাউন্টিং বেকগ্রাউন্ড তাদেরকে কুইকবুক, পিচট্রি, পেরুল ও একাউন্টিং-এর টিউটরিয়ংসহ সবাইকে কম্পিউটার বেসিক শিখানো হয়।


অগ্রহী প্রার্থীরা আজই যোগাযোগ করুন - ৭১৮-৫৩০-২৬০৫
email: roudro123@yahoo.com

এম এ আমান (বর্তমানে নিউইয়র্ক স্ট্যাট গভ-এ কর্মরত)

সাকসেস মাস্টিপারপাস এন্ড কারিয়ার কনসাল্টিং ফর্ম (প্রতিরীতা)
সার্টিফাইড বিজনেস কারিয়ার অল টিচার, দ্যা স্টেট ইউনিভার্সিটি অফ নিউইয়র্ক (জব ডেভলপার)
ব্রাজন সার্টিফিক্ট টিচার, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশন এবং
লেকচারার ইন একাউন্টিং, এম এল আই, নিউ ইয়র্ক, কুইপ

নিহতের সংখ্যা জানতে চান কূটনীতিকরা: পররাষ্ট্রমন্ত্রী

ঢাকা ডেস্ক



হাছান মাহমুদ

কোটা সংস্কার আন্দোলন ঘিরে সহিংসতায় ঠিক কতজন নিহত হয়েছে, তা কূটনীতিকরা সহ সবাই জানতে চান বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। নিহতের সংখ্যা নিরূপণে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কাজ করছে বলে জানিয়েছেন তিনি। ২৪ জুলাই বুধবার কূটনীতিকদের ধ্বংসাত্মক স্থান দেখানোর পর সন্ধ্যায় রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় ব্রিফিংয়ে এক প্রশ্নের জবাবে এ তথ্য জানান পররাষ্ট্রমন্ত্রী।

আইনশৃঙ্খলা রক্ষায় রাস্তায় জাতিসংঘের লোগো সংবলিত গাড়ি ব্যবহার নিয়ে প্রশ্ন করলে মন্ত্রী বলেন, জাতিসংঘের কোনো গাড়ি ব্যবহার হচ্ছে না। গাড়িগুলো জাতিসংঘ শান্তি মিশনে ভাড়া দেওয়া হয়েছিল। সেই গাড়ির লোগো মোছা হয়নি। এখন সেগুলো মুছে দেওয়া হয়েছে।

এর আগে ২৪ জুলাই ঢাকায় থাকা সব কূটনীতিক মিশনের রাষ্ট্রদূত ও প্রতিনিধিদের ধ্বংসাত্মক স্থান পরিদর্শনে নিয়ে যায় পররাষ্ট্র মন্ত্রণালয়। ৪৯ মিশনের প্রতিনিধিরা এ পরিদর্শনে যোগ দিয়েছিলেন। এর মধ্যে ২৩ জন রাষ্ট্রদূত ছিলেন। এ কঠিন সময়ে অর্ধেক দিনের নোটিশে এতজন রাষ্ট্রদূত ও কূটনীতিকের পরিদর্শনে যাওয়া সহজ বিষয় নয় বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী।

তবে সূত্র জানায়, ধ্বংসাত্মক স্থান পরিদর্শনের সময় জাতিসংঘের মনোনীত এক কূটনীতিককে থাকতে দেয়নি পররাষ্ট্র মন্ত্রণালয়। জাতিসংঘের সেই কূটনীতিকের নাম আনন্দ আলোকাবান্দারা, তিনি শ্রীলঙ্কার নাগরিক। তিনি ঢাকায় জাতিসংঘ কার্যালয়ে নিরাপত্তা উপদেষ্টা হিসেবে কর্মরত রয়েছেন।

২৪ জুলাই পররাষ্ট্র মন্ত্রণালয়ের আয়োজনে ধ্বংসাত্মক স্থান পরিদর্শনে জাতিসংঘের ঢাকা কার্যালয় থেকে দু'জনকে মনোনীত করা হয়েছিল। এর মধ্যে থেকে কেন একজনকে বাদ দেওয়া হয়েছে, তার ব্যাখ্যা তারা সরকারের

কাছে চেয়েছেন বলে সংবাদমাধ্যমকে জানিয়েছেন।

ধ্বংসাত্মক স্থান পরিদর্শনে জাতিসংঘের কোনো প্রতিনিধি ছিল কিনা— ব্রিফিংয়ে এর উত্তরে ড. হাছান মাহমুদ বলেন, জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী বাংলাদেশে নেই। অন্য কেউ গিয়ে ছিলেন কিনা, তা যাচাই করে বলতে হবে।

যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসে বাংলাদেশ মিশনের সামনে বিক্ষোভ নিয়ে পররাষ্ট্রমন্ত্রী বলেন, ‘ওই বিক্ষোভে পাকিস্তানিরা যোগ দিয়েছিল। বেশ কয়েকজন পাকিস্তানি এ বিক্ষোভ আয়োজনের সঙ্গে যুক্ত ছিল। একইভাবে বিভিন্ন দেশে বাংলাদেশ মিশনের সামনে বিক্ষোভ হয়েছে। আর সেই দেশগুলোতে পাকিস্তানিদের সহায়তায় এ বিক্ষোভের আয়োজন ছিল বিএনপি-জামায়াত। বিএনপি-জামায়াত পাকিস্তানিদের সহায়তা নিয়েছে। বিদেশে বিভিন্ন স্থানে গুজব ছড়ানো হচ্ছে। এগুলোর বিষয়ে আমাদের কাছে সুনির্দিষ্ট তথ্য রয়েছে।’

মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশে বিক্ষোভ করার সময় বাংলাদেশিদের আটক করা নিয়ে তিনি বলেন, ‘বিক্ষোভ করার কারণে বাংলাদেশিদের আটক করা হয়েছে। সংযুক্ত আরব আমিরাত ৫৪ জনকে শাস্তি দেওয়া হয়েছে। তিব্বতকে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়েছে। একজনকে ১১ বছর ও বেশ কয়েকজনকে দেওয়া হয়েছে ১০ বছরের কারাদণ্ড। একইভাবে আরও কয়েকটি দেশে গ্রেপ্তার ও দণ্ড দেওয়া হয়েছে। সৌদি আরবের রাষ্ট্রদূত জানিয়েছেন, সেখানেও বিক্ষোভ করায় গ্রেপ্তার করা হয়েছে।’

আরব আমিরাত শ্রমিক নেওয়া বন্ধ করেছে— খবরটি ভুল জানিয়ে পররাষ্ট্রমন্ত্রী বলেন, এটি ভুল খবর ছাড়া হয়েছে। যাচাই না করে খবর প্রকাশ করা সমীচীন হয়নি। ইউএই রাষ্ট্রদূত জানিয়েছেন, এ ধরনের কোনো সিদ্ধান্ত তারা নেননি।

আন্দোলন ঘিরে কতজন গ্রেপ্তার হয়েছে ও মধ্যপ্রাচ্যের দেশগুলোতে আটক বাংলাদেশিদের ছাড়ানোর বিষয়ে প্রশ্ন করলে মন্ত্রী বলেন, গ্রেপ্তারের সংখ্যা জেনে বলতে হবে। দেশগুলো তাদের অভ্যন্তরীণ আইনে বাংলাদেশিদের গ্রেপ্তার করেছে ও শাস্তি দিয়েছে।

অলিম্পিক উদ্বোধনের আগে ফ্রান্সের রেল নেটওয়ার্কে হামলা- অগ্নিসংযোগ

উত্তর আমেরিকা ডেস্ক

ফ্রান্সে উচ্চ গতির রেলওয়ে নেটওয়ার্কে সহিংস হামলা চালানো হয়েছে। ঘটেছে অগ্নিসংযোগের ঘটনায়ও। এতে অন্তত ৮ লাখ ভ্রমণকারী বিপাকে পড়েছেন। বিষয়টি নিশ্চিত করেছে ফ্রান্সের রেল সেবাদানকারী প্রতিষ্ঠান এসএনসিএফ। তবে কে বা কারা এই হামলা চালিয়েছে তা এখনো নিশ্চিত হওয়া যায়নি। ফরাসি সংবাদমাধ্যম ফ্রান্স-২৪ এর প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে।

প্রতিবেদনে বলা হয়েছে, ফ্রান্সের রেল নেটওয়ার্কে এমন এক সময়ে এই হামলার ঘটনা ঘটল যার মাত্র কয়েক ঘণ্টা পরেই পর্দা উঠতে যাচ্ছে বিশ্বের অন্যতম জনপ্রিয় ক্রীড়া আসর অলিম্পিকের। এই আসরের উদ্বোধনী অনুষ্ঠানের ঠিক কয়েক ঘণ্টা আগে এই সহিংসতার ঘটনা ঘটল।

একটি সূত্র নাম প্রকাশ না করার শর্তে বার্তা সংস্থা এএফপিকে জানিয়েছে, হামলাকারী সূচতুর সমন্বয়ের মাধ্যমে পুরো রেল নেটওয়ার্কে এই নাশকতা চালিয়েছে। এসএনসিএফ বলেছে, ‘এই ভয়াবহ ধরনের আক্রমণ আমাদের চিভিজি নেটওয়ার্ককে পঙ্গু করে দিয়েছে।’ সংস্থাটি জানিয়েছে, এই হামলার ফলে অনেকগুলো রেলুট্রেনের যাত্রা বাতিল করতে হয়েছে। উল্লেখ্য, চিভিজি হলো হাই-স্পিড রেল বা উচ্চ গতির রেলের সংক্ষিপ্ত রূপ।

ফ্রান্সের জাতীয় রেল সেবাদানকারী প্রতিষ্ঠান এসএনসিএফ বলেছে, ‘গতকাল (স্থানীয় সময় বৃহস্পতিবার) এসএনসিএফ একযোগে অনেকগুলো সহিংস আক্রমণের শিকার হয়েছে।’ সংস্থাটি জানিয়েছে, এর ফলে দেশের আটলান্টিক উপকূলীয় অঞ্চল, উত্তরাঞ্চল ও পূর্বাঞ্চলের সবগুলো লাইন ক্ষতিগ্রস্ত হয়েছে।

এসএনসিএফ—এর বিবৃতিতে আরও বলা হয়েছে, মূল লাইনের বাইরে অন্যান্য লাইনে ট্রেনগুলো স্থানান্তরের চেষ্টা করা হচ্ছে। তারপরও বিপুলসংখ্যক ট্রেনের যাত্রা বাতিল করতে হবে। সংস্থাটি জানিয়েছে, ফ্রান্সের দক্ষিণ-পূর্বাঞ্চলীয় লাইনগুলো সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে।

CHAUDRI CPA P.C.
 FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING

Sarwar Chaudri, CPA, MBA
 ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
 অহেতুক ঝামেলা এড়াতে
 অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
 ট্যাক্স ফাইলিং করুন

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
 অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
 অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
 আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স
 সমস্যা সমাধানে অভিজ্ঞ

Individual and Business Tax
 Audit, Financial Statement
 Bookkeeping, Non-Profit
 Business Setup, Licensing & Payroll
 Specialized in IRS &
 NYS Tax problem resolution

Finance, Accounting, Tax Filing, Audit & Consulting
 (Business & Not for Profit)

JACKSON HEIGHT OFFICE:
 74-09 37th Ave, Bruson Building, Suite # 203
 Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
 Fax: 718-865-0874, Cell: 347-415-4546
 E-mail: chaudricpa@gmail.com

BRONX OFFICE:
 1595 Westchester Avenue
 Bronx, NY 10472
 Cell: 347-415-4546 / 347-771-5041
 E-mail: chaudricpa@gmail.com

**Save Yourself
This Tax Season**

Nizamul Wahed Shahir, EA
 Licensed Real Estate Agent
 M.Com (Accounting)

Mob : 347-498-5117
Tel : 917-775-6329
Fax : 716-780-8225
Email: ustaxbazaar@gmail.com

প্রফেশনাল ও নির্ভুল ট্যাক্স ফাইল বা আপনার ট্যাক্স সংক্রান্ত যেকোন প্রশ্নে
 আমরা যত্নবান ও আন্তরিক।

Tax
Immigration
Real Estate

● Income Tax and Accounting Services For:
 Individual, Sole Proprietor, Partnership, Corporation and LLC.
 ● Sales and Payroll Tax ● Business Licenses and Setup ● FBAR and FATCA Filing
 ● Notary Public ● Immigration Form Fill-Up Services
 ● Credit Repair, Real State and much more...

Member of

184-02 Hillside Ave, Jamaica, NY-11432
162-11 89th Ave, 5B, Jamaica, NY-11432

হোম কেয়ার

আপনার আত্মীয়
 স্বজন, আপনজন
 ও অন্যান্যদের
 সেবা দিয়ে অর্থ
 উপার্জন করুন

এতে কোন
 প্রশিক্ষণের
 প্রয়োজন নেই।
 এবং আমরা কোন
 ফি চার্জ করি না।

Mamun Ur Rashid
 President
917-476-8914

বেশি ঘন্টা ও সর্বোচ্চ পেমেন্ট
 পাবার জন্য আজই কল করুন

**PROHEALTH
HOMECARE**
 (Ordinary People, Extraordinary Care)

375 McDonald Ave, Brooklyn, NY 11218
 Tel: 718-633-1112, Fax : 718-633-1117



কোটা সংস্কার আন্দোলনে নিহতদের স্মরণে সারাদেশে মসজিদে দোয়া

ঢাকা ডেস্ক

কোটা বিরোধী আন্দোলনকে কেন্দ্র করে সৃষ্ট সহিংসতায় নিহতদের স্মরণ ও আহতদের সুস্থতা কামনায় সারা দেশের পাড়া-মহল্লার মসজিদে মসজিদে দোয়া করা হয়েছে।

শুক্রবার (২৬ জুলাই) রাজধানীর মসজিদগুলোতে জুমার নামাজ শেষে মোনাজাতের অংশে সাম্প্রতিক সময়ে সহিংসতায় নিহতদের স্মরণ ও আহতদের সুস্থতা কামনায় দোয়া করা হয়।

ঢাকার পাড়া-মহল্লার বিভিন্ন মসজিদে থেকে এ বিষয়ে দোয়া করা হয়েছে বলে জানিয়েছেন মুসল্লিরা। দোয়ায় বলা হয়, সাম্প্রতিক সময়ে সহিংসতায় যারা নিহত হয়েছেন, তাদের জীবনের গুনাহ মাফ করে আল্লাহ যেন উত্তম জামাত নসিব করেন। পাশাপাশি সহিংসতায় যারা আহত হয়েছেন, আল্লাহ যেন তাদের দ্রুত সুস্থতা দান করেন।

এদিন রাজধানীর বায়তুল মোকাররম জাতীয় মসজিদেও কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে সম্প্রতি ঢাকাসহ সারাদেশে ‘বিএনপি-জামায়াতের সহিংসতায়’ নিহত শিক্ষার্থীসহ প্রাণ হারানো সাধারণ মানুষদের আত্মার মাগফিরাত এবং আহতদের দ্রুত সুস্থতা কামনা করে বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়েছে। এছাড়াও রাজধানীর ওয়ারী থানাধীন সকল মসজিদে দোয়া অনুষ্ঠিত হয়েছে। ওয়ারী থানা আওয়ামী লীগের সভাপতি চৌধুরী

আশিকুর রহমান লাভলু এবং সাধারণ সম্পাদক হাজী আবুল হোসেন থানা-ওয়ার্ডের নেতাদের প্রতিটি মসজিদে আলাদাভাবে উপস্থিত হয়ে নামাজ আদায় এবং সতর্কভাবে পর্যবেক্ষন করেছেন। ঢাকা-৫ নির্বাচনী সংসদ সদস্য আলহাজ্ব মশিউর রহমান মোল্লা সজল ডেমরা-যাত্রাবাড়ী ও আংশিক কদমতলী থানাধীন ১৪টি ওয়ার্ডের সবক’টি মসজিদে বিশেষ দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করে। যাত্রাবাড়ীর আদর্শবাগের বায়তুস ছালাম, বায়তুল হোসেন, আহাম্মদ শাহী, বায়তুল হাসানসহ ২২টি। ৪৯ নং ওয়ার্ডে গাউসুল আজম জামে মসজিদ, নারিকেল বাগান জামে মসজিদ, গোলাপবাগ বিশ্বরোড জামে মসজিদ, সায়েরাবাদ দরবার শরিফ জামে মসজিদ, কাজীদরগা জামে মসজিদসহ ১২টি। ৪৮নং ওয়ার্ডে মক্কী মসজিদ বিবির বাগিচা ৪ নং গেট, বাগে জামাত জামে মসজিদ বিবির বাগিচা, মাদ্রাসা মসজিদ নতুন পাড়া, মদিনা জামে মসজিদ কলার আড়ত রোড, বাগবাড়ী বাইতুর রহমান জামে মসজিদ কবরস্থান রোড, কুয়েতি মসজিদ সায়দাবাদসহ ১১টি। ৬৬ নং ওয়ার্ডে আয়েশা জামে মসজিদ-ডগাইরবাজার কবরস্থান কেন্দ্রীয় মসজিদসহ ২৮টি। ৬৫ নং ওয়ার্ডে মাতুয়াইল কবরস্থান কেন্দ্রীয় জামে মসজিদসহ ১৮টি। ৬৪নং ওয়ার্ডে সিরাজউদ্দিন রোড নূর মসজিদ-কাঠেরপুল জামে মসজিদসহ ১৬টি

মসজিদে বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়েছে। ঢাকা-৪ আসনের সংসদ সদস্য ড. আওলাদ হোসেন নির্বাচনী এলাকার প্রতিটি মসজিদে মসজিদে বিশেষ দোয়া মাহফিলে অংশ নেন। একইভাবে ঢাকা মহানগর উত্তর-দক্ষিনের প্রতিটি মসজিদে দলের নির্দেশনা মেনে সতর্ক থেকে মসজিদে মসজিদে নামাজ আদায় করেছেন আওয়ামী লীগের নেতাকর্মীরা। গত বৃহস্পতিবার দলের দপ্তর সম্পাদক বিপ্লব বড়ুয়ার সহি করা এ সংক্রান্ত বিবৃতিতে বলা হয়, সম্প্রতি ঢাকাসহ সারা দেশে বিএনপি-জামায়াতের সহিংসতায় নিহত শিক্ষার্থীসহ সাধারণ মানুষ যারা প্রাণ হারিয়েছেন, তাদের আত্মার মাগফেরাত এবং আহতদের দ্রুত সুস্থতা কামনা করে শুক্রবার বাদ জুমা মসজিদ মসজিদে দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হবে। একই সঙ্গে আগামীকাল রোববার দেশের মন্দির, মঠ, গির্জা ও প্যাগোডাসহ সব ধর্মীয় উপাসনালয়ে বিশেষ প্রার্থনার আয়োজন করা হবে।

এদিকে, প্রধানমন্ত্রীর প্রেস উইং থেকে বলা হয়, টোটাল শাটডাউন চলাকালে ব্যাপক অগ্নিসংগ্রাস ও নশকতার কারণে যারা মৃত্যুবরণ করেছেন, তাদের প্রতি শোক জ্ঞাপন ও বিদেহী আত্মার মঙ্গল কামনা এবং আহতদের দ্রুত সুস্থতা কামনা করে রোববার দেশের সব মন্দির, প্যাগোডা ও গির্জায় সুবিধামতো সময়ে প্রার্থনা অনুষ্ঠিত হবে।

ভলকার তুর্ক: ‘প্রাণহানির ঘটনা অবশ্যই তদন্ত করতে হবে’

নিউজ ডেস্ক

জাতিসংঘের মানবাধিকারবিষয়ক হাইকমিশনার ভলকার তুর্ক বাংলাদেশে দমন-পীড়নের নিন্দা জানিয়েছেন। একইসঙ্গে তিনি আন্তর্জাতিক মানবাধিকার মানদণ্ডের প্রতি শ্রদ্ধাশীল হওয়ার আহ্বান জানিয়েছেন। ২৬ জুলাই শুক্রবার ঢাকার জাতিসংঘ তথ্য কেন্দ্রের অফিস এ তথ্য জানিয়েছে।

জাতিসংঘের মানবাধিকার প্রধান ভলকার তুর্ক বাংলাদেশ সরকারের কাছে জরুরিভাবে গত সপ্তাহের বিক্ষোভ দমন, ভয়াবহ সহিংসতা সম্পর্কে বিশদ বিবরণ প্রকাশ এবং সব আইন প্রয়োগকারী কার্যক্রম যেন আন্তর্জাতিক মানবাধিকারের নিয়ম ও মানদণ্ড মেনে চলে, তা নিশ্চিত করার আহ্বান জানিয়েছেন।

সর্বশেষ তথ্য অনুসারে (চাকরিতে কোটা বিষয়ে) সরকারের নীতির বিরুদ্ধে ছাত্র প্রতিবাদ ও যুব আন্দোলনে ১৭০

জনেরও বেশি মানুষ নিহত হয়েছেন। আহত হয়েছেন হাজারেরও বেশি- যাদের অনেকে চিকিৎসার অধিকার থেকে বঞ্চিত হয়েছেন। প্রাপ্ত তথ্যে আরও দেখা গেছে, কমপক্ষে দুজন সাংবাদিক নিহত হয়েছেন। গুরুতর আহত হয়েছেন অনেকে।

বিরোধীদলীয় নেতাসহ কয়েক হাজার মানুষকে গ্রেপ্তার করা হয়েছে।

জাতিসংঘের মানবাধিকারবিষয়ক হাইকমিশনার আরও বলেন, আমরা অবগত হয়েছি, সরকার সমর্থকদের মাধ্যমে অসংখ্য মানুষ সহিংসতার শিকার হয়েছেন, যাদের সুরক্ষায় কোনো ব্যবস্থা নেওয়া হয়নি।

“জনগণের মনে যে গভীর আত্মার সংকট তৈরি হয়েছে তা ফিরিয়ে আনতে হবে। যেসব কারণে সহিংসতা সৃষ্টি হয়েছে, তা বন্ধে আলাপ-আলোচনার সহায়ক পরিবেশ তৈরি করতে হবে। সরকারের প্রতি আমার আহ্বান, প্রতিবাদ নিয়ন্ত্রণ ও শক্তি প্রয়োগের ক্ষেত্রে

আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে আন্তর্জাতিক মানবাধিকারের নীতিমালা ও মানদণ্ড অনুসরণ করতে হবে।”

তিনি আন্তর্জাতিক আইনের আলোকে ইন্টারনেট চালু করতে সরকারের প্রতি আহ্বান জানান, যাতে মুক্ত যোগাযোগ নিশ্চিত সাংবাদিক এবং মিডিয়া প্রতিষ্ঠানসহ জনসাধারণ অবাধে ইন্টারনেট ব্যবহার করতে পারে। তিনি আরও বলেন, সরকারকে অবশ্যই নিহত, আহত ও আটক ব্যক্তিদের সম্পর্কে তাদের পরিবারের কল্যাণের স্বার্থে বিস্তারিত তথ্য জানাতে হবে।

হাইকমিশনার আরও বলেন, নির্বিচার পদক্ষেপ যেমন- উদ্দেশ্যমূলকভাবে আইনের লঙ্ঘন। নাগরিকের মতামত প্রকাশের স্বাধীনতা, শান্তিপূর্ণ সমাবেশ, অন্যান্য অধিকার চর্চা, চলাচলের স্বাধীনতা, স্বাস্থ্য ও শিক্ষাঅধিকার এবং অর্থনৈতিক অধিকারসমূহের প্রতি শ্রদ্ধা প্রদর্শনে রাষ্ট্রগুলোর বাধ্যবাধকতা রয়েছে।

জি.এম. আলম মাল্টি সার্ভিসেস ইনক্

ট্যাক্স

★ পারসনাল ট্যাক্স

★ বিজনেস ট্যাক্স

★ সেল্‌স ট্যাক্স

★ বিজনেস সেটআপ

AUTHORIZED

IRS

E-file

PROVIDER

ইমিগ্রেশন

★ ফ্যামিলি সিটিশন

★ সিটিজেনশীপ আবেদন

★ ক্রীপকার্ড নবায়ন

★ সব ধরনের এফিডেভিট

আলম টুর এন্ড ট্রাভেলস

AIR TICKET

• Emirates • Qatar Airways • Etihad Airways • Turkish Airlines • Saudia & More

(646) 685-3785, (212) 810-0449

E: Alamtravels@gmail.com, WWW.Alamtourandtravels.com

Immigrant Elder Home care LLC

Authorized Homecare Provider Department of Health, State of New York

সিটিজেনশীপ টেস্টের জন্য ডিপার্টমেন্টের সিটিজেনশীপ/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনাকে ঘরে ঘরেই আপনার নিজ-ঘর, স্বজন-স্বজন, আত্মীয়-জন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে সর্ব উপার্জন করতে পারেন।

ঘরে বসেই সিটিজেনদের সেবার মাধ্যমে প্রতি ঘণ্টা ২১.০০ ডলার পর্যন্ত উপার্জন করুন

কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।

Jahangir M Alam

President & CEO

72-26 Roosevelt Ave, 2nd Fl, Suite # 201, Jackson Heights, NY 11372

Office: (718) 433-9283, Cell: (212) 810-0449

E: jmalamms@gmail.com (347) 891-7070

ভিজিট বা ষ্টুডেন্ট অথবা ট্রানজিট বা অন্য যে-কোন ভিসায়

কিংম্বা মেক্সিকো বর্ডার দিয়ে আমেরিকায় আগতদের বৈধতার বিষয়ে ফ্রি পরামর্শ

এসাইলাম এর মাধ্যমে ৭ মাসের মধ্যে ওয়ার্ক পার্মিট ও সোসাল সিকিউরিটি'র ১০০% নিশ্চয়তা

E2

EB3

L1A

EB5

SIJS

VAWA

POLITICAL ASYLUM

আমেরিকান সিটিজেন বিয়ে করার পরও যদি গ্রীনকার্ড পেতে সমস্যায় পরে যান - নিশ্চিত্তে চলে আসুন আমাদের কাছে। আমরা গ্রীনকার্ড এপ্লিকেশনও প্রসেস করি। স্পাউসের অসহযোগীতায় গ্রীনকার্ড থেকে কন্ডিশন রিমোভ করতে সমস্যা হলে আমাদের সংগে যোগাযোগ করুন। মনে রাখবেন, আপনাকে গ্রীনকার্ড আপনার স্বামী বা স্ত্রী দেয়নি, দিয়েছে ইউএসসিআইএস। সুতরাং আপনার গ্রীনকার্ড রিভোক করার কোন ক্ষমতা-ই আপনার স্পাউসের নেই। বিয়ের মাধ্যমে পাওয়া কন্ডিশনাল গ্রীনকার্ডটি পারিবারিক সমস্যা বা অশান্তি অথবা কোন ভুলের কারণে টিকিয়ে রাখা ঝুঁকিপূর্ণ হলে নিশ্চিত্তে আমাদের সংগে কথা বলুন।

এসাইলাম | ওয়ার্ক পার্মিট (EAD) | সোসাল সিকিউরিটি (SSN) | ভাওয়া (VAWA) | গ্রীনকার্ড | সিটিজেনশীপ

ইবি-থ্রি (এমপ্লয়মেন্ট বেইজড গ্রীনকার্ড) ভিসায় এডজাস্টমেন্ট বা বাংলাদেশে বসবাসরতদের ইবি-থ্রি'তে আমেরিকায় নিয়ে আসতে যাবতীয় সহায়তা করি। আমেরিকায় নিজস্ব কোম্পানী রেজিস্ট্রেশন, নিজ নামে ইআইএন প্রাপ্তি ও ব্যাংক একাউন্ট; এবং নতুন ব্যবসা শুরু করতে যাবতীয় সহায়তা করি।

আমেরিকায় নতুন এসে থাকলে আমাদের সংগে অন্তত একবার কথা বলুন -

গ্যারান্টি দিচ্ছি এদেশে আপনার চলার পথ অনেকটাই মসৃণ ও সহজ হয়ে উঠবে

(718) 839-5812

টেল্‌স্ট করুন, আমরা কল ব্যাক করবো

163-10 HILLSIDE AVE, JAMAICA, NY 11432

OLD CLUB HALL

১৬৩-১০ হিলসাইড এভিনিউ, জামাইকা, নিউ ইয়র্ক ১১৪৩২

১৬৩-১০ হিলসাইড এভিনিউ, জামাইকা, নিউ ইয়র্ক ১১৪৩২

সকলেই আক্রান্ত, তাহলে জিতল কে?

ফারুক ওয়াসিফ

বাংলাদেশে সবকিছু এখন পাইকারি হারে ঘটছে। শান্তিপূর্ণ ছাত্র আন্দোলন দমনে পাইকারি বল প্রয়োগ করা হয়েছে। পাইকারি গোলাগুলিতে ২০০ জনেরও বেশি মানুষের প্রাণহানি ঘটেছে; বেশির ভাগই শিক্ষার্থী। পাইকারি হারে কোল খালি হয়েছে অনেক মায়ের। পুলিশ ও ছাত্রলীগেও আহত কম নয়। অন্তত তিনজন পুলিশ সদস্য নিহত হয়েছেন। আন্দোলনের মধ্যে পাইকারিভাবে রাষ্ট্রীয় সম্পদের ধ্বংস ঘটেছে। এখন চলছে পাইকারি হারে গ্রেপ্তার। মামলা হয়েছে অজ্ঞাতনামা ৬০ হাজার নাগরিকের বিরুদ্ধে।

লাশগুলো তরুণদের, লাশগুলোর গায়ে বিভিন্ন রকমের বুলেটের চিহ্ন— রাবার বুলেট, বারুদ বুলেট ইত্যাদি। লাশগুলো আগামীর বাংলাদেশের। একটা পুরো প্রজন্মের বুকে যে ক্ষতচিহ্ন তৈরি হলো, তার দাগ থেকে যাবে দীর্ঘদিন। শুধু তরুণ প্রজন্ম নয়, যারা নাকি কিশোর-কিশোরী, তারাও এতটা আবেগে উদ্বেল হয়নি কখনও। ওরা সবাই মোটামুটি ডিজিটাল বিশ্বায়নের সন্তান। দিন-দুনিয়ার খবর রাখে। কোনো বিভেদের জালে এরা ধরা দেয় না। এদের সহজেই কোনো মিথ্যা বুঝে বশ মানানো যাবে না। হিন্দু-মুসলিম, আধুনিক ও রক্ষণশীল, ধনীর দুলাল ও গরিবের সন্তান সব এক কাতারে এখন। অসহায় শিক্ষার্থীদের মৃত্যুদৃশ্য চাক্ষুষ করেছে যে কোটি কোটি মানুষ, তারা এই দুঃসহ স্মৃতি, এই জ্বালা ধরানো শোক থেকে সহসা মুক্তি পাবে না। সুতরাং শান্তি সুদূরপর্যাহত।

চলমান জ্বলন্ত অশান্তির কারণগুলো রহস্যের চাদরে ঢাকা। সরকার যদি কোটা সংস্কার আন্দোলনের দাবির চেয়ে বেশি হারে কোটা বাতিল করবে, তাহলে কেন তিরস্কার-টিটকারি করা হলো? সবই যদি মেনে নেওয়া হবে, তাহলে কেন এত দেরি করা হলো, কেন এত রক্তপাতের আয়োজন হলো? এত রক্তপাতের পরে কি আর বিশ্বাস করা যায় যে, সরকার গোড়া থেকেই ছাত্রসমাজের দাবির প্রতি সহানুভূতিশীল ছিল?

দ্বিতীয় প্রশ্নটা স্পর্শকাতর। এ রকম গণবিক্ষোরণের পরিস্থিতি যে তৈরি হয়ে ছিল, মানুষের বুকে যে এত রাগ ও ঘৃণা জমা ছিল, তা কেন সরকারের কোনো সংস্থাই জানতে পারেনি? তাহলে কি নবাবুর্ণ ভট্টাচার্যের ওই কথাটাই সত্যি যে, কখন কোথায় বিক্ষোরণ ঘটেবে তা জানতে রাষ্ট্রের বাকি আছে। যদি জানতই, তবে ঈশিয়ার হয়নি কেন?



এখন দেখা যাচ্ছে, ক্ষমতাসীন এবং ছাত্র-জনতাসহ সকলেই ঝুঁকিতে? ভেতরে-বাইরে বাংলাদেশটাই যদি বিপন্ন, জড়িত সকল পক্ষই যদি নাস্তানাবুদ, তাহলে লাভ হলো কার? হাওয়ার ওপর তাওয়া ভেজে গেল কে?

এত নিখুঁতভাবে বিদেশি ঋণনির্ভর প্রকল্পগুলো— মেট্রোরেল, এক্সপ্রেস হাইওয়েতে বিধ্বংসী আক্রমণ করা করল? যে বিএনপি-জামায়াত গত ৭ জন্মযারির নির্বাচনের আগে-পরে কিছুই করতে পারেনি, তারা হঠাৎ করে এত সক্ষমতা অর্জন করে ফেলল যে, রাষ্ট্রই তাদের কাছে কাবু হয়ে গেল? যে বিএনপি গত বৃহস্পতি ও শুক্রবার প্রেস ক্লাবে জমায়ত ও বায়তুল মোকাররমে গায়েবানা জনাজার কর্মসূচি দিয়েও ৫ মিনিটের বেশি দাঁড়াতেই পারল না, স্বরাষ্ট্রমন্ত্রীর অভিযোগ মোতাবেক, তারা কী করে সারাদেশে আগুন জ্বালিয়ে ফেলল? নাকি ভিনগ্রহ থেকে এলিয়েনরা সত্যি সত্যিই এসেছিল? কোথাও থেকে যখন পরিস্কার উত্তর মিলছে না, তখন এলিয়েন

কিংবা ভূতে বিশ্বাস করা ছাড়া উপায় কী?

আন্দোলন হয় প্রকাশ্যে, ষড়যন্ত্র হয় গোপনে। প্রকাশ্য আন্দোলনকে কেন ষড়যন্ত্র বলা হচ্ছিল? তাহলে কি ২০১৮ সালের প্রথম কোটা সংস্কার আন্দোলনও ষড়যন্ত্র ছিল?

কোটা সংস্কার আন্দোলন, তা দমন এবং তাকে ঘিরে ‘নাশকতা’ বিরল কিছু নজির প্রতিষ্ঠা করেছে: ১. এই প্রথম নির্দলীয়, অরাজনৈতিক এবং স্বল্প পরিচিত ছাত্রনেতাদের ডাকে দেশজুড়ে অভূতপূর্ব ‘কমপ্লিট শাটডাউন’ চলেছে। ২. এই প্রথম বিক্ষোভ দমনে হেলিকপ্টার ব্যবহৃত হয়েছে। ৩. স্বাধীন বাংলাদেশে এর আগে কখনও এমন অচলাবস্থা হয়নি। ৪. বেসামরিক সরকারের নির্দেশে এমন দীর্ঘ কারফিউ আগে কখনও দেখা যায়নি। ৫. রাজনৈতিক দলগুলোর এতটা দিশাহীন চেহারাও আগে দেখা যায়নি।

পাশাপাশি কিছু জ্বলন্ত প্রশ্নের গায়ে হাত দেওয়াই যাচ্ছে না। যেমন, ১. মাত্র তিন-চার দিনে রাজপথে এত বেশি লাশ আগে কখনও পড়েছে? ২.

এমন ইন্টারনেট ব্ল্যাক আউটে বাংলাদেশ আর কখনও পড়েছে? ৩. রাষ্ট্রের ভবিষ্যৎ, সরকারের ভবিষ্যৎ এবং গণতন্ত্রের ভবিষ্যৎ নিয়ে এত অনিশ্চয়তা কি গত চার দশকে দেখা গিয়েছিল? এত বিকল্পহীনতার আশঙ্কাও আগে কখনও দানা বাঁধেনি।

পাহাড়ের ঢাল বেয়ে গড়ানো পাথরকে থামানো যায় না, তা থামে একদম নিচে পাহাড়ের পাদদেশের সমতল মাটিতে। সেই সমতলে গিয়ে কবে যে আমরা দাঁড়াতে পারব, বলতে পারি না।

এই বিষয়ে সবাই একমত হবেন যে, তরুণদের জন্য বিপজ্জনক হয়ে উঠেছে বাংলাদেশ। স্বাধীনতার পরে বিপ্লব ও প্রতিবিপ্লবের ডামাডোলে প্রাণ বারেছিল হাজারো তরুণের। এরশাদশাহির আমলেও রাজপথে অজস্র তরুণের রক্ত বারেছে। রক্তের সেই হোলি খেলা এখনও ধামেনি। ইতিহাসের যে দেবতা বাংলাদেশের ওপর ছায়া ফেলে রেখেছেন, তিনি মনে হয় রক্ত ছাড়া আর কিছু পান করেন না।

এই দেশ মৃত্যুবাদী দেশ। এই দেশকে যদি জীবনবাদী করতে হয়, তাহলে সবার আগে তরুণ প্রাণের নিশ্চয়তা আনতে হবে, তরুণদের অধিকার প্রতিষ্ঠা করতে হবে। তরুণ সম্ভারো নিরাপদ মানে তাদের পরিবার নিরাপদ। তরুণেরা চাকরি পেলে পরিবার হেসে ওঠে। তরুণেরা মর্যাদা পেলে দেশের ইজ্জত বাড়ে।

সবাই এখন যার যার পছন্দমার্কিন ‘ভিলেইন’ খুঁজছে। যে শত্রু ‘চেনা’ তাকেই কুপোকাত করতে চাইছে। কিন্তু বাংলাদেশ প্রবেশ করেছে অচেনা এক গতিপথে। এর শেষে কী আছে কেউ জানে না। যায় দিন ভালো, আসে দিন খারাপ। আমাদের প্রত্যেকেরই এখন নিজ নিজ আমলনামা হাতে নিয়ে পরীক্ষা করা উচিত, কার কতটা দায় ছিল।

ভেবে দেখা দরকার এত লাশের ভার কে বহিতে পারে? বাংলাদেশ বহিতে পারবে না। সরকার কি পারবে? পারবে কি পারবে না, তা সামনের দিনে স্পষ্ট হবে। লাশগুলি যদি কথা বলতে পারত? তাহলে হয়তো পুরো সত্যটা জানাজানি হতো। লাশ কথা না বললেও কবর কথা বলে। চুনাকুঘাটের রেমা কালেক্টা সংরক্ষিত বনের ভেতর ঢিলার ওপর মুক্তিযুদ্ধের এক শহীদের কবর দেখেছিলাম। সেই গহিন অরণ্যের শহীদটিকেও মানুষ মনে রেখেছে। একসময় ঢাকাসহ বাংলাদেশের আনাচে-কানাচে ২০২৪-এর জুলাইয়ের শহীদদের কবর ঘিরে শহীদ মিনার গড়ে উঠবে। সেই মিনারগুলি কথা বলবে।

একটা কাহিনি বলে শেষ করি। বিশ্বের মধ্যে নামজাদা এক শিল্পী ছিলেন স্পেনের পাবলো পিকাসো। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়ে তিনি প্যারিসে আটকা পড়েন। ফ্রান্স তখন জার্মান দখলদারির অধীন; প্যারিসেই ইুডিও ভাড়া করে দিনরাত ছবি আঁকেন পিকাসো। সেখানেই আঁকা হয় স্পেনের গুয়ের্নিকা শহরে ফ্যাসিস্টদের গণহত্যার প্রতিবাদে আঁকা বিশাল তৈলচিত্রটি। সেই ছবিতে দেখা যায় হত্যা-নির্যাতন ও কান্নার নারকীয় বাস্তবতা। তো, সেই ছবিটা যখন আঁকা চলছে, তখন এক জার্মান সেনা কর্মকর্তা সেখানে পরিদর্শনে আসেন। ঘুরে ঘুরে গুয়ের্নিকার দৃশ্যগুলো দেখছিলেন তিনি। একটা পর্যায়ে পিকাসোকে তিনি জিজ্ঞাসা করেন, ‘কার কাজ এটা?’ পিকাসো বললেন, ‘তোমাদের।’

জার্মান অফিসার আসলে জানতে চেয়েছিলেন ছবিটা কার আঁকা। হেয়ালি করে পিকাসো শিল্পীর নাম অর্থাৎ নিজের নাম না বলে জানিয়ে দিলেন গুয়ের্নিকা শহরের ওই বাস্তবের ঘটনার হোতাদের নাম। অফিসার তার পরে চুপ হয়ে গিয়েছিলেন।

সৌজন্যো : সমকাল

নতুন প্রজন্মের পালস বুঝতে হবে

মো. শফিকুল ইসলাম

মহান মুক্তিযুদ্ধের সময় আমার বয়স ছিল ১ বছর। প্রকৃতপক্ষে মুক্তিযুদ্ধের স্মৃতি নেই। বাবা-মা ও বাড়ির বয়োজ্যেষ্ঠদের কাছে ’৬৯-এর গণঅভ্যুত্থান, ’৭১-এর অসহযোগ আন্দোলন এবং পাকিস্তানি হানাদার বাহিনীর হত্যা, নির্যাতন ও নিপীড়ন, পাশবিকতার কথা শুনেছি। বাড়িঘরে অগ্নিসংযোগ, সেতু ধ্বংসের কথা শুনেছি। পরবর্তী সময়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণ ও অন্যান্য বক্তৃতার রেকর্ড শুনেছি। বই-পুস্তক পড়ে উপলব্ধি করেছি কীভাবে লাল-সবুজ পতাকা ও স্বাধীন বাংলাদেশ পেয়েছি।

নব্বইয়ে স্বৈরাচারবিরোধী আন্দোলনের সময় আমি বিশ্ববিদ্যালয়ের ছাত্র। প্রত্যক্ষ করেছি বিশ্ববিদ্যালয়ের হলগুলোতে অস্ত্রের ঝনঝনানি ও লাশের রাজনীতি। এরশাদবিরোধী আন্দোলনে আমার শিক্ষাজীবন দুই-আড়াই বছর পিছিয়ে যায়। আরও অনেকের শিক্ষাজীবন দীর্ঘায়িত হয়েছে। কারও কারও সরকারি চাকরিতে যোগদানের নির্ধারিত বয়স চলে গেছে। পরবর্তী সময়ে আরও রাজনৈতিক আন্দোলন-সংগ্রাম দেখেছি; বিশেষত তত্ত্বাবধায়ক সরকারের দাবিতে ১৯৯৬ সালের অসহযোগ আন্দোলন এবং ২০০৭-০৮ সালে ‘ওয়ান ইলেভেন’ সরকারবিরোধী আন্দোলন।

২০১৮ সালে সাধারণ শিক্ষার্থীদের অরাজনৈতিক কোটা আন্দোলন ও নিরাপদ সড়ক আন্দোলনও দেখেছি। কিন্তু কোটা সংস্কার নিয়ে গত এক সপ্তাহে যে আন্দোলন দেখলাম, এর সঙ্গে আমার দেখা গত চার দশকের কোনো আন্দোলনের মিল নেই। কোনো একটি অরাজনৈতিক দাবিতে এত ধ্বংসযজ্ঞ চলতে পারে, স্বচক্ষে দেখেও বিশ্বাস করা কঠিন!

এ ছাড়া ২০১৩ সালে যুদ্ধাপরাধীদের বিচার ইস্যুতে উত্তাল হয়ে উঠেছিল বাংলাদেশ। একদিকে শাহবাগে গণজাগরণ মঞ্চ, অন্যদিকে মতিঝিলে হেফাজতে ইসলাম— দুই পক্ষের পাল্টাপাল্টি ছড়িয়ে পড়েছিল সারাদেশ। এর সঙ্গে যোগ হয়েছিল দেশব্যাপী জামায়াতে ইসলামীর আন্দোলন। কোনো আন্দোলনের তীব্রতাই সম্ভবত গত সপ্তাহের সংহিতার সঙ্গে তুলনীয় হবে না।

এটা ঠিক, অরাজনৈতিক আন্দোলনে রাজনৈতিক শক্তি যুক্ত হলে এর তীব্রতা বাড়তে পারে। কিন্তু তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচনের দাবিতে বিএনপি নেতৃস্বাধীন জোটও গত এক দশক ধরে বিভিন্ন সময়ে আন্দোলন করেছে। ২০১৪, ২০১৯ ও ২০২৪ সালের জাতীয় সংসদ নির্বাচনের আগে তা তুঙ্গে উঠেছিল। কিন্তু এত ধ্বংসযজ্ঞ, প্রাণহানি কি তখন ঘটেছিল?

দেশের আইকনিক উয়ান স্থাপনা মেট্রোরেল, সেতু ভবন, এক্সপ্রেসওয়েতে হামলা, ভাঙচুর, অগ্নিসংযোগ, নথিপত্র ধ্বংসের মতো কার্যকলাপ



আগে কখনও দেখিনি। এই আন্দোলনে যত নাগরিকের প্রাণহানি ঘটেছে, সেটাও আমার ধারণা একটি রেকর্ড। এত অবকাঠামো ও যানবাহন জ্বালাও-পোড়াও স্বাধীনতার পরে কখনও দেখা যায়নি।

সরকারের এত এত গোয়েন্দা বিভাগ থাকা সত্ত্বেও বিরোধী গোষ্ঠী হঠাৎ দু-এক দিনে এত শক্তি দিয়ে কীভাবে এমন তাণ্ডবলীলা চালাল? জেলখানায় ঢুকে ভয়ংকর সন্ত্রাসী ও বহু আসামি বের করে নিল; অস্ত্র লুট করল? এতে আইনশৃঙ্খলা বাহিনীর পেশাদারিত্ব ও দক্ষতা প্রশ্নবিদ্ধ। নিশ্চিহ্ন নিরাপত্তার সক্ষমতার বিষয়টি কি কথার কথা?

আন্দোলন তীব্র হয়ে ওঠার পেছনে আইনশৃঙ্খলা বাহিনীর অপেশাদারি কার্যকলাপও দায়ী। বিশেষত রংপুরে বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী আবু সাঈদকে মেডাবে প্রকাশ্যে গুলি করে হত্যা করা হয়েছে, তাতে সাধারণ মানুষই ক্ষোভে ফেটে পড়েছে। আর সরকারবিরোধী গোষ্ঠী উদ্ভট পরিবেশকে নিজেদের কাজে তো লাগাতেই চাইবে!

প্রশ্ন হচ্ছে, আন্দোলনটির পাল্স্‌ আওয়ামী লীগ প্রথমেই বুঝল না কেন? দলটি টানা চার মেয়াদে ক্ষমতায়। এই দল কেবল মুক্তিযুদ্ধে নেতৃত্বই দেয়নি; স্বাধীনতার আগে ও পরে অনেক আন্দোলন করেছে ও মোকাবিলাও করেছে। দলটির রয়েছেন বহু চড়াই-উত্তরাইয়ের অভিজ্ঞতা এবং অনেক বর্ষিয়ান নেতা। তার পরও প্রাচীন ও ঐতিহ্যবাহী এই দল একটি অরাজনৈতিক আন্দোলন শুরুতেই মোকাবিলা করতে পারল না কেন? আওয়ামী লীগ কি নতুন প্রজন্মের পাল্‌স্‌ বুঝতে পারেনি?

স্বীকার করি, বর্তমান আওয়ামী লীগের নেতাকর্মীর প্রজন্ম আর আন্দোলনকারী

শিক্ষার্থীদের প্রজন্ম অভিন্ন নয়। স্বাধীনতার পর থেকে আমরা যা দেখে বড় হয়েছি, এই প্রজন্ম তার অনেক কিছুই দেখে বড় হয়নি। আমরা মাছে-ভাতে বাঙালি বলে পরিচিত। তরুণ প্রজন্মের অনেকে মাছ-ভাত পছন্দই করে না। আমাদের দেশপ্রেম জন্মেছে পাকিস্তানের বৈষম্যমূলক আচরণ দেখে জাতীয়তাবাদী ভাবধারায়। কিন্তু নতুন প্রজন্মের কাছে আদর্শ দেশ মানে কর্মসংস্থান, স্বাধীন চলাফেরা ও মতপ্রকাশ, নিরাপত্তা ও ন্যায্যতা এবং বঞ্চিতবিহীন জীবন। প্রজন্মের এই বদল অস্বাভাবিক নয়; বরং যুগের সঙ্গে তাল মেলাতে হলে নতুন প্রজন্মের চাওয়া-পাওয়াকে সম্মান করতে হবে। তাদের যৌক্তিক দাবির প্রতি সব সরকারেরই সংবেদনশীল হওয়া জরুরি।

আজ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের গড়া ঐতিহ্যবাহী ছাত্রলীগ সাধারণ শিক্ষার্থীদের মুখোমুখি। তরুণ প্রজন্মের কাছে তাদের গ্রহণযোগ্যতা প্রশ্নবিদ্ধ। এর সুদূরপ্রসারী প্রভাব নিয়ে আওয়ামী লীগ ও সরকারকে গভীরভাবে ভাবতে হবে। সন্ত্রাস নির্মূলে কঠোর হওয়ার পাশাপাশি মূল্যস্ফীতি ও দূর্নীতি বিষয়ে দৃশ্যমান পদক্ষেপ নিতে হবে। ক্ষমতাসীন দলের নেতাকর্মীকে জনগণের পাশে থেকে দুঃখ-কষ্ট লাঘবে নিবিড়ভাবে কাজ করতে হবে।

শিক্ষার্থীদের চাওয়া অনুযায়ী সরকার ইতোমধ্যে পরিপত্র প্রকাশের মাধ্যমে কোটা সংস্কার সমস্যার সমাধান দিয়েছে। আশা করি, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের বাস্তবায়নযোগ্য দাবিগুলোও শিগগির পূরণ করা হবে। একই সঙ্গে নিরাপদ সহাবস্থানের মাধ্যমে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার ব্যবস্থা নেওয়া হবে।



'ফল অফ বাইডেন'

শিতাংগু গুহ

প্রেসিডেন্ট জো বাইডেন নির্বাচনী রেস্‌ থেকে নিজেকে সরিয়ে নিয়েছেন। ২১ জুলাই রোববার দুপুরে ওয়েবে এ ঘোষণা দিয়ে তিনি বলেন, দেশ ও তার দল ডেমক্রেটিক পার্টির স্বার্থে তিনি এ সিদ্ধান্ত নিয়েছেন। একই সাথে তিনি ভাইস-প্রেসিডেন্ট কমলা হ্যারিস-র প্রতি তার সমর্থন ব্যক্ত করেছেন। ট্রাম্প বলেছেন, তার দাঁড়ানোই উচিত ছিলোনা। তিনি বলেন, বাই-বাই বাইডেন। রিপাবলিকান পার্টি বলেছে, বাইডেনের প্রেসিডেন্ট পদ থেকেও সরে দাঁড়ানো উচিত। হোয়াইট হাউস জানায়, প্রেসিডেন্ট তার মেয়াদ পূর্ণ হওয়া পর্যন্ত ক্ষমতায় থাকবেন। এরআগে রোববার সকাল পর্যন্ত ২জন সিনেটরসহ ৩৭জন ডেমক্রেট আইনপ্রণেতা তাকে সরে দাঁড়ানোর আহবান জানান।

বাইডেন সরে দাঁড়াতেই ভাইস-প্রেসিডেন্ট কমলা হ্যারিস তার প্রার্থিতা ঘোষণা করেন। তিনি বলেন, আমি দলের মনোনয়ন চাই এবং আশা করি তা পাবে। তার প্রতি দল নেতাদের সমর্থন আসতে শুরু করে। বাইডেনের পর তার সবচেয়ে বড় সমর্থন আসে সাবেক প্রেসিডেন্ট বিল ক্লিন্টন’র পক্ষ থেকে। ৫০টি ডেমক্রেট স্টেট চেয়ারম্যান হ্যারিসকে সমর্থন দিয়েছেন। কমলা হ্যারিস বিপক্ষ শিবির বলেছে, ডেলিগেটরা নির্ধারণ করবেন কে হবেন দলের প্রার্থী। দলছুট ওয়েস্ট ভার্জিনিয়ার সিনেটর জো মানচিন ইঙ্গিত দিয়েছেন যে, তিনি ঘিরে আসছেন এবং প্রেসিডেন্ট পদে দলের নমিনেশন চাইবেন। সুবক্তা মেরিয়ানা উইলিয়াম ইঙ্গিত করেছেন, তিনিও প্রতিকল্পিতায় নামছেন।

পূর্বাঁহে মিডিয়া জানায় যে, বাইডেন সপ্তাহান্তে সরে দাঁড়াবেন। বাইডেন ক্যাম্পেইন বলছিলেন, তিনি রেসে আছেন। বাইডেন অনড় ছিলেন। সম্ভবত: কোভিড-১৯-এ আক্রান্ত হলে তিনি বুঝতে পারেন যে, তাঁর সরে দাঁড়ানো উচিত। ওবামা বলেছেন, বাইডেনের উচিত তার পুনর্নির্বাচন সিদ্ধান্ত পুনর্বিবেচনা করা। ডেমক্রেট বড়বড় নেতা, বন্ধুরাও জানাচ্ছিল যে, বাইডেন সরে দাঁড়াতে পারেন। সাবেক স্পীকার ন্যান্সি হেলোসি বলেছেন, বাইডেন থাকলে হাউস হোতছাড়া হয়ে যাবে। সিনেট নেতা চাক স্যুমার, হাউস মাইনরিটি নেতা হেকিম জেফরী পরোক্ষভাবে চাইছিলেন যে, বাইডেন স্বেচ্ছায় সরে দাঁড়ান। দুই-তৃতীয়াংশ ডেমোক্রেট চাইছিলো বাইডেন সরে দাঁড়ান।

এমনিতে ডেমক্রেট পার্টিতে ঝামেলা যাচ্ছিলো, বাইডেন সরে দাঁড়াতে তা আরো ঘনীভূত হলো। সবাই কমলা হ্যারিসকে সহজে মেনে নেনেন তেমনটা নাও হতে পারে, ইতিমধ্যে সেই আভাস মিলছে। ডেমক্রেট সন্মেলন ১৯শে আগষ্ট শিকাগোতে, চূড়ান্ত প্রার্থী মনোনয়ন হয়তো সেই পর্যন্ত গড়াবে। ১৯৬৮ সালে প্রেসিডেন্ট লিন্ডন বি জনসন ভিয়েতনাম যুদ্ধ ঠিকমত হ্যান্ডেল করার ব্যর্থতা ও অসন্তোষের কারণে প্রাইমারি থেকে সরে দাঁড়ান। এবারকার পরিস্থিতি একই। প্রাইমারিতে জয়ী বাইডেনের ডেলিগেটরাই এখন মূলত: নির্ধারণ করবেন, কে হবেন দলের প্রার্থী। নিউজম্যাক্স হেডিং করেছে, ‘ফল অফ বাইডেন’। ট্রাম্প বলেছেন, ‘আই টুক এ বুলেট ফর ডেমক্রেসি’।

ফেইক আইডিতে সোশ্যাল মিডিয়ায় অন্যকে উত্যক্ত করা ও সমাধান

এইচ বি রিভা

ন্যাশনাল লাইব্রেরি অফ মেডিসিন সাইটে তিনজন বিশেষজ্ঞ, ওরেন গিল অর, ইউসি লেভি বেলস্ এবং অফির টুরেল এর একটি গবেষণামূলক আর্টিক্যাল Corrigendum: The “Facebook-self”: characteristics and psychological predictors of false self-presentation on Facebook'- বলা হয়েছে, ফেইক ফেসবুকের ছবি মূলত ব্যক্তির প্রকৃত ছবি থেকে বিচ্ছিন্ন হওয়া কিছু, এটি ব্যক্তিকে আচরণের অতিরিক্ত জটিল উপায়ে, প্রবেশ পথ হিসাবে কাজ করে যা মানসিক সমস্যা, এমনকি প্যাথলজির উদ্বেক করতে পারে।'

মূলত, একজন নার্সিসিস্টের পক্ষে মানুষকে ছমকি দেয়া, ধমক বা কৌশলে ক্ষতি করার জন্য ফেইক অ্যাকাউন্ট তৈরি করা, অস্বাভাবিক কিছু নয়। নার্সিসিস্টরা সব সময় নিয়ন্ত্রণ করতে পছন্দ করেন। নিজেদের সেরা ভাবে পছন্দ করেন। ফেইক সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্টগুলি প্রায়ই অন্যদের ক্ষতি করার জন্যই ত্রিয়েটি করা হয়। এই আচরণগুলো সাধারণত ব্যক্তির নিজস্ব সমস্যা থেকে উদ্ভূত হয়। Stopbullying.gov রিপোর্টে বলা হয়, বুলিদের মধ্যে অভিভাবকত্বের অভাব, ক্ষুদ্র অমনোযোগী, সম্পর্কের ভারসাম্যহীনতা, হতাশাগ্রস্ত বা উদ্ভিন্ন হওয়ার প্রবণতা রয়েছে। অন্যকে নানা উপায়ে হয়রান করা ব্যক্তিদের মধ্যে প্রায়শই তাদের আবেগ নিয়ন্ত্রণ করতে সমস্যা হয় এবং স্বাভাবিক নিয়ম অনুসরণ করা কঠিন হয়ে পড়ে।

অন্যকে হয়রান করতে ফেইক অ্যাকাউন্টগুলি ব্যবহার করা হয় তিনটি কারণে:

১) কাউকে ধমক বা ছমকিমূলক বার্তা পাঠানোর জন্য ব্যক্তির আসল পরিচয় লুকাতে।

২) ছদ্মবেশী হয়ে শিকারের জন্য কারো খ্যাতি নষ্ট করতে বা কষ্ট দিতে।

৩) ছদ্মবেশীদের বন্ধু এবং পরিবারকে প্রতারণামূলক ফেইক প্রোফাইলের সাথে সংযোগ করতে যা তাদের ক্ষতিকারক কাজগুলোতে জড়িত হতে প্ররোচিত করে এবং সমর্থন করে।

এগুলি সাইবার বুলিং। ফেইক অ্যাকাউন্ট সাইবার বুলিং এর খুব সাধারণ ধরন যা শিকারের জন্য নিশানা ঠিক করা হয়। এই আচরণগুলো কখনো অন্যান্য গুরুতর কষ্টের কারণ হয় এবং অনলাইন টার্গেটেবল ব্যক্তির খ্যাতির উপর বিশাল প্রভাব ফেলে।

বুলিং হল অন্য ব্যক্তিকে নিয়ন্ত্রণ করা, ভয় দেখানো বা অন্যথায় ক্ষতি করার অভিপ্রায়ে বারবার কষ্ট দেওয়া। এই বুলিং মৌখিক যন্ত্রণা সহ সামাজিক আক্রমণ, শারীরিক আগ্রাসন এবং কটুক্তি ও ব্যক্তিগতভাবে বা সামাজিক মিডিয়া বা ইন্টারনেটের মাধ্যমে উভয়ই ঘটতে পারে।

ফেইক আইডিতে কেন অন্যকে বুলিং বা উত্তক্ত করা হয়? মনোবিজ্ঞান ও বিশেষজ্ঞরা এর কিছু কারণ নির্ণয় করেছেন। যেমন:

১) মানসিক ট্রমার কারণে:
আপনি হয়তো এই বাক্যাংশটির সাথে পরিচিত, "hurt people hurt people।" যদিও ব্যক্তিগত ট্রমা কাউকে অন্যকে



আঘাত করার অজুহাত দেয় না, তবে কখনও কখনও এটি ছদ্মবেশী শিকারি কীভাবে কাজ করে সে সম্পর্কে আমাদের অন্তর্দৃষ্টিমূলক একটি ধারণা দিতে পারে। LCSW (licensed mental health counselors) থেরাপিস্ট, এবং প্যারেন্টিং পাথফাইন্ডারের প্রতিষ্ঠাতা মিশেল ফেন্ডার বলেন,

"প্রায়শই, যে লোকেরা ইচ্ছাকৃতভাবে অন্যদের ভয় দেখাতে চায় বা ক্ষতি করতে চায়, তার কারণ, তারা নিজের বিধ্বস্ত ও কঠিন জীবনের অভিজ্ঞতার কারণে ক্ষতিগ্রস্ত হয়েছেন। শিকারিরা নিজেদের যন্ত্রণা ব্যাধিকে স্বাস্থ্যকর উপায়ে পরিচালনা করতে ব্যর্থ হয় বলে তারা তাদের আঘাতকে অন্যদের উপর বহির্ভূত করে।"

২) নিরাপত্তাহীনতা: যেকোন সম্প্রদায়ের সামাজিক অবস্থার একটি অকথ্য স্তর থাকতে পারে, যেখানে কিছু লোকেরা নিজের সামাজিক অবস্থান নিম্ন বা অগ্রতুল মনে করতে পারেন যা তাদেরকে সামাজিক ক্ষমতা বা পরিচিতি লাভের জন্য অন্যদের প্রতি কটুক্তি, ছমকি, ক্ষতিকর কিছু করার প্রবণতা বৃদ্ধি করতে পারে। ব্যক্তি শেষপর্যন্ত নিরাপত্তাহীন বোধ করেন এবং অন্যদেরকে নিজের মধ্যে মানানসই করতে বা নিজেদের শ্রেষ্ঠবোধ করার মাধ্যম হিসেবে-বুলিং করেন। লিমোর ওয়েইনস্টেইন (MA, LMHC) এর মতে, "চক্র বা কোনো গোষ্ঠীর জন্য সামাজিক মর্যাদার আকাঙ্ক্ষা প্রায়শই হয়রানির জন্য একটি প্রজনন ক্ষেত্র। কাজের পরিবেশেও এটি হতে

পারে। অন্যদের ছোট করা, বিশেষ করে প্রতিযোগিতামূলক কোনো কাজের ক্ষেত্রে ঈর্ষা এবং শীর্ষে পৌঁছানোর আকাঙ্ক্ষার ফলে মানুষ বুলিং করতে পারে।"

৩) তারাও বুলির শিকার: কখনও কখনও লোকেরা অন্যদের উৎপীড়ন করেন কারণ তারা নিজেরাও কোনো এক সময় এই উৎপীড়নের শিকার হয়েছেন। এক্ষেত্রে ব্যক্তি মনে করতে পারেন, অন্যদের ছমকি ধমক দেয়া বা ক্ষতি করা মানে নিজের উৎপীড়নের যন্ত্রণা থেকে রক্ষা পাওয়া। এটি যদিও একটি অস্বাস্থ্যকর প্রতিরক্ষা ব্যবস্থা তবে এটি একটি সাধারণ অভিজ্ঞতা যা প্রায়ই লোকেরদের বুলিংয়ের দিকে পরিচালিত করে। মিশেল ফেন্ডার বলেন, "বুলিং মূলত একটা শেখার আচরণ। উদাহরণস্বরূপ, যদি কোনো শিশু তার পরিবারে একজন প্রাপ্তবয়স্ককে অন্যদের ধমক দিতে, ছমকি দিতে দেখে অথবা তার নিজের পিতামাতা বা প্রাপ্তবয়স্কদের কাছ থেকে নির্যাতনের শিকার হয়, তাহলে তারা সেই আচরণের পুনরাবৃত্তি করতে পারে। প্রাপ্তবয়স্কদের মধ্যে, কর্মক্ষেত্রে বা অন্যান্য সামাজিক সম্প্রদায়ের সংস্কৃতির কাছে এটি একটি বিমুক্ত অংশ হয়ে উঠতে পারে এবং শেষ পর্যন্ত এই আচরণই বুলিদের মধ্যে আদর্শ হিসাবে গৃহীত হতে পারে।"

৪) দরিদ্র সামাজিক দক্ষতা: সামাজিক দক্ষতার অভাবেও কেউ অন্যদের প্রতি ক্ষতিকারক আচরণ প্রদর্শন করতে পারেন কিংবা স্বাভাবিক আচরণে অন্যদের সাথে চলাফেরা করতে ব্যর্থ

হতে পারেন। মূলত, এই সব হামলাকারীদের স্বাস্থ্যকর উপায়ে নেতিবাচক সামাজিক পরিস্থিতি মোকাবেলা করা এবং প্রতিক্রিয়া জানানোতে উপযুক্ত দক্ষতার অভাব রয়েছে। উদাহরণস্বরূপ ফেন্ডার বলেন, শিকারিরা যাকে সহ্য করতে পারেন না মূলত তাদেরকেই বুলিং করতে টার্গেট করেন অথবা তারা মনে করতে পারেন যে, তারা অন্যদের কাছ থেকে যে মনোযোগ চাচ্ছেন, তা তারা পাচ্ছেন না।"

৫) বেনামী বোধ করা: বছরের পর বছর ধরে অনলাইন বুলিং বাড়ছে। ডিজিটাল জগতে বেনামে উপস্থিত হওয়ার সংখ্যাও অতিরিক্ত। লিমোর ওয়েইনস্টেইন বলেন, "অনলাইন বুলিরা প্রায়শই তাদের সাইবার কার্যকলাপ থেকে কিছুটা সময় বিচ্ছিন্ন থাকে, পর্দার আড়ালে লুকিয়ে থাকে এবং একসময় তাদের অভ্যন্তরীণ হিংস্রতা প্রকাশ করে। এটি তাদের যেকোনো সময় বা ব্যক্তির মুখোমুখি হওয়ার চেয়ে বেনামে নিষ্ঠুর হতে সক্ষম করে। স্বাচ্ছন্দ্য বোধ করায়।" অর্থাৎ বেনামে অন্যদের হয়রান করা মূলত শিকারিদেরকে ভুক্তভোগীর মুখোমুখি হওয়া এড়াতে সাহায্য করে। সাহস কম থাকা ব্যক্তিরা তাই বেনামে অন্যদের হয়রান করে থাকেন।

৬) সহানুভূতির অভাব: অন্যদের হয়রান করা ব্যক্তিদের যত্নের অভাব রয়েছে। সহানুভূতির অভাব রয়েছে। তাই তারা অন্যের উপর আধিপত্য করতে, দোষারোপ করতে, ভয় দেখাতে বা অন্যদের ক্ষতি করাকে কোনও সমস্যা বলে মনে করেন না। অন্যদের অভিজ্ঞতার সাথে সম্পর্কযুক্ত হওয়া, তাদের ভয়ানক আচরণ কীভাবে মানুষকে নেতিবাচকভাবে প্রভাবিত করছে, তা বোঝার ক্ষমতারও অভাব রয়েছে তাদের। ওয়েইনস্টেইন বলেন, "এই সব লোকেরা দুর্বল লোকদের টার্গেট করে এবং তাদের আচরণের প্রতিক্রিয়া স্বীকার করতে অস্বীকার করে। তারা নিয়ন্ত্রণের শক্তি এবং অন্যদের কাছে মনোযোগের আকাঙ্ক্ষা দ্বারা চালিত হয়। এই সব লোকেরা সদয়, সহানুভূতিশীল বা শ্রদ্ধাশীল হতে শেখেনি।"

নিজ নামে কিংবা বেনামে সোশ্যাল মিডিয়ায় অন্যদের হয়রান করা যা ইন্টারনেটের মাধ্যমে ঘটে থাকে, সেটা থেকে রেহাই পাওয়া সহজ নয়। বুলিং যুগ যুগ ধরে চলছে, চলতেই থাকবে। এইসব বুলিং ভুক্তভোগীদের মানসিকভাবে বিপর্যস্ত করে। তাই সমাধান বলতে নিজেদের বিভিন্ন উপায়ে এডজাস্ট করে নেয়া। কথোপকথনের মাধ্যমে সমাধানের চেষ্টা করা যায়। কিংবা সহজ উপায় হলো ইগনোর করা বা আইডিতে হয়রানির অভিযোগ করে ব্লক করে রাখা। যদি আপনি মনে করেন যে, বুলিং-এর শিকার হয়ে আপনার মানসিক স্বাস্থ্য বিঘ্নিত হচ্ছে, তাহলে বিকল্প হিসাবে আলোচনা করার জন্য আপনি ডাক্তারের পরামর্শ নিতে পারেন। সবশেষে, সোশ্যাল মিডিয়ায় কারো দ্বারা পোস্ট, কমেন্ট, মেসেজের মাধ্যমে বুলিং হলে সেইসব ক্লিনশটগুলো প্রমানস্বরূপ জমা করে রাখা যায়। এবং সেইসব প্রমানগুলি নিয়ে পুলিশ রিপোর্ট করা যায়। পুলিশ রিপোর্টে ফেইক আইডির ইঙ্গিতগুলোর প্রমান সাবমিট করলেই 'সন্দেহভাজন' হিসাবে রিপোর্ট করতে পারবেন। পুলিশ তখন তাদেরকে নাজরে রাখবেন।



SECI

Sonali Exchange Co. Inc.

Secure, Fast, Reliable.

বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইটস ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে আপনার মোবাইল থেকে

Sonali Exchange App.

ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন

যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক

SONALI EXCHANGE CO. INC.

সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DIFS NY, DFIG NJ, DIFS MI, DB&F GA, DCFR MD AND FLOFR FL

NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-544-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সত্যোগ দিন

আমার বন্ধু ভীষ্মদেব চৌধুরী

আনোয়ার ইকবাল

যাকে নিয়ে এই লেখা, আমার সেই বন্ধুটি তখনও আজকের এই রাশভারী প্রফেসর হয়ে ওঠেনি। ওর সাথে প্রথম পরিচয় যখন, তখন আমরা দুজনেই ক্লাস টেনে উঠেছি। সদ্য স্বাধীন দেশ, সন ১৯৭২। আমি পড়ি সায়েন্সে, আর সে, আর্টসে। বিদ্যালয় এক, শ্রেণীও তাই , কিন্তু শ্রেণীকক্ষ আলাদা। তাই পরিচয়টি সেখানে নেই। হয়েছিল ক্লাসের বাইরে, খেলার মাঠে। স্কুলের পেছনে যেখানে ফুটবল খেলার মাঠ, তার উত্তর পূর্ব কোনে সাদা দেয়াল আর সবুজ চেষ্টটিনের ছাদের ছোট একটি বাংলা প্যাটার্নের একতলা বাড়ি। একদিন খেলা শেষ হবার পর বন্ধুটি বলল, চল, আমাদের বাড়িতে।

কোথায় সেটা?

ওই যে ওটা।

ওটা তো হেডমাস্টার স্যারের বাড়ি।

হ্যাঁ, হেডস্যার অবনীবাবুই তো ওর বাবা, পাশ থেকে আমাদের আরেক খেলার সাথী গোবিন্দ বলে উঠল। আমি একটু ভাবাচাচ্যকা খেয়ে গেলাম। হেডমাস্টার স্যারদের যে ছেলে মেয়ে থাকতে পারে এই ধারণাটি এর আগে আমার মাথায় কখনও আসে নি। খেলাধুলা করি একসাথে, বাকি দু-দশ জন থেকে আমার এই বন্ধুটিকে আলাদা করে মাপার মত কোন কারণ ছিল না। মনে হয় তাই ওর মুখের দিকে কখনও মনোযোগ দিয়ে তাকিয়ে দেখি নি। হেডমাস্টার স্যারের ছেলে, এটা জানতে পেরে খুব সন্তপ্ণণে, ওকে একদম বুঝতে না দিয়ে, ওর মুখের উপর চোখ রাখলাম।

আরে তাই তো। ওর চেহারা তো একেবারে অবনীবাবু স্যারের মত। তেরো কিংবা চৌদ্দ বছর বয়সে তার বেড়ে ওঠা তখনও সম্পূর্ণ হয় নি। বাবার মত ঝাড়া ছ’ ফুটি শরীর তার নয়। তবে, ছিপিছিপে শরীর, আর লম্বাটে মুখের দিকে ভাল করে তাকাতে সন্দেহ রইল না, বড় হয়ে সে তার বাবার মতই ঋজু, আর সুদর্শন এক পুরুষ হবে। সেদিনের সেই ধারনাতে কোন ভুল ছিল না সেটা

এখনও তাকে দেখলে পরিষ্কার বোঝা যায়।

সুদর্শনের কথাই যদি তুললাম, তাহলে মূল কাহিনীকে একটু পাশ কাটিয়ে যাই। অবনী স্যারের কথা বলি। ৭১ সালে আমি পড়তাম ময়মনসিংহ জেলা স্কুলে। স্বাধীনতা যুদ্ধের সময় আমাদের পরিবারে হঠাৎ একটি বড় পরিবর্তন এসে পড়ল। ময়মনসিংহ ছেড়ে আমাদের চলে আসতে হল, সিলেটে, নানাবাড়িতে। আবার বদলির চাকরির কারণে শহর থেকে শহরে কয়েক বছর পরপরই আমাদের বাস পরিবর্তন হত। কিন্তু, নূতন শহরের সবচেয়ে ভাল স্কুলটিতে জায়গা পেতে কখনও কোন সমস্যা হত না। সেই রীতিমাক্ষিক, সিলেট আসার পর আমার স্থান হওয়া উচিত ছিল সরকারী বালক বিদ্যালয়ে।

মুক্তিযুদ্ধ উত্তর সেই অস্থির কালে, আগের স্কুলের রেজাল্ট নেই, ট্রান্সফার সার্টিফিকেট জোগাড় করার কোন উপায় নেই; মামারা আম্মাকে বললেন, সরকারী স্কুলে ওকে ভর্তি করবে না। সেই ধারণা অনুযায়ী সেটাতে আর চেষ্টাই করা হল না। নানাবাড়ি, যেখানে আমরা আশ্রয় নিয়েছি, তার খিড়কি দরজা দিয়ে বেরিয়ে, কয়েক পা এগালেই, সিলেট এইডেড মাল্টিলেটারাল হাই স্কুল।

এক, আমার মামারা সেখানে পড়েছেন; দুই, পাড়ায় নানার নামডাক রয়েছে। ট্রান্সফার সার্টিফিকেট ও প্রাক্তন শিক্ষাপীঠের ফলাফলের বিকল্প হিসেবে এগুলো বিবেচিত হল এবং এইডেড স্কুল আমাকে ভর্তি করে নিলো। সেই স্কুলের সহকারী প্রধান শিক্ষক এবং আমাদের অংকের মাস্টারমশাই তখন অবনীকান্ত দেব চৌধুরী।

অংক আমার প্রিয় বিষয়। অংকের ক্লাসে আমিও সাধারনত শিক্ষকদের প্রিয়পাত্র হয়েই থাকি। নূতন স্কুল, এখানে আমার কম্পিটিশন কারা, শিক্ষকের প্রিয় হতে কতদিন লাগবে এইসব উৎকণ্ঠা নিয়ে শ্রেণীকক্ষে বসে আছি। অংকের মাস্টারমশাই প্রবেশ করতে হকচকিয়ে গেলাম। ইনি কে? দশম শ্রেণীতে পড়ি, সেটা মাসুদ রানা আর ঠাকুরমার বুলির সন্নিষ্কণ। যদি তিনি স্যুট পরে



আসতেন, তবে হয়ত তাকে মাসুদ রানার বস রাহাত খান হিসেবে কল্পনা করা যেত। কিন্তু, না গৌরবর্ণ, দীর্ঘদেহী, অত্যন্ত সুদর্শন মাস্টারমশাইয়ের পরনে সাদা ধবধবে ধুতি আর পাঞ্জাবী, আর কাঁধে ঝোলানো কাশ্মীরী শাল। তাকে প্রথম দেখায় আমার মনে হল ঠাকুরমার বুলির পৃষ্ঠা থেকে কোন এক রাজাধিরাজ বেরিয়ে এসেছেন। শিক্ষকের প্রিয় ছাত্র হব কি, প্রথম দর্শনে তিনিই আমার প্রিয় হয়ে পড়লেন। ১৯৭২ সালের শুরুর দিকে, আমাদের দশম শ্রেণীর ক্লাস শুরু হবার কিছুদিন পরই অবনীকান্ত দেব চৌধুরী মহাশয় এইডেড স্কুলের প্রধান শিক্ষক হিসেবে পদোন্নতি পেলেন।

হেডস্যারের বাড়িতে ঢুকতে দেখি সেটা যেন রূপের পরসায় ঝলমল করছে। অবনী বাবু স্যার বিপত্নীক।তার পাঁচজন সন্তান সন্ততি। তিন ছেলে

দুই মেয়ে। তিনজন ঘরে, দুজন বাইরে। বড় ছেলে ধ্রুবজ্যোতি প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে পাশ করে খুব সম্ভবত তখন ঢাকায় চাকরী করেন। বড় মেয়ে শুক্লাদি বিয়ে হয়ে স্বামীর সংসার করছেন। ঘরের বাকী তিনজনকে দেখে মনে হল, স্যারকে রাজাধিরাজের প্রতিচ্ছবি ভাবটা মোটেই ভুল হয়নি। বুদ্ধদেব চৌধুরী মেজ ছেলে, শুভাদি ছোট মেয়ে। রাজপুত্রের মত রূপবান আর রাজকন্যার মত রূপবতী। শুক্লাদিকে মনে হয় কখনও দেখি নি। নিশ্চয় তিনিও বাকী ভাইবোনদের মতই দেখতে ভাল ছিলেন। বড়-ভাই ধ্রুবদাকে সেদিন নয়, দেখেছি পরে। দেখতে দারুণ ছিলেন। বলিউড-ওয়ালারা তার খবর জানতে পেলে, তিনি সেখানে অংশাই রুপোলী পর্দা দাপিয়ে বেড়াতেন।

আমার সাথে তার বন্ধুত্ব গাঢ় হতে সময় লাগল

শক্তিমান কবি আমিনুল ইসলামের সাথে একটি বিশেষ আলাপচারিতা

ফারজানা নাজ শম্পা

কবি আমিনুল ইসলামের সাহিত্য সৃষ্টি বাংলা সাহিত্যে অনন্য বৈচিত্র্যের স্বতন্ত্র অসংহান সৃষ্টি করে আছেন । কবিতায় তাঁর অনুপম শব্দশৈলী ও বাক্য ব্যাঞ্জনায় পাঠককে সমৃদ্ধ করেছে বারবার । ভাষার সাবলীল বিনিমানে আধুনিকতার আবহে কবি পূর্ণাঙ্গ মানবতাবোধসম্পন্ন জীবন প্রবাহের স্বচ্ছ চিত্রকল্প উপস্থাপন করেন । কবিতায় বিশ্বজনীনতা , সমাজের অসঙ্গতি , ইতিহাস বোধ , মানব সম্পর্কের টানাপোড়েন , প্রেম, বিচ্ছেদ বিভাজন হীন সমাজ সৃষ্টি ,অভিসার ,বিশ্ব রাজনীতি, নারীর অধিকার, পরবাসী জীবন,মানবাধিকার সামাজিক অবক্ষয় পরিবর্তনের অসাধারণ এবং সাবলীল পরিমার্জিত প্রকাশ লক্ষ্যনীয় ।

কবিতার ভাষায় এবং প্রবন্ধে তাঁর অন্তর্ভেদী দৃষ্টি দ্বারা তিনি অতীত বর্তমান ও ভবিষ্যতের পথ নির্দেশনার আলোকে এক অসাধারণ আলোকিত মেলবন্ধনের দ্বারা চমৎকার নুতন আঙ্গিকের ত্রিকালদর্শনের স্বরূপ উন্মোচন করেন । কবি তাঁর কবিতায় সমাজ সত্যেন কল্যাণকামী দার্শনিকের দৃষ্টিতে সৃষ্টি করে চলেছেন বিশ্বায়কর জীবনবোধ ঋদ্ধ কাব্যসৃষ্টি ।

বালা সাহিত্যে তাঁর আত্মপ্রকাশ এবং সফল যাত্রা শুরুর নেপথ্যের কাহিনী প্রসঙ্গে তিনি জানান ‘আমি প্রথম শ্রেণিতে পড়ার সময় থেকেই ছড়ার ভক্ত। রূপকধারণ্ডা নবম শ্রেণিতে পড়ার সময় অস্তিমিয়ুক্ত কবিতা লেখা শুরু করি। কিন্তু আমি তখন একটা চর এলাকার কিশোর। প্রকাশের মাধ্যম থেকে বহু দূরে। বিশ্ববিদ্যালয়ে পড়ার সময় কবিতা আর গান লিখে ডায়েরী ভরে তুলি। কিন্তু প্রকাশ মাধ্যমের কাছে যাইনি। সেটা গতশতকের আশির দশক। অতঃপর চাকরি। চাকরিজীবনে নকশইয়ের দশকে আবার কবিতা রেখা শুরু করি এবং এবার স্থানীয় সংবাদপত্র, লিটল ম্যাগাজিন ইত্যাদিতে লেখা পাঠাই। প্রকাশিত হতে থাকে। আমার প্রথম কাব্যগ্রন্থ "তত্ত্ব থেকে দূরে" প্রকাশিত হয় ২০০২ সালে। কাব্য, প্রবন্ধগ্রন্থ, ছড়ার বই, গবেষণাগ্রন্থ ইত্যাদি মিলিয়ে ২০২৪ সাল নাগাদ প্রকাশিত বই ২৯টি। নেপথ্যে কাজ করেছিল পিতার কাজ থেকে পাওয়া কাব্যপ্রীতি এবং অচিরতঃ প্রেম।

কবিতাকে কিভাবে সংজ্ঞায়িত করা যায় এবং স্বলিখিত প্রিয় কবিতা প্রসঙ্গে তাঁর মতামত দেন এভাবে ‘কবিতা কি সেই বিষয়ে নানাবিধ সংজ্ঞা আছে । কবিতা হচ্ছে নির্বাচিত শব্দের নির্বাচিত বাক্যে প্রকাশিত অনুভব-আবেগ-অভিজ্ঞান। কবিতার একটা দিক হচ্ছে আঙ্গিক বা ভাষা ব্যবহার মধ্যে আছে জুতসই শব্দের জুতসই ব্যবহার, উপমা, চিত্রকল্প, উৎপ্রেক্ষা, ছন্দ ইত্যাদি । তবে মূল বিষয়টি হচ্ছে প্রাণ ও উপভোগ্যতা। প্রাণহীন শব্দের গাঁথা কোনো কবিতা নয়। আবার উপভোগ্যতা না থাকলে সেটা বার্থতায় পর্যবসিত হয়।

আমি এযাবৎ কয়েক শত কবিতা লিখেছি। আমার বহু কবিতাই পাঠক-সমালোচকদের কাছে সমাদর লাভ

করেছে। সবচেয়ে প্রিয় কবিতাটি হয়তো এখনও লেখা হয়নি। তবে " পথ বেঁধে দিল বন্ধনহীন গ্রন্থি" নামক নয় পর্বের দীর্ঘ কবিতাটি আমার খুব প্রিয়। তেমনি প্রিয় " মহানন্দা এক সোনালি নদীর নাম" কবিতাটি। পাঠক হিসেবে আমি সর্বভূক্ত এবং সর্বগামী।

কবি তাঁর পছন্দের কবিদের বিষয়ে বলেন ‘রুমি, হাফিজ, খেয়াম, চণ্ডীদাস, শেখরুপিয়ার, গালিব, মীর তকি মীর, মাইকেল মধুসূদন দত্ত, রবীন্দ্রনাথ, নজরুল, বোদলেয়ার, রথীবো , কীটস, টি এস এলিয়ট, জীবনানন্দ দাশ, আল মাহমুদ, ফয়েজ আহমেদ ফয়েজ, শঙ্খ ঘোষ, আবুল হাসান, সাদাত হোসেন মান্টো, বেগম রোকেয়া, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, মানিক বন্দ্যোপাধ্যায়, বনফুল, মহাশ্বেতা দেবী, হুমায়ূন আহমেদ, গৌরকিশোর ঘোষ, দীনেশচন্দ্র সেন, বুদ্ধদেব বসু, সৈয়দ আলী আহসান, অরুন্ধতী রায়, ইরফান হাবীব, রোমিলা থাপার, বিনয় রায়, অন্নদাশঙ্কর রায়, শিবনারায়ণ রায়, আহমদ ছফা, অমর্ত্য সেন, ফরহাদ মজহার, যতীন সরকার, হাসনাত আবদুল হাই, আলি আকবর খান, সন্নিমুল্লাহখানপ্রমুখকবি-কথাসাহিত্যিক-সমালোচক-ইতিহাসবিদ-সমাজচিন্তক-আমার প্রিয় পাঠ্যতালিকার অন্তর্ভুক্ত এবং এমন আরও নাম আছে।

সুসাহিত্য’এই বিষয়টিকে কি ভাবে তিনি তাঁর বিবেচনায় সংজ্ঞায়িত করেন এবং বর্তমানে পাঠকের সংখ্যা কি কিছুটা হ্রাস পেয়েছে সেই বিষয়ে প্রশ্নের প্রেক্ষিতে তাঁর মতামত দেন ‘সুসাহিত্য বলে আলাদা কোনোকিছু আছে বলে শুনিনি। তবে যে সাহিত্য মানুষের কাছে দীর্ঘদিন বা চিরকালের জন্য আবেদন ধরে রাখতে পারে এবং যা মানুষকে উজ্জ্বল মানবিকতার দিকে পরিচালিত করে, তাকে আমরা সুসাহিত্য বলতে পারি । যেমন আরব্য উপন্যাস। যেমন ফেরদৌসীর শাহনামা , রুমির মনসুবি, গালিলের গজল, খৈয়ামের রুবাইয়াৎ কিংবা রবীন্দ্রনাথের গীতাঞ্জলি। নজরুলের ‘বিরোধী’ কবিতাটিও সুসাহিত্যের একটি উজ্জ্বলতম উদাহরণ। শেখরুপিয়ারের একাধিক নাটকও সুসাহিত্য বলে গণ্য হওয়ার যোগ্য। সাহিত্যের পাঠক কিছুটা কমেছে বলা হলেও কোনো জরিপ হয়েছে কি না আমার জ্ঞান নেই। বিশ্বায়ন প্রযোজিত বাধাহীন আকাশ মিডিয়া, ইন্টারনেট, ফেসবুক, ইন্সট্রোগ্রাম, হোয়াটসঅ্যাপ, ইউটিউব, ইত্যাদি মানুষকে দ্রুততম সময়ে আনন্দ ও তথ্য দান করেছে। মানুষ অনেক বেশি ভোগবাদী ও পণ্যমনস্ক হয়ে উঠেছে। কয়েকশত পৃষ্ঠার একটি বই পড়ার ধৈর্য বা মন অনেকেরই থাকছে না। তবে এ অবস্থা কেটে যাবে এবং মানুষ আবারও বইমুখী হবে বলে আমার মনে হয়।

প্রেম ও মানবতা এই দুই বিষয়কে তাঁর জীবনির্ভর ব্যক্তিগত অভিজ্ঞতার আলোকে তাঁর মতামতে তিনি বলেন : প্রেম এবং মানবতা একই মূলার এপিঠ ওপিঠ। দুটো নরনারীর শরীর-মনের মিলনই সবখানি প্রেম নয়। প্রেম আরও



অনেক বড়ো ব্যাপার। প্রেম চায় আকাশের উদারতা। একজন প্রকৃত প্রেমিক অন্য কোনো নারীকে অসম্মান করতে পারে না। একজন প্রকৃত প্রেমিক অন্য কোনো মানুষকে হত্যা করতে পারে না। একজন প্রকৃত প্রেমিক বেনজামিন নেতানিয়াছর মতো গণহত্যার নায়ক হতে পারে না। প্রেম মানে শান্তি । অপ্রেম মানে অশান্তি। আর অশান্তির উৎস হচ্ছে অমানবতা তথা যুদ্ধ, হানাহানি, লুণ্ঠন, উপনিবেশবাদ, সাম্রাজ্যবাদ, ধর্ষণ, বোমবাজি ইত্যাদি। আমি আগাগোড়া একজন প্রেমিক মানুষ। আমি এই জীবনকে ভালোবাসি, যুদ্ধবাজ-সাম্প্রদায়িক হানাদার-সাম্রাজ্যবাদী-উপনিবেশবাদী মানুষগুলো ছাড়া দুনিয়ার সকল মানুষ, প্রাণী ও প্রকৃতিতে গভীরভাবে ভালোবাসি। আমি প্রেমের ভেতর দিয়ে মহাবিশ্বকে দেখি এবং সেজন্য আমি সবচেয়ে বেশি লিখি প্রেমের কবিতা। প্রেম ও মানবতায় ভাবনায় আমি কাজী নজরুল ইসলামের অনুসারী।

কবিতা , নিবন্ধ বা গবেষণাপত্রী কাজ সব বিষয়ে সফল পদচারণার পথে কোন বিষয়গুলির দিকে প্রাধান্য দিয়ে লিখতে সাক্ষর্যবোধ করেন সেই বিষয়ে তিনি জানান ' দেখুন আমি মূলত কবি। আমার ২৯টি বইয়ের মধ্যে ২২টি কাব্যগ্রন্থ। আমার কবিতা নিয়ে প্রচুর প্রবন্ধ-নিবন্ধ-রিভিউ লেখা হয়েছে। একাধিক গ্রন্থ রচিত হয়েছে। কবিতার জন্য অনেকগুলো সাহিত্য পুরস্কার পেয়েছি। আবার "নজরুল সংগীত বাণীর বেতন" নামক গবেষণাগ্রন্থটির জন্য আইএফআইসি ব্যাংক সাহিত্য পুরস্কার, ভারতের গ্রেস কটেজ নজরুল সম্মান ইত্যাদি নামিদামি পুরস্কার পেয়েছি। আমি ছড়া লিখি । ওটি বই আছে ছড়ার। প্রচুর প্রবন্ধ লিখেছি আর প্রবন্ধের বইও আছে। আমি সবখানেই সাবলীল তারপরও আমি মূলত কবি। কবিতা লেখাতেই আমার সবচেয়ে বেশি আনন্দ। আমার প্রতিটি লেখাই আমার ভাবনার ও ভালোবাসার ভাষারূপ। আমি প্রেমের পক্ষে। উদার মানবিকতারপক্ষে,উপনিবেশবাদ-সাম্রাজ্যবাদ-সাম্প্রদায়িকতা-শোষণ-লিঙ্গ ভেদ ইত্যাদি থেকে মুক্ত প্রেমময় এক পৃথিবীর পক্ষে। আমার সকল লেখার মন্তব্য আমার এই জীবনবোধ কাজ করে। আর বৈচিত্র্য আমার অন্যতম ভালোবাসা । আমার চেতনে-অবচেতনে ধরা পড়ে এমন কোনোকিছুই আমার লেখার বাইরে নয়।

দীর্ঘ সফল সাহিত্য জীবনের কোন প্রতিবন্ধকতার সম্মুখীন হয়েছেন আর জীবনের বিশেষ স্মরণীয় দিন অথবা কোন অভিজ্ঞতা বিশেষে প্রশ্ন করা হলে তিনি বলেন ' দৃশ্যমান অথবা অদৃশ্য, চেনা অথবা অচেনা, অনুমিত অথবা অপ্রত্যাশিত প্রতিবন্ধকতা জীবনচলার পথেরই অচ্ছেদ্য অংশ। আমি মূলত রাজধানীর বাইরের মানুষ। প্রায় ৪০ বয়স পর্যন্ত রাজধানীর সঙ্গে তেমন যোগাযোগ ছিল না। সাহিত্য সম্পাদক-লিটল ম্যাগাজিন সম্পাদকদের সঙ্গে মুখোমুখি পরিচয় ছিলো না। দেশের প্রখ্যাত কবিদের সঙ্গে দেখাসাক্ষাৎ ছিলো না। ফেনালাপ ছিলো না। পেশায় ছিলাম আমলা কিন্তু কোনো সরকারের আমলেই ক্ষমতাসেযা ছিলাম না। সবসময় না হলেও অনেক সময় বিভিন্ন সাহিত্য সম্পাদকের কাছে উপেক্ষার শিকার হতে হয়েছে ,এখনও হয়। আমি যখন তৃতীয় শ্রেণিতে পড়ি, তখন বাংলাদেশের মুক্তিযুদ্ধ সংঘটিত হয়। আমাদের গ্রামের বাড়ি ছিলো সীমান্ত এলাকায়। আমি নিজচোখে মুক্তিযুদ্ধ দেখেছি, গোলাগুলি, বোমা বিস্ফোরণ, মুক্তিযোদ্ধা, রাজাকার, পাকবাহিনী এসব দেখেছি। বড়ো হয়ে এসব নিয়ে অনেকগুলো কবিতা লিখেছি। স্মৃতিগদ্য লিখেছি। আরও কত ব্যক্তিগত স্মরণীয় ঘটনা আছে আমার জীবনে! কত অচরিতার্থ প্রেম! নাটকীয় ঘটনায় উচকিত কত পেশাগত দিন রাত!

কবি তাঁর অবসর ও পারিবারিক

জীবন প্রসঙ্গে প্রশ্নের উত্তরে জানান ‘আমি প্রায় ৫৫ বছর সরকারি চাকরি করে ২০২৩ সাল থেকে অবসর জীবন যাপন করছি। কিন্তু বাস্তবে কোনো অবসর নেই আমার। আমি ৫/৬ ঘণ্টা বিছানায় থাকি রাতে। বাকি সবগুলো সময় বই পড়ি, গান শুনি, লেখালেখি করি।'নিজেকে তিনি অভিহিত করেন এভাবে আমি হচ্ছি একজন Voracious reader. আমার জন্ম পন্ডা-মহানন্দা-পাগলা-পাঙ্গাশমারী নদীবিধৌত টিকলীচর নামক গ্রামে এক সাধারণ কৃষক পরিবারে। আমার আকা-আম্মা মারা গিয়েছেন। জীবনসঙ্গী রোকশমা তার ভৈরবী লীনা অর্থনীতিতে এমএ, সৌন্দর্যে একজন বিউটি কুদ্রন। তারচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে তিনি একজন মেধাবী ও সহযোগিতাপরায়ণ জীবনসঙ্গী, যোগ্য মা এবং উদার মনের-- সুন্দর মনের মানুষ। তাকে চারপাশের সবাই ভালোবাসে। আমার মেয়ে লুবনা কুয়েট থেকে ইঞ্জিনিয়ার -- ৪১ বিসিএস এর একজন সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট।

ছেলে সজন চুয়েট থেকে ইঞ্জিনিয়ার। সকল অর্থেই আমি একটি মেধাবী, উজ্জ্বল, উদার ও সুখী পরিবারের সদস্য। তার প্রকাশিত গ্রন্থ প্রসঙ্গে তিনি জানান ‘চলমান ২০২৪ সালের আজকের দিন অবধি আমার প্রকাশিত গ্রন্থ ২৯টি। তারমধ্যে ১টি সংগীত বিষয়ক গবেষণার বই, ১টি প্রবন্ধের বই, ৩টি ছড়ার বই, অবশিষ্ট ২৪টি বই কবিতার। পাঠকগণ আমার সব ধরনের লেখাই গ্রহণ করেছেন। আমার কবিতা নিয়ে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক নাজিয়া ফেরদৌস ‘আমিনুল ইসলামের কবিতা: ভিন্নধারায় সত্যানুসন্ধান" নামে একটি বই লিখেছেন ২০১৯ সালে। " দৃষ্টি ", "পাতাদের সংসার", " অদ্রি", "পুনশ্চ" প্রভৃতি লিটল ম্যাগাজিন আমার সৃষ্টিকর্ম নিয়ে বিশেষ সংখ্যা/ ক্রোড়পত্র করেছে, বাংলাদেশ এবং পশ্চিমবঙ্গের বিশিষ্ট কবি-সমালোচকগণ প্রবন্ধ-নিবন্ধ লিখেছেন এবং তাদের সংখ্যা একশোর কাছাকাছি। বাটিকশিল্পীরা আমার কবিতা আবৃত্তি করেছেন।

সাহিত্য জীবনের তাঁর সফল পদচারণার বিভিন্ন স্বীকৃতিএসেছে , তিনি বলেন "বগুড়া লেখকচক্র পুরস্কার ২০১০" , কবিকুঞ্জ পদক ২০২১", " দাগ সাহিত্য পুরস্কার ২০১৮", " এবং মানুষ সাহিত্য পুরস্কার ২০১৭", " পূর্ব পশ্চিম সাহিত্য পুরস্কার ২০২১", " আইএফআইসি সাহিত্য পুরস্কার ২০২১", " বিন্দু বিসর্গ পদক ২০২৩", " গ্রেস কটেজ নজরুল সম্মান ২০২৩", " কারুপা সাহিত্য পদক ২০২৪" ইত্যাদি পেয়েছি আমার সৃজনশীল-মননশীল উভয় ধরনের কাজের জন্য। তাঁকে নিয়ে রচিত গ্রন্থ হলো আমিনুল ইসলামের কবিতা : ভিন্ন ধারায় সত্যানুসন্ধান' নাজিয়া ফেরদৌসসহকারী অধ্যাপক,নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।২. সমবায় আড্ডিনায় সৃজনশীলতার আলো : একজন আমিনুল ইসলাম'সম্পাদনা : হরিদাস ঠাকুর ।লিটল ম্যাগাজিন গুলি হচ্ছে ১. রবু শেঠ সম্পাদিত 'পুনশ্চ' (বিশেষ ক্রোড়পত্র) ২০০৮

২. অচিন্ত্য চয়ন সম্পাদিত 'অদ্রি(বিশেষ ক্রোড়পত্র) ২০১০,৩. হারুন পাশা সম্পাদিত : পাতাদের সংসার : আমিনুল ইসলাম সংখ্যা: ২০১৮;৪. বীরেন মুখার্জী সম্পাদিত'দৃষ্টি; আমিনুল ইসলাম সংখ্যা ২০১৯।উল্লেখ্য কবি আমিনুল ইসলামের সাহিত্য সৃষ্টিকর্ম নিয়ে পশ্চিমবঙ্গের এবং বাংলাদেশর শতাধিককবি-গবেষক-অধ্যাপক প্রবন্ধ-নিবন্ধ-আলোচনা লিখেছেন এবং উভয় দেশেই প্রকাশিত হয়েছে।

দুই বাংলার সমকালীন বাংলা সাহিত্যের বিকাশ ও চর্চার বিষয়ে প্রসঙ্গে তিনি মতামত দেন ' দুই বাংলা ছিলো ১৯৪৭ সালের মধ্য আগস্ট অবধি। অতঃপর ভিন্ন কিছু। বাংলাদেশ একটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্র । পশ্চিমবঙ্গ বিশাল ভারতের একটি রাজ্য। উভয় ভূগোলে প্রধান ভাষা বাংলা। উভয় ভূগোলের ুসং্কৃতির মধ্যে মিল আছে, তেমনি স্বাতন্ত্র্যও আছে। শরৎচন্দ্র চট্টোপাধ্যায় এবং হুমায়ুন আহমেদ বাংলাভাষার সবচেয়ে জনপ্রিয় দুজন কথাসাহিত্যিক।

না। না, সেটা তার পরিবারে সুন্দর মানুষগুলোর আকর্ষণে, কিংবা হেডমাস্টার মশায়ের সুনজরে পড়ার জন্যে নয়। বন্ধুত্ব হল অন্য একটি কারণে। আমাদের দুজনের একটি কমন ইন্টারেস্ট ছিল। সেটা, লেখালেখি। পরিচয় হবার কিছুদিন পর একটি রুলটানা খাতা বের করে ভারিক্কি ভঙ্গীতে জানালো, ও লেখালেখি করে। ওর লেখা কবিতাগুলো পড়ার পর লাজুকভংগীতে আমিও ওকে জানালাম, আরে আমিও তো!

সেই শুরু; সাহিত্য অঙ্গনে আমাদের ঘনিষ্ঠ সহযাত্রা বাহাভুরে থেকে সাতাত্তুর, এই পাঁচ বছরের। সেই পথচলায় আমাদের সহমর্মিতা ছিল, ছিল তুমুল প্রতিদ্বন্দ্বিতা। আমরা একসাথে লিখেছি, পত্রিকাতে কার লেখা বেশি ছাপা হল সেটা নিয়ে পেশী প্রদর্শন করেছি। দেয়াল পত্রিকা বের করেছি, একুশের ম্যাগাজিন প্রকাশনা করতে চাদাবাজী করেছি, প্রেসে বসে গ্রন্থ দেখেছি, পত্রিকায় ছোটদের পাতা সম্পাদনা করেছি। করেছি স্বরচিত কবিতা পাঠ, ব্রতচারী নৃত্য, গান। খুব সক্রিয় অংশগ্রহণে একসাথে খেলাধর করেছি।

এবার এই বন্ধুটির নাম বলি। ওর নাম, ভীষ্মদেব চৌধুরী, ডঃ ভীষ্মদেব চৌধুরী। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সদ্য প্রাক্তন চেয়ারম্যান। হঠাৎ তাকে নিয়ে লিখতে গেলাম কেন? কারণ ভীষ্ম কিছুছদ্দিন আগে বাংলা একাডেমীর রবীন্দ্র পুরস্কার পেয়েছে। যখন তার এই সম্মানে ভূষিত হবার খবর ফেসবুকে পেলাম, তখন সেখানে তাকে একটি ঝটপট অভিনন্দন জানিয়েছি। সেটায় আমার মন ভরে নি। একটু বিশেষভাবে এ নিয়ে কিছু বলতে চেয়েছিলাম। আমার এই বন্ধুটি যেমন কেবল রবীন্দ্র পুরস্কার নয়, বাংলা একাডেমীর মূল পদকের দাবীদার তেমনি, তার জন্যে আমার সংক্ষিপ্ত অভিনন্দনের চাইতে বড় কিছু বলা দরকার। সেই ভাবনা থেকে ভেবেছিলাম কিছু লিখব। সময়ের অভাবে সেটা লিখে উঠতে পারি নি। তাই এই বিলম্বিত অভিনন্দন।

অনেক অনেক অভিনন্দন, ভীষ্ম।

কিন্তু দুজনের সাহিত্যে উপস্থাপিত জীবন, ধর্ম, রাজনীতি, শিক্ষা, পরিবেশ, চরিত্র, কথপোকাখন, সামগ্রিক ভাষা ইত্যাদির মধ্যে যতখানি মিল আছে, বৈসাদৃশ্য বা স্বাতন্ত্র্য কিন্তু কম নেই। সমকালেও এই সাদৃশ্য ও ব্যবধান রয়ে গেছে যুগপৎভাবেই এবং যথায়থ কারণেই। শামসুর রাহমানের জনপ্রিয় কবিতাগুলোর একটা বড়ো অংশই পশ্চিমবঙ্গের পাঠকদের কাছে আবেদনহীন, প্রসঙ্গবহির্ভূত। কারণ সেসব কেবলই আজকের বাংলাদেশ নামক পঞ্চাশ হাজার বর্গমাইলের মানুষের জীবন-সংগ্রাম-সংস্কৃতির কাব্যরূপ।

বর্তমান সমাজের নূতন প্রজন্ম পাঠ বিমুখ কিনা সেই বিষয়ে প্রশ্নের উত্তরে জানান' দুনিয়ার মানুষ এখনও পুরোপুরি পাঠবিমুখ হয়ে যায়নি। এখনও প্রতিবছর লাখ লাখ বই প্রকাশিত হচ্ছে। প্রকাশনা সংস্থার সংখ্যাও বাড়ছে। তবে নতুন প্রজন্ম বই পাঠে সেভাবে এগিয়ে আসছে না, একেথাও সত্য। ইন্টারনেট, ফেসবুক, মেক্সগ্রাম, হোয়াটসঅ্যাপ , ইন্সট্রোগ্রাম, নগদ ভোগবাদ, মূল্যবোধের ব্যাপক পরিবর্তন, পণ্যসংস্কৃতির আগ্রাসন এর জন্য দায়ী। এখন বিশ্বায়নের যুগ। কোনো রাষ্ট্র এককভাবে বা বিচ্ছিন্নভাবে এই অবস্থার পরিবর্তন করতে পারবে না । নতুন প্রজন্ম কি ধরনের পড়তে চায় এটা জানা দরকার। প্রকাশক-লেখক-পরিবেশকদের সন্মিলিতভাবে পাঠক সৃষ্টির উদ্দেশ্যে মিডিয়ার সহায়তা নিয়ে ব্যাপক ও ধারাবাহিক প্রচার চালাতে হবে।

সুসাহিত্য বা ভালো বই’এবং অনুবাদ সাহিত্যের সম্পর্কে তিনি বলেন ‘আমি আগেই বলেছি। অনুবাদই তো সব। কবিতা, উপন্যাস, গল্প, গান , নাটক, চিঠি এই সবই তো আসলে মানুষের মনের অনুবাদ। অনুবাদের মাধ্যমেই তো আরও উপন্যাস সারা দুনিয়ায় ছড়িয়ে পড়েছে। অন্যদিকে অনুবাদের অভাবে কাজী নজরুল ইসলাম, জীবনানন্দ দাশ, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, আল মাহমুদ, হুমায়ূন আহমেদ প্রমুখ বিশ্বমানের লেখক বাংলাভাষী অঞ্চলের বাইরে আজও অচেনা। অন্য ভাষার সাহিত্যকর্ম বাংলা ভাষায় অনূদিত হচ্ছে। কিন্তু বাংলাভাষার বিশেষত বাংলাদেশের সাহিত্যকর্ম অনুবাদের অভাবে ক্ষুদ্র খোয়াড়ে বন্দী হয়ে পড়ে আছে। বাংলা সাহিত্যকে অনুবাদের মাধ্যমে বিশ্বে তুলে ধরা সবচেয়ে বড়ো প্রয়োজন আজ। অনুবাদের অভাবে একটি বিশ্বমানের সমৃদ্ধ সাহিত্যভাণ্ডার এভাবে অপঠিত, অমূল্যায়িত থাকা বিশ্বমানবসম্প্রদায়ের জন্য লোকসানজনক ব্যাপার।

আমায়িক ব্যক্তিত্ব সর্বসাপাটী কবি আমিনুল ইসলাম তার চিন্তার স্বাতন্ত্র্যময় শুদ্ধ বিচ্ছুরণে আলোকিত করবেন আমাদের সাহিত্য ভাণ্ডার ও পাঠককে আরো দীর্ঘ সময় তাই প্রত্যাশা।

নারী শিক্ষার অগ্রদূত : অধ্যক্ষ হোসনে আরা আহমদ

রোমেনা রোজি

বাংলাদেশের শিক্ষাক্ষেে জাতি গঠনের একঅভিভাবক অধ্যক্ষ হোসনে আরা আহমদ। সিলেটের নারী শিক্ষার অগ্রদূত। জীবনের দীর্ঘ সময় কেবল নারীদের শিক্ষা , ক্ষমতায়ন, নেতৃত্ব সম্মান ও সমাজে মাথা উঁচু করে বসানোর জন্য নিজেকে নিয়োজিত রেখেছিলেন। রাষ্ট্র-ক্ষমতা কিংবা কোনো ধরণের রাজনৈতিক অভিলাস তাঁকে স্পর্শ করেনি। এক মুক্তিযোদ্ধা পরিবার, ৭১ সালে যুদ্ধে শহীদ হয়েছিলেন তাঁর স্বামী ডা. শামসুদ্দীন আহমদ। স্বামীর শহীদ হয়ে যাওয়ার শোককেও তিনি শক্তিতে পরিণত করেছিলেন তার আদর্শ কে সম্মুত রাখতে।

পশ্চাৎপদ সমাজে অজ্ঞতা, সামাজিক ও ধর্মীয় কুসংস্কার, গোড়ামি এবং রক্ষণশীলতার প্রভাবে পুরুষ প্রধান সমাজব্যবস্থার বৈশিষ্ট্য অনুযায়ী নারী সমাজের প্রতি উপেক্ষা ও বৈষম্যমূলক দৃষ্টিভঙ্গি ও আচরনের অনেক যুগেও কোন পরিবর্তন আসেনি। ঊনবিংশ শতাব্দী থেকে একটি নবজাগরণ প্রচলিত সমাজের রক্ষণশীলতা, কুসংস্কার ও ধর্মের দোহাই দিয়ে নারী জাতির উপর অযৌক্তিক কঠোর বিধিবিধান চাপিয়ে দেওয়ার বিরুদ্ধে এক বলিষ্ঠ আন্দোলনের জন্ম দেয়। সিলেটের নারী সমাজও এই নারী জাগরণের প্রভাবে গভীর ভাবে প্রভাবিত হয়েছিল। এই প্রভাবেক যথাযথ ভাবে বিশ্লেষণ করতে গেলে যাদের অবদান স্বীকার করতে হয়, যাদের নাম কৃতজ্ঞতা ভরে স্মরণ করতে হয়, তাদের মধ্যে অন্যতম একজন অধ্যক্ষ হোসনে আরা আহমদ।

হোসনে আরা আহমদের জন্ম ১ জানুয়ারী ১৯২৭ সালে। বাবা আহিনজীবী আব্দুল ওয়াহাব চৌধুরী তার স্কুলে পড়ার সময় মারা গেলেন। শিক্ষা অনুরাগী মাতা মুহিবুন্নেসা চৌধুরীর অনুপ্রেরণায় এক অতি রক্ষণশীল সময়ে অত্যন্ত মেধাবী ছাত্রী প্রথমে মিশনারি স্কুল, তারপর তার সময়ে ক্লাসের একমাত্র মুসলিম নারী হিসাবে কৃতিত্বের সাথে সিলেট সরকারি বালিকা বিদ্যালয় থেকে এন্ট্রান্স এবং এরপর সিলেট সরকারি মুরারিচাঁদ কলেজ থেকে বি এ পাশ করেন। স্কুলে পড়ার সময়েই তিনি রচনা ও বিতর্ক প্রতিযোগিতায় সিলেট থেকে গিয়ে তৎকালীন শিলংয়ের প্রতিযোগিতায় স্বর্ণ পদক পান। উচ্চতর শিক্ষা নিয়ে নারীদের শিক্ষাগত মান বাড়ানোর জন্য মায়ের অভিপ্রায়ে তিনি সেই

ব্রিটিশ আমলে সুদূর কলকতা বিশ্ববিদ্যালয়ে এম এ ক্লাসে ভর্তি হন। উল্লেখ্য, আলীগড় বিশ্ববিদ্যালয়ে ভর্তির আমন্ত্রণ পেয়েও তিনিই প্রথম সিলেটের মুসলিম নারী যিনি মেধাভিত্তিক প্রতিযোগীতায় এই স্বনাধন্য কলকাতা বিশ্ববিদ্যালয়ে পড়াশুনার সুযোগ করে নেন। সেইসময়ে ১৯৪৬ সালে ডাঃ শামসুদ্দিন আহমেদের সাথে তার বিয়ে হয় এবং কলকাতার বিশ্ববিদ্যালয়ে সব ক্লাস শেষ হলেও দাঙ্গার জন্য পরীক্ষা বন্ধ থাকে এবং পরে ঢাকা বিশ্ববিদ্যালয়ে তার পরীক্ষার ব্যবস্থা করা হয়।

১৯৫০ সালে স্বামীর সাথে ঢাকায় থাকার সময়ে সিলেটের সরকারি মহিলা কলেজ পাকিস্তান সরকার বন্ধ করে দেয়। সিলেটের শিক্ষানুরাগী মানুষ এটা মেনে নিতে পারেননি। বেসরকারি ভাবে কলেজ শুরু করার তৎপরতা শুরু হয়। তখনকার নারী নেত্রী জোবেদা রহিমের আহবান ও অনুরোধে হোসনে আরা আহমদ সংসার স্বামী সব কিছু ঢাকায় ফেলে রেখে কর্তব্যের টানে চলে এলেন সিলেটে নিজের মায়ের বাড়ীতে। কোলে তখন এক কন্যা ও এক শিশু পুত্র। জোবেদা রহিম বলেছিলেন আর্থিক সংকটের জন্য রিকশা ভাড়াও দিতে পারবেন না। স্বামী ডা. শামসুদ্দীন আহমদের উদার মানসিকতার জন্যই তার পক্ষে সম্ভব হয়েছিল এমন কঠিন সিদ্ধান্ত গ্রহণ করা।

১৯৫০ সালে সিলেট মহিলা কলেজের প্রথমে অধ্যাপক ও পরে অধ্যক্ষের দায়িত্বগ্রহণ করেন হোসনে আরা আহমদ। এরপর আর তিনি পিছনে ফিরে তাকাননি। সেই থেকে সিলেট মহিলা কলেজের প্রতিটি সুখ-দুঃখের ইতিহাসে জড়িয়ে রয়েছেন তিনি। মাত্র কয়েকজন ছাত্রী নিয়ে ভাড়া করা ছোটো ঘর থেকে তার দীর্ঘ আমলে সিলেট মহিলা কলেজ সারা দেশে সম্মানিত আসন লাভ করে। শহরে নারী সমাজের উন্নয়নের সাথে সর্বস্বীন নেতৃত্ব দেয়ার সাথে সাথে তিনি অধ্যক্ষার গুরু দায়িত্ব পালন করে গেছেন। ১৯৬২ সালে কলেজের জন্য বর্তমানের বাড়ি ও শহরের মাঝখানে চার একর বা বারো বিঘা জায়গা প্রথম বারের মতো কলেজের নিজস্ব সম্পত্তি হিসাবে ক্রয় করা হয় তারই তত্ত্বাবধানে। ১৯৬৩ সালে ছাত্রী নিবাসসহ কলেজটি তার নিজস্ব স্থানে স্থানান্তরিত হয়। ১৯৬৪ সালে কলেজটিতে বিজ্ঞান বিভাগ চালু করা হয় এবং ১৯৬৭ সালে বিজ্ঞান বিভাগের জন্য দ্বিতল দালান কোটা তৈরী করা হয়। ১৯৭০



দেশ ও দেশের মানুষের জন্য এই মহিয়সী মহিলা শুধু তাঁর নিজের সময় ও মেধা দান করেননি, দেশের স্বাধীনতা সংগ্রাম কালে হারিয়েছেন একান্ত আপন জনকে।

সংগ্রাম কালে হারিয়েছেন একান্ত আপন জনকে।

সালে দ্বিতল ছাত্রী নিবাসের প্রথম তলা নির্মিত হয়; এতে করে সিলেট ছাড়াও অন্যান্য জেলার অভিভাবকগণও নিজের মেয়েদের রাজনীতি মুক্ত পরিবেশে হোস্টেলে রেখে পড়াশুনা করানোর সুযোগ পেয়েছিলেন। তার বলিষ্ঠ নেতৃত্বে পর্দানশীল সিলেট সমাজের মেয়েরা নির্বিঘ্নে উচ্চ শিক্ষার জন্য স্বপ্রনোদিত হন। পড়াশুনা যেন ব্যাহত না হয়, এজন্য তার প্রথর দৃষ্টি সকল মেয়েদের উপর থাকতো। পারিবারিক ও আর্থিক সংকট নিরসন করতেও নীরবে এগিয়ে আসতেন ও সমে্হে সাহায্য করতেন।

বাংলাদেশ স্বাধীন হওয়ার পরে তিনি জাতীয় শিক্ষা পরিবেশ কমিটিতে একমাত্র বেসরকারী কলেজ গুলোর প্রতিনিধি সদস্য মনোনিত হন। সরকারী ও বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে একই পক্রিয়ায় রাখারজন্য আপোষহীন সংগ্রাম করে যান। শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে দুর্নীতি মুক্ত করে রাখার জন্য তিনি দৃঢ় ভূমিকা রাখেন। তাঁর সময়েই মহিলা কলেজ ফিরে পায় তার জীবনের চেতনা।

অধ্যক্ষ থাকা অবস্থায় বেগম হোসনে আরা আহমদ পকিস্তান আমলে, ১৯৬২ সালে আমেরিকা সরকারের সোশ্যালিস্ট এন্ডচেঞ্জ পোগ্রামে আমন্ত্রিত হয়ে আমেরিকার ১১টি স্টেটের শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করেন।একই

বছর টোকিও এবং হংকং এ তিনি শিক্ষা সফরে যোগ দেন। নারী শিক্ষার অবদানের জন্য সেই সময় সরকার তাকে "তমগায়ে কায়েদে আজম "খেতাব প্রদান করে।

সিলেট মহিলা কলেজ ছাড়াও তিনি সিলেটের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের জন্য তার সময় ও মেধা ব্যয় করেছেন নিরলসভাবে। আশ্রখানা গার্লস হাইস্কুলের প্রতিষ্ঠাতা সদস্য, আশ্রখানা শিশুস্কুলের প্রতিষ্ঠাতা সভানেত্রী, সোস্যাল ওয়েলফেয়ারের যুব কল্যাণ কেন্দ্রের সভানেত্রী, ব্লবার্ড স্কুলের প্রতিষ্ঠাতা সদস্যসহ তিনি ঢাকা ও চট্টগ্রামবিশ্ববিদ্যালয়ের একডেমিক কাউন্সিল ওসিণ্ডিকেটের সদস্য ছিলেন। কুমিল্লা শিক্ষাবোর্ডের সম্মানিত সদস্য হিসাবেও দায়িত্বপালন করেছেন। এছাড়াও তিনি ছিলেন জাতীয় মহিলা সংস্থার সভানেত্রী, ফেডারেশন অব ইউনিভার্সিটি উইমেন্স-এর সিলেট শাখার সভানেত্রী, জালালাবাদ অন্ধ কল্যাণ সমিতি, টিবি এসোসিয়েশন-এর সিলেট এডুকেশন ট্রাস্টের একজন সম্মানিত সদস্য। তিনি ওভারসিজ সেক্টারের পরিচালনা কমিটির একজন ট্রাষ্টিও। মুক্তিযুদ্ধে ক্ষতিগ্রস্ত নারী সমাজের পূণর্বাসনের জন্য নারী পূণর্বাসনের জাতীয় কমিটির নেতৃত্ব দিয়েছেন। সবখানেই তাঁর মেধা ও সাহসিকতার বিরামহীন কার্যক্রমের

উদাহরন রেখে গেছেন হোসনে আরা আহমদ। ষাট দশকের শেষের দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিড্ডিকেটের মিটিংয়ে তাঁরই প্রস্তাবনায় মিউজিক বিভাগ চালু হয়। বাংলাদেশ হওয়ার পর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সিড্ডিকেটে মিটিং চলাকালীন ছাত্রীা ঘেরাও করে। ভয়ে যখন কেউ বের হননি তখন এক মাত্র মহিলা সিড্ডিকেটের সদস্য হোসনে আরা আহমেদ ছাত্রদের মাঝে বেরিয়ে পড়েন ও ১৫ মিনিটের মধ্যে তাদের শান্ত করে সমস্যার সমাধান করে ফেলেন।

১৯৭৮ সালে বাংলাদেশ সরকারের প্রতিনিধি হিসাবে ব্যংককে অনুষ্ঠিত ইউনেসকো আয়োজিত শিক্ষা সেমিনারে যোগ দেন। মালয়েশিয়ার শিক্ষা ব্যবস্থাও তিনি পরিদর্শন করেন। বিভিন্ন সময়ে বিভিন্ন দল থেকে রাজনীতিতে যোগ দেওয়ার জন্য আমন্ত্রণ জানানো হলেও রাজনীতির মোহ তাঁকে আকর্ষণ করতে পারে নাই। তিনি রাজনীতির মোহ পরিত্যাগ করে নারী জাতির শিক্ষা বিস্তারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে থাকেন।তিনি মনে-প্রাণে বিশ্বাস করতেন ‘শিক্ষা ছাড়া নারী জাতির এগুনের আর কোন বিকল্প নেই’। ১৯৮০ সালের ১ মার্চ সরকারী করণের আওতায় আসে সিলেট মহিলা কলেজটি আর ১৯৮৩ সালের ১৯ ফেব্রুয়ারী বেগম হোসনে আরা আহমদ, যার সাজানো পূর্ণাঙ্গ কলেজকে সরকারের কাছে দিয়ে অবসর গ্রহণ করেন।

দেশ ও দেশের মানুষের জন্য এই মহিয়সী মহিলা শুধু তাঁর নিজের সময় ও মেধা দান করেননি, দেশের স্বাধীনতা সংগ্রাম কালে হারিয়েছেন একান্ত আপন জনকে। ১৯৭১ সালের ৯ এপ্রিল পাকিস্তানী হায়েনাদের হাতে কয়েকজন সহযোগীসহ নিহত হয়েছেন ডা. শামসুদ্দীন আহমদ। ডা. শামসুদ্দীন আহমদ যে মাটিতে ঘুমিয়ে আছেন তার থেকে মাত্র কয়েক গজ দূরে হোসনে আরা আহমদের কর্মস্থল সিলেট মহিলা কলেজটি। এই সম্পর্কে তাঁর স্মৃতিচারণ করতে গিয়ে একবার বলেছেন, 'আমার জীবনের যে চরম দুর্ঘটনা ঘটেছিল সেদিন, ঠিক পরের দিন থেকে আমি আমার কর্মস্থলে যোগ দিয়েছি। এই কবরকে সামনে রেখে প্রথম দিন আমার বুকের ভিতর যে রক্তক্ষরণ হয়েছিল, সেখান থেকে শক্তি সঞ্চয় করেই চলছি আমি, আমার তো হারাবার কিছু নেই'।

উল্লেখ্য ১৯৫০ সালের পর থেকে সিলেটে উচ্চতর নারী শিক্ষার এবং নারীদের ক্ষমতায়নের জন্য জন্য নিঃসন্দেহে অধ্যক্ষ হোসনে আরার অবদান সবচেয়ে অধিক। নারী শিক্ষার জন্য তাঁর পারিবারিক জীবনকে বিসর্জন দেয়ার ঘটনা অতুলনীয়। বিভিন্ন জায়গায় তাঁর স্বামীর চাকুরীর বদলির জন্য খুব কম সময়েই পুরো পরিবার সারা জীবন এক সাথে থাকতে পেরেছেন। একটি বেসরকারি কলেজে কে সম্মানের সাথে অধিষ্ঠিত করতে তিনি সারা জীবন তাকে সিলেটেই থাকতে হয়েছে, অথচ সিলেটে নারী শিক্ষায় তাঁর অবদানের কথা এখন বিস্মৃত প্রায়।

২০০৫ সালে লন্ডনে ভ্রমন কালে ব্যাচোনেস পলা উদ্দিন বলেছিলেন, আমি আগে যদি জানতাম লন্ডনের সকল শিক্ষিত মেয়েদের আপনিনি শিক্ষিত করেছেন তাহলে আমি আপনাকে ইংল্যান্ডের রাণীর সাথে গর্বের দেখা সাথে করাতাম।

২০১৮ সালের ১৬ জুলাই ৯১ বছর বয়সে হোসনে আরা আহমদ নিউইয়র্কে তাঁর ছেলে মেয়ে, নাতিনাতনি পরিবেষ্টিত থেকে ইহলোক ত্যাগ করেন।


(ডঃ রেনু লুৎফা এবং ডাঃ জিয়াউদ্দিন আহমদের লিখা থেকে সংকলিত)

কবিতা জীবনের মন্ত্র। কবিতা মানুষকে শক্তি দেয়, নতুন করে জেগে উঠবার প্রেরণা যোগায়। মানুষের মুক্তিতেই কবিতার জয়যাত্রা। স্বাধীনতা যেমন মানুষের বিজয়, সেটা একই ভাবে কবিতারও বিজয়। কবিতায় বড় ভূমিকা পালন করে মানুষ-মানুষে সম্পর্ক, সম্পর্কের টানা-পোড়েন, সম্পর্কের বার্পতা, এবং সংগ্রাম। প্রকৃতি এ মানুষের হাত ধরেই আসে। মানুষের কাদা-জল, মানুষের মাটি-প্রকৃতি কবিতার মূল ভিত্তি।

পৃথিবীর ভৌগোলিক এবং রাজনৈতিক পরিবর্তন হয়েছে। অনেক নতুন টানা-পোড়েনের সৃষ্টি হয়েছে। সব ভাষার কবিতারই নতুন যাত্রা শুরু হয়েছে। বাংলা কবিতা নিজেকে পৃথিবীর স্রোতে আবিষ্কার করেছে। আমরা এখন বিশ্বের মুখোমুখি হয়েছি। এই উদ্দীপনা অনেক গভীর থেকে এসেছে। বেঁচে থাকার তাগিদে, সংসারের টানাপোড়েনে মানুষ নিয়ত সংগ্রামে রত। মানুষের বেঁচে থাকার মধ্যেই কবিতাকে তার জায়গা খুঁজে নিতে হয়। মানুষের বেঁচে থাকার প্রয়াসটা কবিতার বিষয় হয়ে ওঠে।

বর্তমানের নিষ্ঠুর-স্বৈরাচার সময়ের মুখোমুখি দাঁড়াতে গেলে কবিতার একটা নতুন কাঠামো, একটা নতুন নন্দনতত্ত্ব দরকার, নতুন নির্মাণ দরকার। আর সেটা শুধু কবির কণ্ঠস্বর নয়, বিশ্বের সকল সংগ্রামী মানুষের কণ্ঠস্বর হয়ে উঠবে। কবিদের ভিতরে নতুন করে লিখবার অনুপ্রেরণা যে চেতনার সৃষ্টি করেছে তা এগিয়ে নিয়ে যাবার প্রয়োজন রয়েছে। এই কাব্য চেতনা যদি জাগিয়ে তোলা যায় যে আমাদের এখন নতুন ধারার নির্মাণ প্রয়োজন, যে নির্মাণ মানুষের বেঁচে থাকার এবং মুক্তির স্বপক্ষে। সেই নির্মাণকে সত্য করতে গেলে আমাদের সম্পূর্ণ নতুন কবিতার কথা চিন্তা করতে হবে।

সৃজনশীলতার আভা যাতে বারবার কবিকে ছুঁয়ে যেতে পারে সেজন্যে সাধনার প্রয়োজন। সৃজনশীলতা যত উন্মুখ হবে, সাধনাও তত বেড়ে যাবে। এই প্রক্রিয়ার প্রধান বাধা হচ্ছে কবির আর্থিক অসচ্ছলতা। বাংলাদেশের একজন মহৎ কবিরও শুধু কবিতা লিখে জীবন ধারন করা সম্ভব নয়। আমাদের কবিদের কবিতা লেখা ছাড়াও আরও অনেক কাজ করতে হয় জীবন ধারনের



জন্য। এক অভাবনীয় অবস্থার মধ্যে থেকেও তাঁরা কবিতা চর্চা চালিয়ে যাচ্ছেন। ইউরোপ এবং আমেরিকার একজন কবি কবিতা লিখে যে আয় করেন, তাতে তাঁর জীবনযাপন চলে যায়; যেটা আমাদের দেশের শ্রেষ্ঠ কবির বেলায়ও কল্পনার অধিক জিনিস। তবু আমাদের দেশে কবিতা চর্চা সমানতালে এগিয়ে যাচ্ছে।

কবিতায় ছন্দের বিষয়টা খুব গভীর। ছন্দ

কোন আরোপিত ব্যাপার নয়, যেমন ফ্রপদী সঙ্গীতের যে তাল লয় সেটা মানুষের জীবন ধারার উপর নির্ভর করে তৈরি হয়। একই ভাবে আসে ছন্দও। কবিতার যে গতি ও লয় তা মানুষের জীবনধারা, তার সংগ্রাম, তার প্রেম, বিজয়-ইত্যাদির ভেতর থেকে গড়ে ওঠে। কবিতার ভাষা এবং লয়ের নির্মাণ যদি মানুষের সংগ্রাম, তার আকাংখার ভেতর থেকে উঠে আসে, তবেই হবে

প্রানের ছন্দ।

কোন দেশের কবিতা চর্চা, কবিতার বিষয় সেই দেশের রাজনৈতিক ও সামাজিক অবস্থার উপর নির্ভর করে। পশিম বাংলার লেখা আর বাংলাদেশের লেখা মিলিয়েইতো বাংলা সাহিত্য। একই ভাষার রচনার উপর দেশ ভিত্তিক তুলনা সাহিত্য বোধের উপযোগী নয়। বরং অন্য ভাষার সাহিত্যের সাথে তুলনাটা আসতে পারে যে সেই

সাহিত্যের তুলনায় বাংলা সাহিত্যের অবস্থানটা কেমন। পশ্চিমবাংলার লেখার সাথে বাংলাদেশের লেখার কিছুটা পার্থক্য হওয়া স্বাভাবিক। এই পার্থক্যটা এমন যে যুক্তরাষ্ট্রের লেখার সাথে যুক্তরাজ্যের লেখার ভিতরে যে পার্থক্য সেরকম। আমাদের দেশের প্রকৃতি এবং মানুষের বেঁচে থাকার যে সংগ্রাম- এ ধরনের চরিত্রগত পার্থক্যতো রয়েছেই, সেটা লেখায় ধরা পড়বে। একজন লেখকের সামগ্রিক অবস্থানটা তাঁকে দিয়ে লিখিয়ে নেয়। তাই চর্চার ভিন্নতা থাকাই স্বাভাবিক। বাংলাদেশের কবিরা যে নতুন ভাবে চিন্তা করছেন, লেখায় নতুনতর মাত্রা যোগ করে চলেছেন, এটাই উন্নত সাহিত্য সৃষ্টির লক্ষণ। এগুলোর পরিণতি বুঝতে হয়তো বহু বছর লেগে যাবে।

প্রবাসে থেকেও উন্নত মানের সাহিত্য সৃষ্টি করা সম্ভব। ল্যাটিন আমেরিকার স্প্যানিশ কবিরা যখন মাদ্রিদে থাকতেন তাঁরা স্প্যানিশ কবিতার নবজন্ম ঘটিয়েছিলেন। যারা প্রবাসে বাংলা কবিতা চর্চা করছেন তাঁরা জগৎটাকে অন্যভাবে দেখছেন। তাঁরা যদি সত্যিকার অর্থে একনিষ্ঠ ভাবে চর্চা করে যান তাহলে কবিতা একটা নতুন মাত্রা পেতে পারে। বাংলা সাহিত্যের প্রবাসী কবি অমিয় চক্রবর্তী, বুদ্ধদেব বসুও কিছুদিন প্রবাসে থেকেছেন, তবে তাঁরা প্রবাসে জীবন যাপন করেননি। এখন অনেক কবি প্রবাসে জীবন যাপন করছেন, সেখানকার সুস্বদুঃখ ও দৈনন্দিন জীবনের সাথে যুক্ত হয়ে আছেন। তবে জরুরী বিষয় হচ্ছে, স্বদেশে লেখকের শিকড় গভীরে প্রোথিত থাকতে হবে, তাহলে প্রবাসের ভিন্ন আবহাওয়ায়ও তা ভালপালা বিস্তার করতে পারবে।

একজন পাঠক যখন একটা কবিতা পড়ে তখনকার বাস্তবতা এমন যে সেখানে রয়েছে একটা কবিতা এবং একটা বড় সত্য হচ্ছে যিনি সেটা পড়ছেন। পাঠকের পড়াটাই ঐ সময় কবিতাটাকে নির্মাণ করছে। কবি যে অর্থে লিখেছেন, পাঠক হয়তো অন্য অর্থে সেটি নির্মাণ করছেন। সূতরাং, কবি, কবিতা এবং পাঠক; এই তিনজনকে মিলিয়ে একটি জগত তৈরি হয় এবং সেই জগতটা যখন আলোকিত হয়ে ওঠে একটা কবিতার মাধ্যমে- তখন ঐটিকে বলা যায় উত্তম রচনা।

কবিতার এক পাতা

প্রিয় স্বদেশভূমি বাংলাদেশ আকস্মিক এক টালমাটাল
সময় অতিক্রম করছে। একটি ছোট সাধারণ বিষয়, যার সহজ সমাধান ছিল (কোন ক্ষয় ক্ষতি ছাড়াই)
তা ক্রমশঃই জটিল আকার ধারণ করেছিল। দেড় শতাধিক শিক্ষার্থীর অকারণ অকাল প্রাণ ঝরে গেল। এই সব পরিবারের মা-বাবারা
বুকের ক্ষত বয়ে বেড়াবেন আজীবন। প্রার্থনা করি তাঁরা শোক সহবার শক্তি অর্জন করুন!
গত কয়েকদিন যাঁরা দল মতের উর্দে উঠে শান্তির কথা, সৌহার্দ্যের কথা নিরলস বলে গেছেন, তাঁদের জন্যে আমাদের সশ্রদ্ধ
ভালোবাসা। যারা উচ্ছানিতে ব্যস্ত ছিল, ঘোলা জলে মাছ শিকারে মত্ত হয়ে উঠেছিল, তাদের প্রতি আমাদের ঘৃণা।
আপনাদের সকলকে আমাদের ভালোবাসা! ‘কবিতার এক পাতা’ জুলাই সংখ্যা পড়ার বিনীত আবেদন। **ফারুক ফয়সল**

তিনভাগ জল স্থল একভাগ

গাজী রফিক

সবাইকে ছাড়িয়ে আমি একা দাঁড়িয়ে
আছি, যেখানে তোমার সূচাগ্র-কেন্দ্রভূমি।
তিন ভাগ জল বুকে, স্থল একভাগ, কেন
চব্বিশ ঘন্টা ঘোর, সূর্যকে
কেন্দ্র করে।

এক ভালোবাসা, নাকি চুম্বক
এই প্রশ্ন রোজ উপেক্ষিত রাখি...

কন্ড্রাক্টঃ-
জলকেলিতে চোখ ভেসে যায়, চোখ
ঝাপসা দূরের পথ...!
বৃষ্টিতে পথ আঁকি
নাইবা থাকলো পথের দিশা
পথেই আমার বিবমিষা
কাদাজলে যায় মুছে, যায় যাক...
পথ হারিয়ে না হয় একা, তোমার বুকে থাকি।



পৌরাণিক সন্ধ্যা

পারভীন শাহনাজ

যখন একপৃথিবী প্রেম নিয়ে কমলা রঙের সূর্যটা
শান্ত সাগরের বুকে টুপ করে ডুব দেয়
তখনও পরিযায়ী পাখিদের চোঁটে লেগে থাকে
গভীর চুম্বনের রক্তাভ দাগ
ভেজা পালকে ঢেকে রাখে গোপন সঙ্গমচিহ্ন

আঁধারের পর্দা টেনে লাল কাঁকড়ার বাঁক
আঁকিবুকি কাটে বিনুকের সংসারে
রূপোলি চেউ হ্রোতের উজানে খোঁজে তামাটে নাবিক
ঝিঝি পোকারাও পায়ে পায়ে ফিরে যায়,
আশ্রয় খোঁজে নিস্তর্রতার আদিম জঠরে
দুবলার চরে নিঃসঙ্গ প্রেমিকের মতো বসে থাকে ক্লান্ত সময়

চকচকে বালিয়াড়ির নিটোল-স্তন ভেসে যায় উন্মত্ত
ফেনিল সাগরের প্রণয়-জোয়ারে
অথচ, ঋতুগন্ধী স্পর্ধিত জলজ বাতাসকে পাশ কাটিয়ে
পৃথিবীর বুকে পৌরাণিক সন্ধ্যা নামে মধুর পায়ে।

চীনা বাণিজ্য-তরী’র ধংশাবশেষ

মঈনুস সুলতান

মোম্বাসার রৌশন-দীপ্ত বাজারের গলিখুঁজিতে হেঁটে হেঁটে
ভাজা মশলার সাথে নখে খুঁটে স্তম্ভিক কমলালেবুর গন্ধ,
আসি ইন্সিশনে— তাকাই ময়ূরপ্রবণ বাসনায় ইতিউতি
কাফেলার চিহ্ন আঁকা শিশমহলের দুয়ার হয়নি তো বন্ধ;

রেলগাড়ি ডিঙ্গিয়ে যায় সাব-সাহারার সফর নন্দিত সড়ক
কুপেতে একা বসে থাকি চুপচাপ— মনে ভাবনা অশেষ,
পুরাকালে চীনাদের যে বাণিজ্য জাহাজ ডুবেছিলো উপকূলে
তবে কী অদৃষ্টের জোরে পেয়ে যাবো আজ তার ধংশাবশেষ;

কেউ লিখে রেখেছে কী রাজ্যহারা মুচুঙ্গদের পরাজয়
সূর্য আজ বাজাচ্ছে কিরণের বেহালা বৃশ্চিক রাশিতে,
নেই তো কোন বাদ্যযন্ত্র কোথাও কিন্তু মনে হয়—
শিবরঞ্জনী রাগে জোসনা ছড়াচ্ছে চৌরশিয়ার বাশিতে;

জানালায় দ্রুত সরে যায় আমব্রেলা ফার্নের কাঁটাতরু
চাকার ঝিকমিক শব্দে বাজে— নাইরোবি আজ কতদূর,
মাসাই তরুণেরা চরাচ্ছে সাভানায় পশমের চিত্রিত গরু,
চলমান পাহাড়ের ঢালে ছনের গোল কুটির গড়া অচিনপুর।

মৃত নদীর উপকথা

আবদুর রব

মৃতপুত্রকের মন ব্যথায় টনটন তবু
নদীটির নামে উঠবে না প্রবল চেউ;
খুঁড়তে গিয়ে দেখবে শুধু মাটি।
কাঁকড়ার কঙ্কাল ধীরলয়ে
হেঁটে যাবে বিস্ময় ছড়িয়ে

বাতাসের শব্দে হয়তো বা শুনতে পাবে
ইঞ্জিন নৌকার কাঁপা কাঁপা স্বর।

মার্চের ভিতর ফাঁকা বাড়িটায়
রাতভর কাশতো এক বুড়ো,
এখন সেখানে হরেক রকম ঘরবাড়ি।

জানালায় সাদা-লেস পর্দা ঝোলে
বর্তমান বাসিন্দারা জানে না, কখন
বাগানে খোলস ছেড়ে চলে গেছে সাপ।

শিরোনামহীন

আদিত্য শাহীন

যখন তুমি সবগুলো স্টেশনে থামো
সবখান থেকে যাত্রী নামাও ওঠাও
তখন তোমাকে আমার সহজলভ্য মনে হয়
মনে হয়, তুমি ছাড়াও আমি চলে যেতে পারি
সুদীর্ঘ পথ, তুমি ছাড়াও আমি শব্দ তুলতে পারি
লোহালঙ্কড়ের

তুমি লোকাল হয়ে উঠলে আমার আত্মবিশ্বাস
অস্বাভাবিক হয়ে ওঠে, দ্রুতগামী যে তোমার কাছে
আমি হার মেনে মেনে নিজেকে শুদ্ধ রাখি
সেই আমিও তোমার ধীর স্থির অবয়বের কাছে
অবিশ্বাস্য এক রাজা হয়ে উঠি

ওরা

অপরানু সুসমিতো

১.
বাবু চেহারার একজনের ব্যাগে কিছু বই, কিছু বোতাম আর এক প্যাকেট বাদাম ছিল।
সে বাসে চড়ল বাসায় কাউকে না জানিয়ে। প্ল্যান করল বগুড়া যাবে। বগুড়ায় ওর
বয়স্ক্রেস্ত থাকে। বয়স্ক্রেস্ত বিজ্ঞানী। বাস টার্মিনাল থেকে বাসটা ছাড়তেই তার মনে
পড়ল বাবা খুব চিন্তা করবে। সে খুব আর্দ্র হলো বাইরের বুনো বাতাসে। বাবাকে টেক্সট
করল;
বাবাই বাই বাই।

২.
সাকো পেরিয়ে সাজাহানের সাকিন। একটু দূরে সুগন্ধা নদী। নদীর পাড়েই সাজাহান ও
সিতাংশুর সিদ্ধির আখড়া। দুজনেই সীতাকুণ্ডের সাধনা ঔষধালয় থেকে সারিবাদী
সালশা কিনে এনেছে। সিতাংশু বলেছে;
: সাধনায় সিদ্ধেশ্বরী মেলে
সুদর্শন সাজাহান সূতপা সুখে সুরা পান করে।
সোমন্তা সোনামুখী সূতপার বাবা সৌচিক। সোমবারে বাড়িতে থাকেন না। সোমন্ধয়
সন্ধ্যা নেমে এলে সুগন্ধার তীরে, সূতপা সিতাংশুকে ডেকে বলে;
: দাদা আমাকে সাজাহানের কাছে নিয়ে চলো। সোমেশ্বরী নদী তীরে আমাদের সৌখিন
প্রণয় সাধন হবে।
সিতাংশু সৌখিন মানুষ। খুশি মনে সূতপাকে এক কোঁটা সৌগন্ধ উপহার দিয়ে বলে;
: চলো মমতাজ

সন্ধ্যারা আজ ঘরে ফেরেনি

শাহানা আকতার মহুয়া

সন্ধ্যারা আজ ঘরে ফেরেনি।
সন্ধ্যারা আজ হারিয়ে গেছে গায়ত্রী মাসিমার
গায়ের গন্ধের মতো।
গোধূলির ক্ষীণ আলো ডেকে ডেকে অবশেষে
হাই তুলে ঘুমিয়ে গেছে রাত্রির নিকষ বিছানায়।
বিছানা এতো নিকষ কেন?
গাঢ় অন্ধকার নেমেছে যে আজ এই চরাচরে!
মঙ্গলসন্ধ্যারা আটকে গেছে,
সাঁঝবাতির করুণ রূপকথায়!

আলপিনে গাঁথে রাখা দু’চোখের পাতা
কেঁদে কেঁদে ভিজিয়েছে অদৃশ্য সন্ধ্যামণি লতা।
হারিয়ে যাবার আগে কেন যেন বোঝেনি তাহারা
সন্ধ্যারা কতটা স্বকণ্ঠ আর স্বতন্ত্র মায়েস্ত্রো হয়।

Breakfast • Lunch • Dinner

সকালের নাস্তা, দুপুরের খাবার, রাতের খাবার



Dhan Shiri ধানশিঁড়ি

শুভ উদ্বোধন
উপলক্ষে ১০% ছাড়

Grand Opening
10% Discount



Ph: 718-725-0001

169-28 Hillside Ave
Jamaica, NY 11432

Bangladeshi Food

www.dhanshiribangla.com



M & N HOME CARE

Best pay rate in the industry

CDPAP
PCA
HHA

\$ 23.99



SNAP BENIFITS



HOUSING Assistance



CASH Assistance

Upto \$ 21.282.68

Phone : 866-688-6922
Cell : 646-280-5001



Parkchester + Medical

PARKCHESTER MEDICAL

পার্কচেস্টার মেডিক্যাল

WE WELCOME WALK INS



1211 WHITE PLAINS ROAD, BRONX, NY 10472
TEL: 718-828-6610

INTERNAL MEDICINE

**ASTHMA
DIABETES
CENTER**

CARDIOLOGY

**PHYSICAL
THERAPY**

UROLOGY

GYNECOLOGY

PODIATRY

**GASTRO-
ENTEROLOGY**

**ORTHO-
PEDICS**

**HEALTH CARE
FOR THE
ENTIRE FAMILY**

WE ARE OPEN:

MONDAY & THURSDAY 8:30AM-8:00PM	TUESDAY, WEDNESDAY & FRIDAY 8:30AM-6:00PM	SATURDAY 9:00AM-3:00PM
------------------------------------	---	---------------------------

**WE ACCEPT ALL
MEDICAID / MEDICARE
MOST INSURANCES
ACCEPTED INCLUDING
WORKERS COMP.
NO-FAULT, SLIP AND FALL.**



আমরা বাংলায় কথা বলি

মেডিক্যাল সময়সূচি:

সোমবার এবং বৃহস্পতিবার সকাল ৮:৩০ মিঃ থেকে সন্ধ্যা ৮:০০টা	মঙ্গলবার, বুধবার এবং শুক্রবার সকাল ৮:৩০ মিঃ থেকে সন্ধ্যা ৬:০০টা	শনিবার সকাল ৯:০০ মিঃ থেকে দুপুর ৩:০০টা
---	--	---

তাৎক্ষনিক চিকিৎসা সেবায় স্বাগতম!

আমরা সকল প্রকার মেডিকেইড ও মেডিকেয়ার সহ অধিকাংশ ইন্সুরেন্স গ্রহণ করি।
সাথে আরো আছে: • কর্মস্থলের ক্ষতিপূরণ
• নির্দোষ প্রমাণের ব্যবস্থা • পিছলে পড়ে যাওয়া

শারীরিক অভ্যন্তরীণ সমস্যা
শ্বাসকষ্ট, ডায়াবেটিস চিকিৎসা
হৃদরোগ
শারীরিক ব্যায়াম বা থেরাপি
মূত্র সংক্রান্ত চিকিৎসা
নারী স্বাস্থ্য চিকিৎসা কেন্দ্র
পায়ের চিকিৎসা
পরিপাকতন্ত্রীয় চিকিৎসা
হাড়ের চিকিৎসা
সম্পূর্ণ পরিবারের স্বাস্থ্যসেবা কেন্দ্র



ABRAMS LAW GROUP আব্রামস আইন গ্রুপ



INJURED? WE CAN HELP!!

FREE
Accident
Consultation



WE ALSO HANDLE

- ✓ CAR ACCIDENTS | গাড়ি দুর্ঘটনা
- ✓ TRUCK ACCIDENTS | ট্রাক দুর্ঘটনা
- ✓ TRIP AND FALL | ট্রিপ এবং পতন
- ✓ UBER/LYFT ACCIDENT | UBER/LYFT দুর্ঘটনা
- ✓ DEPORTATIONS | নির্বাসন
- ✓ ADJUSTMENT OF STATUS | স্থিতির সামঞ্জস্য
- ✓ ASYLUM APPLICATIONS | আশ্রয়ের আবেদনপত্র
- ✓ VAWA PETITIONS | তাদের পিটিশন আছে
- ✓ FIANCE VISA PETITIONS | বাগদত্তা ভিসা পিটিশন
- ✓ FAMILY PETITIONS | পারিবারিক পিটিশন
- ✓ EB1/E82 PETITIONS | EB1/E82 পিটিশন
- ✓ UNCONTESTED DIVORCE | অপ্রতিদ্বন্দ্বী বিবাহবিচ্ছেদ

Have you or a loved one been injured by a carelessly driven vehicle or 18-wheeler or by another's irresponsible conduct?

Let us protect your rights and recover the full amount due from the insurance companies and responsible parties.

ATTORNEY AT LAW

MELANIE ABRAMS, ESQ.

RECOVERED MILLIONS FOR OUR CLIENTS.

GET HELP TODAY!
718-997-9797

104-70 QUEENS BOULEVARD, SUITE 502
FOREST HILLS, NY 11375

[abramslawgroupny.com](https://www.abramslawgroupny.com)

<https://g.co/kgs/iC36XA>

[abramslawgrouppe](#)

[abramslawgrouppe](#)

প্রয়োজনে এটর্নী হাসপাতাল বা বাসায় আসবেন



পর্যটনকেন্দ্রগুলোয় চলছে পর্যটক খরা

বাইডেন-নেতানিয়াহু বৈঠক গাজায় যুদ্ধবিরতি নিয়ে আলোচনা

উত্তর আমেরিকা ডেস্ক

ফিলিস্তিন ইস্যুতে বৈঠক করেছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ও ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিামিন নেতানিয়াহু। বৃহস্পতিবার হওয়া বৈঠকে গাজায় অবিলম্বে যুদ্ধবিরতির ব্যাপারে আলোচনা হয়েছে বলে হোয়াইট হাউসের এক বিবৃতিতে জানানো হয়েছে।

বিবিসি জানায়, মার্কিন কংগ্রেসে নেতানিয়াহুর ভাষণ দেওয়ার একদিন পর এই বৈঠক অনুষ্ঠিত হলো। বৈঠক চলাকালে হোয়াইট হাউসের বাইরে ফিলিস্তিনের সমর্থনে হাজার হাজার মানুষ বিক্ষোভ করে।

বৈঠকের শুরুতে বাইডেন নেতানিয়াহুকে স্বাগত জানিয়ে বলেন, ‘আপনাকে আবার স্বাগত মিস্টার প্রধানমন্ত্রী, আমাদের আলাপ করার অনেক কিছু রয়েছে। আমাদের এখনই শুরু করে দেওয়া উচিত।’

এর জবাবে নেতানিয়াহু বলেন, ‘একজন গর্বিত ইহুদি জাওনিষ্টের পক্ষ থেকে একজন গর্বিত আইরিশ আমেরিকান জাওনিষ্ট হিসেবে আমি আপনাকে ৫০ বছরের রাষ্ট্রীয় সেবা এবং ৫০ বছর ইসরায়েল রাষ্ট্রকে সমর্থন করার জন্য ধন্যবাদ জানাতে চাই। আমি আজকে আলোচনা করতে এবং আগামী মাসগুলোতে গুরুত্বপূর্ণ ইস্যু নিয়ে আপনার

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ৪

খলিল'স ফুড
Khalil's Food
Khalil Biryani House ☎ 718.409.4840
Khalil Halal Chinese ☎ 464.763.5073
Khalil Pizza & Grill ☎ 718.377.9997
Khalil Supermarket ☎ 718.821.9993
3457 Unionport Rd, Bronx, NY 10462

Home & Habitat Realty Corp.
নিউইয়র্কে বাকী জন
বিক্রয়ের বিশ্বস্ত প্রতিষ্ঠান
516-460-8260
Mohammed Islam
Branch Manager
646-724-6417
71-20 35th Ave, Jackson Heights, NY 11372

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন
TOLL FREE 1-866-MOIN-LAW
Cell: 917-282-9256
To Schedule Appointment Only.

- গাজী এক্সিডেন্ট
- বিল্ডিং এ দুর্ঘটনা
- ট্রিপ এন্ড ফল
- বিকলাঙ্গ শিশুর জন্য
- কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- লেড পয়জনিং

IMMIGRATION
Law offices of Timothy Bompert 37-11 74 St, Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan & Long Island Office By Appointment Only
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC. Timothy Bompert is admitted in NY only

বিদেশনীতি শেখাতে আসবেন না, কেন্দ্রীয় সরকারকে মমতা

ঢাকা ডেস্ক

বাংলাদেশের সাম্প্রতিক ঘটনার প্রেক্ষিতে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের মন্তব্যকে ঘিরে ক্রমশ ‘বিতর্ক’ দানা বাধছে। মমতা বন্দ্যোপাধ্যায় সরকারের আপত্তির পরে ভারতের কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কড়া বার্তার মুখে পড়েন তিনি। এরপরই পাল্টা জবাব দিলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী।

ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল জানান, মমতাকে

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ৫

কমিউনিটি অপ এডে মেয়র অনিরাপদ ব্যাটারির ব্যবহারে সতর্ক হতে হবে

এইচ বি রিভা

অনিরাপদ লিথিয়াম-আয়ন ব্যাটারিগুলি শহরের জন্য বিপদজনক বলে জানিয়েছেন, সিটি মেয়র এরিক

অ্যাডামস। জুলাই, ২২ কমিউনিটি অপ:এড-এ অ্যাডামস বলেন, ‘আমরা FDNY এবং কমিশনার লরা কাভানাঘের সহযোগিতায় উচ্চ-ঝুঁকিপূর্ণ চার্জিং “হট স্পট” এর বিরুদ্ধে এনফোর্সমেন্ট বাড়িয়েছি এবং আনসারটিফাইড ই-বাহন এবং পুনর্গঠিত ব্যাটারি বিক্রি নিষিদ্ধ করেছি। এ যাত্রায় গভর্নর হোকুল একটি দুর্দান্ত সহযোগী ছিলেন, নিউ ইয়র্কবাসীদের বিপজ্জনক

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ৫

অবিশ্বাস্য সেল!
718-721-2012
আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়
ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া
দেশে যাওয়ার পথে ওয়াশিংটন স্টেশন
25-78-31ST, ASTORIA, NY 11102
Subway: 30 Avenue Station
Nazrul Islam
President & CEO

M MOTIN
An Icon of Growth & Development
Sweets & Masala

বাংলাদেশের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
(BANGLA TRAVELS)
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল 917-396-4140, 917-592-7828
5৫৪৯+
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

হোম কেয়ার
Hondgrat Elder Home Care LLC
Immigrant Elder Home Care LLC
বিস্তারিত দেখুন ১৮ পৃষ্ঠায়

**শত বছর পর প্যারিসে
আবার অলিম্পিক**

প্যারিস অলিম্পিকের উদ্বোধনী অনুষ্ঠানের আগে আইফেল টাওয়ারের সামনে সেলফি তুলছেন একদল তরুণী।

উপল বড়ুয়া

অলিম্পিকের চেয়ে পুরোনো, বৈশ্বিক ও বৈচিত্র্যপূর্ণ ক্রীড়াযজ্ঞ আর কী আছে? বিশ্বের প্রতিটি প্রান্তের কয়েক সহস্রাধিক অ্যাথলেট, হরেক রকমের খেলা—এ আর কোথায় দেখা যাবে! এমনিই তো আর অলিম্পিককে ‘দ্য গ্রেটেস্ট শো অন আর্থ’ বলা হয় না; যেখানে পদক জেতার চেয়ে অংশগ্রহণই বিশাল কিছু। জীবনভর বলে যাওয়ার মতো গল্প পেয়ে যাওয়া। আধুনিক অলিম্পিকের প্রতিষ্ঠাতা পিয়ের দে কুবার্তিন কথাটা বলেছিলেন এভাবে, ‘পদকের চেয়েও অলিম্পিক গেমসে গুরুত্বপূর্ণ হলো অংশগ্রহণ।’

মানুষ ইতিহাসের অংশ হতে চায়। অলিম্পিকে অংশ নেওয়ায় যেন ইতিহাসের পাতায় চুকে পড়া। ঐতিহাসিক ক্রীড়াযজ্ঞ আনুষ্ঠানিকভাবে শুরু আজ রাত থেকে। অবশ্য দুই দিন আগেই শুরু হয়েছে ফুটবল, রাগবি, হ্যান্ডবল, আর্চারির প্রাথমিক লড়াই। প্যারিস অলিম্পিক ঘিরে রংবেরংয়ে সাজানো হয়েছে ফ্রান্সের বিখ্যাত আইফেল টাওয়ার। ১০ হাজারের বেশি অ্যাথলেটের পদচারণে মুগ্ধরিত এখন ৪০০ কোটি ইউরোর বেশি ব্যয়ে

নির্মিত অলিম্পিক ভিলেজ পৌঁত-ডেনিস; যেন পুরো পৃথিবীর মানুষ মিলে একটি গ্রামে বাস করতে এসেছেন প্যারিসের শহরতলিতে। ১১ আগস্ট পর্যন্ত সেখানেই জীবন কাটবে অ্যাথলেটদের। এরপর ১৭ দিনের বিশাল এ রঙিন মেলার স্মৃতি নিয়ে ফিরে যাবেন দেশে।

আইফেল টাওয়ার থেকে ঠিকরে পড়া আলোয় সিন নদীর তীরে মঞ্চ মাতাবেন সেলিন ডিওন ও লেডি গাগার মতো বিশ্বখ্যাত সংগীত তারকারা। অলিম্পিক টর্চ বহন করবেন র‍্যাপার ম্পু ডগ। তবে যজ্ঞ শুরুর আগেই শুরু হয়ে গেছে প্যারিস অলিম্পিক নিয়ে বিতর্ক। পরশু রাতে ফুটবলে মরক্কোর বিপক্ষে আর্জেন্টিনার বিতর্কিত হার, নিউজিল্যান্ড নারী ফুটবল দলের অনুশীলনে ড্রোন চালিয়ে কানাডার গুণ্চরবৃত্তি, অস্ট্রেলিয়ার ওয়াটার পোলো দলে কোভিড সংক্রমণ—সব মিলিয়ে প্যারিসকে দাঁড় করিয়ে দিয়েছে নতুন চ্যালেঞ্জের সামনে। অলিম্পিকের সঙ্গে জড়িয়ে পড়েছে ফ্রান্সের রাজনীতিও। প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রো পরশু জানিয়েছেন, অলিম্পিক শেষ না হওয়া পর্যন্ত তিনি নতুন সরকারের

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ১

ম্যারিনল্যান্ডে বাড়ি ক্রয় বিক্রয়ে প্রকৌশলগত জ্ঞান কল করুন
RE/MAX
Hashan Chowdhury
Realtor
Mobile: 301-675-1822
Office: 301-918-1400
Fax: 301-918-0282
সেবা: 301-316-3132
অফিস: 301-316-3100
ফ্যাক্স: 301-316-0282
hashanchowdhury@gmail.com
12810 Waterlily Dr, #208
Germantown, MD 20854

কর্ণফুলী ট্যাক্স
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ | ENROLLED AGENT
ইমিগ্রেশন | নোটারি পাবলিক | IRS
PH: 718-205-6040
37-20 74th Street, 2Fl, Jackson Heights
Mohammad Iqbal, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Accounting Agent

HILLSIDE TAX & MULTISERVICES INC.
e-nile
Income Tax
Sales Tax
Corporate Tax
Partnership Tax
Business setup
Payroll (W2, 1099)
All immigration Services
Accounting & Bookkeeping
MD SHORIFUL ISLAM
President & CEO
165-19 HILLSIDE AVE, 2ND FL, JAMAICA NY 11432
Tel: +1 (347) 251-9921, Email: hillsideat21@gmail.com

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Accurate, Fast & Reliable Services
আমাদের সেরা সমস্যা:
• অফিসিয়াল টিকিট, ট্রাভেল ইত্যাদি
• অফিসিয়াল ও অন-অফিসিয়াল টিকিট
• অফিসিয়াল ও অন-অফিসিয়াল টিকিট
• অফিসিয়াল ও অন-অফিসিয়াল টিকিট
929-207-1516
2152B Westchester Ave,
Bronx, NY 10462
আমরা ইমিগ্রেশন এবং ইমিগ্রেশনাল এর আবেদন করে থাকি
www.zakircpa.com | info@zakircpa.com

RAHMANIA TRAVEL SERVICES
TICKETS: DOMESTIC & INTERNATIONAL
কর্ম করতে বাংলাদেশের বিশ্বের যেকোন দেশে
ক্রমশে জনা আজই যোগাযোগ করুন
718-205-3270, 646-322-1654
WINTER SALE !!
37-15, 73rd Street, Bangladesh Plaza, Suite # 203, Jackson Heights, NY 11372